



# ময়মনসিংহ সিটি কর্পোরেশন বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন অর্থবছর (২০২৩-২০২৪)



নগর ভবন (মসিক)

## সূচিপত্র

### অধ্যায় ১ : প্রশাসক মহোদয়ের বার্তা

- ১.১ ময়মনসিংহ সিটি কর্পোরেশনের মাননীয় প্রশাসক মহোদয়ের শুভেচ্ছা
- ১.২ ২০২৩-২০২৪ অর্থবছরে আমাদের অর্জনসমূহ
- ১.৩ অর্থবছর ২০২৪-২০২৫ এবং পরবর্তী বছরের জন্য আমাদের প্রতিশ্রুতি

### অধ্যায় ২ : এক নজরে সিটি কর্পোরেশন

- ২.১ ঐতিহাসিক পটভূমি ও মূল বৈশিষ্ট্যসমূহ
- ২.২ ২০২৩-২০২৪ অর্থবছরে উল্লেখযোগ্য অর্জনসমূহ

### অধ্যায় ৩ : রূপকল্প (Vision) ও অভিলক্ষ্য (Mission)

- ৩.১ রূপকল্প (Vision)
- ৩.২ অভিলক্ষ্য (Mission)

### অধ্যায় ৪ : সাংগঠনিক কাঠামো এবং মানব সম্পদ

- ৪.১ বিভাগসমূহ ও জনবল
- ৪.২ প্রশাসক, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর এবং সাধারণ ওয়ার্ড কাউন্সিলরগণের নাম ও মোবাইল নম্বর :

### অধ্যায় ৫ : বাজেট ও অর্থ

- ৫.১ সংক্ষিপ্ত আর্থিক বিবরণী
- ৫.২ রাজস্ব আদায় :  
(একক : হাজার টাকা)

### অধ্যায় ৬ : অবকাঠামো উন্নয়ন

- ৬.১ প্রতিবেদনের এবং পূর্ববর্তী বছরের উন্নয়ন প্রকল্প এবং উল্লেখযোগ্য মেরামত সংক্রান্ত কাজ সমূহ
- ৬.২ ক্রমপুঞ্জীভূত উন্নয়ন-সম্পর্কিত অর্জন সমূহ

### অধ্যায় ৭ : অবকাঠামো-পরিচালনা এবং রক্ষণাবেক্ষণ সহ অন্যান্য সেবামূলক কার্যক্রমসমূহ

- ৭.১ সচিবের দপ্তর
- ৭.২ রাজস্ব বিভাগ
- ৭.৩ প্রকৌশল বিভাগ
- ৭.৪ বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৭.৫ স্বাস্থ্য বিভাগ
- ৭.৬ সমাজকল্যাণ, শিক্ষা ও সংস্কৃতি

**অধ্যায় ৮ : প্রশাসনিক উন্নতিকরণ**

- ৮.১ লক্ষিত কাজসমূহ, উদ্দেশ্য এবং ফলাফল
- ৮.২ সক্ষমতা উন্নয়ন (প্রশিক্ষণ)

**অধ্যায় ৯ : কর্পোরেশন এবং কমিটির সভা**

- ৯.১ সিটি কর্পোরেশনের সাধারণ সভা
- ৯.২ স্থায়ী কমিটির সভা

**অধ্যায় ১০ : নাগরিক সম্পৃক্তকরণ**

- ১০.১ ওয়ার্ড পর্যায়ে সমন্বয় কমিটির (ডব্লিউএলসিসি) সভা
- ১০.২ সিভিল সোসাইটি কো-অর্ডিনেশন কমিটি (সিএলসিসি) সভা
- ১০.৩ জনসভা/জনতার মুখোমুখি
- ১০.৪ জনসচেতনতা বৃদ্ধি এবং প্রচার কার্যক্রম
- ১০.৫ নাগরিক মতামত এবং অভিযোগ প্রতিকার

**ফটোগ্যালারিঃ**

**নোট :** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীন স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রদত্ত বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন প্রস্তুতকরণের নির্দেশিকার সঙ্গে সংযুক্ত একটি ফরমেট অনুসরণ করে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ৪৩ ধারা অনুযায়ী সিটি কর্পোরেশনের বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন প্রণয়নের উদ্দেশ্য হচ্ছে (১) সিটি কর্পোরেশনের নিজেদের ব্যবহারের জন্য প্রতিবছরের বাস্তবায়িত কার্যক্রম এবং অর্জনসমূহ নথিভুক্ত করা (২) নাগরিকদের সাথে তথ্য শেয়ার করা এবং (৩) সরকার এবং অন্যান্য স্টেকহোল্ডারদের কাছে প্রতিবেদন দাখিল করা।

শব্দসংক্ষেপন ও ব্যাখ্যা

নোট : প্রয়োজনীয় অন্যান্য শব্দসংক্ষেপন

	English	Bangla	
ADP	Annual Development Program	এডিপি	বার্ষিক উন্নয়ন কর্মসূচি
APA	Annual Performance Agreement	এপিএ	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি
BDT	Bangladesh Taka	বিডিটি	বাংলাদেশ টাকা
CC	City Corporation	সিসি	সিটি কর্পোরেশন
C4C	Project for Capacity Development of City Corporations (of LGD assisted by JICA)	সিফরসি	ক্যাপাসিটি ফর সিটিজ (ক্যাপাসিটি ডেভেলপমেন্ট অব সিটি)
CLCC	City Level Coordination Committee	সিএলসিসি	নগর সমন্বয় কমিটি
FY	Fiscal (Financial) Year	অব	অর্থবছর
GRO	Grievance Redress Officer	জিআরও	অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক)
JICA	Japan International Cooperation Agency	জাইকা	জাপান আন্তর্জাতিক সহযোগিতা সংস্থা
IDP	Infrastructure Development Plan	আইডিপি	অবকাঠামো উন্নয়ন পরিকল্পনা
WLCC	Ward Level Coordination Committee	ডব্লিউএলসিসি	ওয়ার্ড পর্যায়ে সমন্বয় কমিটি

**অধ্যায় ১ : প্রশাসকের বার্তা****১.১ ময়মনসিংহ সিটি কর্পোরেশনের মাননীয় প্রশাসক মহোদয়ের বার্তা**

ময়মনসিংহ সিটি কর্পোরেশনের ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন প্রকাশের এই উদ্যোগটি অত্যন্ত সমন্বিতপূর্ণ। প্রতিবেদনটি ২০২৩-২৪ অর্থবছরে সিটি কর্পোরেশনের পরিচালিত বিভিন্ন উল্লেখযোগ্য কর্মকাণ্ড ও অর্জনের একটি প্রামাণ্য দলিল হিসেবে কাজ করবে, যা নগরবাসীর জন্য স্বচ্ছতা ও জবাবদিহিতার প্রতিফলন ঘটাবে।

ময়মনসিংহ সিটি কর্পোরেশন সবসময় জনকল্যাণমুখী, টেকসই ও আধুনিক নগরী গঠনের লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এই লক্ষ্য অর্জনে সড়ক ও ড্রেনেজ অবকাঠামো উন্নয়ন, বর্জ্য ব্যবস্থাপনা, জনস্বাস্থ্য রক্ষায় কার্যকরী পদক্ষেপ গ্রহণসহ অন্যান্য বিভিন্ন সেবার উন্নয়ন উল্লেখযোগ্য। ২০২৩-২৪ অর্থবছরে ২৭.১৮ কিলোমিটার নগর সড়কে সড়কবাতি স্থাপন, ৩৫.০০ কিলোমিটার ড্রেন নির্মাণ এবং ৪২.৮৬৬ কিলোমিটার রাস্তা পুনঃনির্মাণের কাজ সম্পন্ন করা হয়েছে। এছাড়া, পানি সরবরাহ লাইনের স্থাপন, ফুটপাথ নির্মাণ এবং পরিবেশবান্ধব বর্জ্য ব্যবস্থাপনার বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

এছাড়া, ডেঙ্গু প্রতিরোধে মশক নিধন কার্যক্রম, নলকূপ স্থাপন, ইপিআই ক্যাম্পেইনে শতভাগ লক্ষ্যমাত্রা অর্জন এবং সামাজিক নিরাপত্তা বেটনী কর্মসূচির আওতায় ৩,৭০০ জন উপকারভোগীর জীবনমান উন্নয়নের কার্যক্রম পরিচালনা করা হয়েছে। নাগরিকদের অংশগ্রহণ নিশ্চিত করতে এবং সেবাকে আরো সহজতর করার লক্ষ্যে বিভিন্ন সভা, সেমিনার এবং কর্মশালা আয়োজন করা হয়েছে।

আমি বিশ্বাস করি, এই বার্ষিক প্রতিবেদন ময়মনসিংহ সিটি কর্পোরেশনকে নিয়ে সকল শ্রেণী-পেশার মানুষের তথ্য চাহিদা পূরণ করবে এবং প্রতিষ্ঠানের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত অবহিত করবে। আমি প্রতিবেদনটির সফল প্রকাশনা ও এর সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাই।

উম্মে সালমা তানজিয়া

প্রশাসক

ময়মনসিংহ সিটি কর্পোরেশন

ময়মনসিংহ।

## ১.২ ২০২৩-২০২৪ অর্থবছরে আমাদের অর্জনসমূহ :

ময়মনসিংহ সিটি কর্পোরেশন ২০২৩-২০২৪ অর্থবছরে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে, যা নগর উন্নয়নে এবং নাগরিকসেবায় নতুন দিগন্ত উন্মোচন করেছে। নগর অবকাঠামো, বর্জ্য ব্যবস্থাপনা, জনস্বাস্থ্য, সমাজকল্যাণ, পরিবেশ সংরক্ষণ, প্রশাসনিক কার্যক্রম, এবং নাগরিক সম্পৃক্তকরণে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করা হয়েছে।

### অবকাঠামো উন্নয়ন

২০২৩-২০২৪ অর্থবছরে ময়মনসিংহ সিটি কর্পোরেশন নগর উন্নয়নে একাধিক গুরুত্বপূর্ণ কার্যক্রম হাতে নিয়েছে। প্রায় ২৭.১৮ কি.মি. সড়কে সড়কবাতি স্থাপন করা হয়েছে, যা নগরীর নিরাপত্তা বৃদ্ধিতে ভূমিকা রাখছে। এছাড়া, পানি সরবরাহ ব্যবস্থার উন্নয়নে ৭২.৭২৬ কি.মি. লাইন স্থাপন করা হয়েছে এবং ৩৫.০০ কি.মি. ড্রেন নির্মাণ/পুনঃনির্মাণ করে জলাবদ্ধতা প্রতিরোধ ও পানি নিষ্কাশন কার্যক্রম শক্তিশালী করা হয়েছে। নগরীর ৪২.৮৬৬ কি.মি. রাস্তা এবং ৫.৬২ কি.মি. ফুটপাথ পুনঃনির্মাণ করা হয়েছে, যা যান চলাচল ও পথচারীদের জন্য সুবিধাজনক পরিবেশ সৃষ্টি করেছে।

### বর্জ্য ব্যবস্থাপনা

বর্জ্য ব্যবস্থাপনায় সিটি কর্পোরেশন উল্লেখযোগ্য অগ্রগতি সাধন করেছে। নৈশকালীন বর্জ্য ব্যবস্থাপনার পাশাপাশি বাসা-বাড়ীর বর্জ্য সংগ্রহের জন্য স্থানীয় সংস্থা ‘ক্লিন সিটি ময়মনসিংহ’-এর মাধ্যমে কার্যক্রম পরিচালিত হচ্ছে। বৃহৎ পরিসরে মেডিক্যাল বর্জ্য ব্যবস্থাপনার জন্য প্রিজম বাংলাদেশ ফাউন্ডেশন এর সহযোগিতায় পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এছাড়া সিসি ক্যামেরা ব্যবহারের মাধ্যমে শহরের বিভিন্ন স্থানে ময়লা ফেলার বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা চলছে। ডেঙ্গু প্রতিরোধে প্রতিটি ওয়ার্ডে মশার আবাসস্থল চিহ্নিত করে নির্মূল কার্যক্রম চলছে।

### জনস্বাস্থ্য ও সংক্রামক রোগ নিয়ন্ত্রণ

ডেঙ্গু প্রতিরোধে মশক নিধন কার্যক্রম চালানোর পাশাপাশি ৪২টি নলকূপ স্থাপন করা হয়েছে। বিভিন্ন জনস্বাস্থ্য কর্মসূচি যেমন ইপিআই, কুমি নিয়ন্ত্রণ এবং ভিটামিন-এ প্ল্যাস ক্যাম্পেইনে শতভাগ লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।

### সমাজকল্যাণ, শিক্ষা, ও ক্রীড়া

৩,৭০০ জন উপকারভোগীর জীবনমান উন্নয়নে সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি সফলভাবে পরিচালিত হয়েছে। এছাড়া, দক্ষতা উন্নয়ন ও কারিগরি প্রশিক্ষণ কার্যক্রমের মাধ্যমে প্রাতিষ্ঠানিক শিক্ষার প্রসার ঘটানো হয়েছে। শিশু পার্ক ও উদ্যানের উন্নয়নে ২৫,০০০টি বৃক্ষ রোপণ করা হয়েছে, যা নগরীর সবুজায়ন ও পরিবেশ সংরক্ষণে ইতিবাচক প্রভাব ফেলছে।

### প্রশাসনিক উন্নয়ন ও নাগরিক সম্পৃক্তকরণ

প্রশাসনিক কার্যক্রম ডিজিটাইজেশনের মাধ্যমে আরও গতিশীল হয়েছে। ডি-নথি ব্যবস্থাপনা ও বিভিন্ন সেবা ডিজিটাল প্ল্যাটফর্মে আনা হয়েছে। নগরীর নাগরিকদের সাথে সক্রিয় যোগাযোগ বজায় রাখতে বিভিন্ন ওয়ার্ডভিত্তিক কার্যক্রম ও সভা পরিচালিত হচ্ছে।

**অন্যান্য অর্জন**

হোল্ডিং ট্যাক্স, ট্রেড লাইসেন্স, জন্ম ও মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করা হয়েছে। সিটি কর্পোরেশন ২০২৩-২০২৪ অর্থবছরে ১৩৭,০৬২টি হোল্ডিং ট্যাক্স, ১২,৫১০টি ট্রেড লাইসেন্স, ৯,২৫২টি জন্ম নিবন্ধন সনদ এবং ২৩,৩২৪টি মৃত্যু নিবন্ধন সনদ প্রদান করেছে।

ময়মনসিংহ সিটি কর্পোরেশনের ২০২৩-২০২৪ অর্থবছরে নগরীর অবকাঠামোগত উন্নয়ন, নাগরিকসেবা, এবং বর্জ্য ব্যবস্থাপনা আরও দক্ষভাবে পরিচালনা ও নগরবাসীর জীবনমান উন্নয়নে অব্যাহতভাবে ভূমিকা রাখবে।

**১.৩ অর্থবছর ২০২৩-২০২৪ এবং পরবর্তী বছরের জন্য আমাদের প্রতিশ্রুতি**

ময়মনসিংহ সিটি কর্পোরেশন তার বিগত বছরের সাফল্যগুলোকে সামনে রেখে আগামী অর্থবছর এবং তার পরবর্তী সময়ে শহরের উন্নয়ন ও সেবামূলক কার্যক্রমকে আরও গতিশীল এবং টেকসই করার লক্ষ্যে দৃঢ় প্রতিশ্রুতি ব্যক্ত করছে। আমাদের প্রধান লক্ষ্য থাকবে একটি আধুনিক, জনকল্যাণমুখী, পরিবেশবান্ধব এবং প্রযুক্তিনির্ভর নগরী হিসেবে ময়মনসিংহকে গড়ে তোলা। এ লক্ষ্যে নিম্নলিখিত প্রতিশ্রুতিসমূহ প্রদান করা হচ্ছে:

**১. অবকাঠামো উন্নয়ন:**

আগামী অর্থবছরে নগরীর সড়ক, ফুটপাথ, এবং ডেনেজ ব্যবস্থার উন্নয়নকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া হবে। নতুন সড়ক নির্মাণ ও পুরোনো সড়কের পুনঃনির্মাণ এবং আরও উন্নত ফুটপাথ স্থাপনের মাধ্যমে নাগরিকদের জন্য নিরাপদ ও স্বাচ্ছন্দ্যপূর্ণ চলাচলের ব্যবস্থা নিশ্চিত করা হবে। পানি সরবরাহ ও বর্জ্য ব্যবস্থাপনার ক্ষেত্রে আরও উন্নত ও সমন্বিত ব্যবস্থা গ্রহণ করা হবে।

**২. পরিবেশ সংরক্ষণ:**

নগরীর বায়ুদূষণ ও জলাবদ্ধতা রোধে কার্যকর উদ্যোগ গ্রহণ করা হবে। বৃক্ষরোপণ কার্যক্রমের মাধ্যমে পরিবেশগত ভারসাম্য রক্ষার পাশাপাশি, শুষ্ক মৌসুমে নিয়মিত ধুলাবালি নিয়ন্ত্রণে পানি ছিটানোর কার্যক্রম অব্যাহত রাখা হবে। জলবায়ু পরিবর্তন মোকাবিলায় টেকসই পদক্ষেপ গ্রহণ করা হবে।

**৩. বর্জ্য ব্যবস্থাপনা:**

অবৈধভাবে দখলকৃত ডেন ও খাল উদ্ধার এবং বর্জ্য ব্যবস্থাপনায় আধুনিক প্রযুক্তির প্রয়োগের মাধ্যমে নগরীর পরিচ্ছন্নতা নিশ্চিত করা হবে। মেডিক্যাল বর্জ্য ব্যবস্থাপনার ক্ষেত্রে আরও উন্নত পদক্ষেপ গ্রহণ এবং ক্লিন সিটি উদ্যোগকে আরও সম্প্রসারণ করা হবে।

**৪. ডিজিটাল সেবা সম্প্রসারণ:**

নাগরিক সেবাকে আরও সহজলভ্য ও স্বচ্ছ করতে সিটি কর্পোরেশনের সেবাসমূহের ডিজিটালাইজেশন অব্যাহত থাকবে। প্রশাসনিক বিকেন্দ্রীকরণ এবং 'ওয়ানস্টপ সার্ভিস' ব্যবস্থার মাধ্যমে নাগরিকদের আরও দ্রুত ও উন্নত সেবা প্রদান করা হবে।

**৫. সামাজিক সুরক্ষা এবং স্বাস্থ্য সেবা:**

সামাজিক নিরাপত্তা বেষ্টনী কার্যক্রম সম্প্রসারণ এবং শিশু ও নারীদের জন্য বিশেষ সুবিধা প্রদান অব্যাহত রাখা হবে। ডেঙ্গু প্রতিরোধ কার্যক্রম আরও জোরদার করার পাশাপাশি, জনস্বাস্থ্য সুরক্ষায় স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির পদক্ষেপ নেওয়া হবে। মশক নিধন কার্যক্রম এবং নলকূপ স্থাপন সহ জনস্বাস্থ্য উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি পরিচালিত হবে।

**৬. শিক্ষা, ক্রীড়া ও সংস্কৃতি উন্নয়ন:**

শিশু ও কিশোরদের জন্য শিক্ষা ও ক্রীড়া কার্যক্রমের প্রসার, প্রশিক্ষণ কার্যক্রম এবং সামাজিক সংস্কৃতির বিকাশে নতুন উদ্যোগ গ্রহণ করা হবে। শিশু পার্ক, উদ্যান এবং বনায়ন কার্যক্রমে আরও মনোযোগ দেওয়া হবে।

**৭. নাগরিক সম্পৃক্তকরণ:**

নাগরিকদের মতামত ও সম্পৃক্ততাকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে ওয়ার্ডভিত্তিক সভা, সেমিনার এবং অ্যাপসের মাধ্যমে যোগাযোগের উন্নয়ন করা হবে। নাগরিক সম্পৃক্ততায় কার্যকর উদ্যোগ নেওয়া হবে, যাতে শহরের উন্নয়নে তারা সক্রিয় ভূমিকা রাখতে পারেন।

**৮. স্বচ্ছতা ও জবাবদিহিতা:**

নগরীর প্রশাসনিক কার্যক্রমে আরও স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা হবে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মাধ্যমে প্রাতিষ্ঠানিক সক্ষমতা, গতিশীলতা, এবং কার্যকর ব্যবস্থাপনা বজায় রাখা হবে।

ময়মনসিংহ সিটি কর্পোরেশন এ প্রতিশ্রুতিগুলো বাস্তবায়নের মাধ্যমে একটি আধুনিক, উন্নত ও টেকসই নগরী গড়ে তুলতে সর্বদা বদ্ধপরিকর।

**অধ্যায় ২ : এক নজরে সিটি কর্পোরেশন****এক নজরে ময়মনসিংহ সিটি কর্পোরেশন**

১	বিভাগের নাম	ময়মনসিংহ
২	সিটি কর্পোরেশন এর নাম	ময়মনসিংহ সিটি কর্পোরেশন
৩	প্রতিষ্ঠাকাল	১৪ অক্টোবর ২০১৮ খ্রিঃ
৪	সিটি কর্পোরেশনের প্রথম নির্বাচিত মেয়র	মোঃ ইকরামুল হক টিটু
৫	বিলুপ্ত পৌরসভা স্থাপনের তারিখ	৮ই এপ্রিল ১৮৬৯
৬	পৌরসভার প্রথম চেয়ারম্যান	মি. আরপর্চা
৭	আয়তন	৯১.৩১৫ বর্গকি.মি.
৮	সীমানা	উত্তরে-খাগডহর, দক্ষিণে- সুতিয়াখালী, পূর্বে-চরঈশ্বরদিয়া, পশ্চিমে- দাপুনিয়া ইউনিয়ন অবস্থিত।
৯	জনসংখ্যা	৮ লক্ষ ৫০ হাজার প্রায়
১০	ভোটার সংখ্যা	৩ লক্ষ ৩৬ হাজার ৪৯৬ জন।
১১	ওয়ার্ড সংখ্যা	৩৩টি
১২	হোল্ডিং সংখ্যা	৭৬০০০ প্রায় (সরকারী: বে-সরকারী)সিটি
১৩	সিটি কর্পোরেশনের বিভাগ সংখ্যা	১১ টি
১৪	সিটি কর্পোরেশনের অঞ্চল	৩টি
১৫	নগর মাতৃসদন	১টি
১৬	প্রাথমিক স্বাস্থ্য সেবা কেন্দ্র	৩টি



## ২.১ ঐতিহাসিক পটভূমি ও মূল বৈশিষ্ট্যসমূহ

ময়মনসিংহ সিটি কর্পোরেশন (মসিক) বাংলাদেশের একটি নতুন সিটি কর্পোরেশন হলেও এর ভিত্তি ময়মনসিংহ পৌরসভার ঐতিহ্যবাহী ইতিহাসের উপর নির্মিত। এটি দেশের ১২তম সিটি কর্পোরেশন হিসেবে ঘোষণা করা হয় ২০১৮ সালের ২ এপ্রিল, এবং স্থানীয় সরকার মন্ত্রণালয়ের প্রজ্ঞাপনের মাধ্যমে ২০১৮ সালের ১৪ অক্টোবর আনুষ্ঠানিকভাবে এর কার্যক্রম শুরু হয়। ময়মনসিংহ পৌরসভার সাথে পাশ্বেবর্তী অঞ্চল সমূহ সংযুক্ত করে গঠিত হয় এই সিটি কর্পোরেশন। ময়মনসিংহ সিটি কর্পোরেশনের মোট আয়তন ৯১.৩১৫ বর্গ কিলোমিটার এবং এর জনসংখ্যা ৮ লক্ষাধিক। সিটি কর্পোরেশনটির সদর উপজেলার কিছু অংশ এবং ব্রহ্মপুত্র নদের পূর্ব ও পশ্চিম তীর কেন্দ্র করে এর এলাকা নির্ধারণ করা হয়েছে।

### ময়মনসিংহ পৌরসভার ইতিহাস

ময়মনসিংহ সিটি কর্পোরেশনের ইতিহাস শুরু হয় ১৮৬৯ সালে, যখন ময়মনসিংহ পৌরসভা (তৎকালীন নাসিরাবাদ পৌরসভা) স্থাপিত হয়। এটি বাংলাদেশে প্রতিষ্ঠিত প্রথম পৌরসভাগুলোর মধ্যে অন্যতম এবং ভারত উপমহাদেশের দ্বিতীয় প্রাচীন পৌরসভা। ১৮৬৯ সালের ১ এপ্রিল নাসিরাবাদ টাউন কমিটি নামে প্রতিষ্ঠিত হয়, যার আয়তন ছিল ২.১৫ বর্গ কিলোমিটার। পরবর্তীতে ১৯০৫ সালে এর নাম পরিবর্তন করে রাখা হয় ময়মনসিংহ মিউনিসিপালিটি।

ময়মনসিংহ পৌরসভার প্রাথমিক কালে, এর উন্নয়ন ও প্রশাসনিক কার্যক্রম জেলা ম্যাজিস্ট্রেটের অধীনে পরিচালিত হতো। প্রথম অফিসিয়াল চেয়ারম্যান ছিলেন মি. আরপাচী, এবং ১৯৮৬ সালে প্রথম নন-অফিসিয়াল চেয়ারম্যান হিসেবে দায়িত্ব নেন চন্দ্রকান্ত ঘোষ। এছাড়াও উল্লেখযোগ্য যে, ১৯৪৮ সালে প্রথম মুসলিম চেয়ারম্যান পদে আসীন হন খান বাহাদুর গিয়াস উদ্দিন পাঠান।

১৮৮৪ সালে ময়মনসিংহ পৌরসভায় প্রথম কেরোসিন বাতি জ্বালানো হয়, যা শহরের আলোকিতকরণের প্রাথমিক উদ্যোগ ছিল। পরে ১৯৩৫ সালে জমিদার মহারাজ শশীকান্ত আচার্য চৌধুরী নিজস্ব উদ্যোগে ডিসি পাওয়ার হাউস চালু করেন, যা আজও "বাতির কল" নামে পরিচিত।

ময়মনসিংহ পৌরসভার ঐতিহাসিক উদ্যোগগুলোর মধ্যে অন্যতম প্রধান একটি উদ্যোগ হলো ১৮৯১ সালে মহারাজ সূর্যকান্ত আচার্য চৌধুরীর উদ্যোগে জলকল স্থাপন। তাঁর স্ত্রীর নামে "রাজ রাজেশ্বরী ওয়াটার ওয়ার্কস" নামে এটি পরিচিত হয়। পরে ১৮৯৩ সালে ময়মনসিংহ পৌরসভা এই জলকল ব্যবস্থার দায়িত্ব গ্রহণ করে।

### ময়মনসিংহ সিটি কর্পোরেশনের গঠন ও প্রশাসনিক কাঠামো

ময়মনসিংহ সিটি কর্পোরেশন গঠনের মূল লক্ষ্য ছিল শহরের উন্নয়ন ও পরিকল্পিত সম্প্রসারণ। ২০১৮ সালে এটি প্রতিষ্ঠিত হওয়ার পর প্রাথমিকভাবে ময়মনসিংহ পৌরসভার ২১টি ওয়ার্ডের সাথে আরও ১২টি নতুন ওয়ার্ড সংযোজন করা হয়। এই সিটি কর্পোরেশনের মোট ৩৩টি সাধারণ ওয়ার্ড রয়েছে। সামগ্রিক কার্যক্রম পরিচালনায় ওয়ার্ডসমূহকে মোট ৩ টি অঞ্চলে ভাগ করা হয়েছে। প্রতিটি আঞ্চলিক কার্যালয়ে একজন আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা দায়িত্ব পালন করেন।

**শহরের অবকাঠামো ও উন্নয়ন**

ময়মনসিংহ সিটি কর্পোরেশনের অবকাঠামোগত উন্নয়নে বিশেষ গুরুত্ব প্রদান করা হচ্ছে। পৌরসভার শুরুর দিকে যে ২৫ কি.মি. রাস্তা ছিল, তা এখন বেড়ে দাঁড়িয়েছে প্রায় ১১০০ কিলোমিটার। শহরের বিভিন্ন অংশে উন্নত রাস্তা নির্মাণ, পানি সরবরাহ ব্যবস্থার উন্নয়ন এবং বর্জ্য ব্যবস্থাপনার ক্ষেত্রে নতুন উদ্যোগ নেওয়া হয়েছে।

**ময়মনসিংহ সিটি কর্পোরেশনের ভবিষ্যৎ পরিকল্পনা**

ময়মনসিংহ সিটি কর্পোরেশনের ভবিষ্যৎ পরিকল্পনার মধ্যে রয়েছে আরও অবকাঠামোগত উন্নয়ন, আধুনিক নাগরিক সেবা প্রদান, এবং শহরের বাসিন্দাদের জীবনযাত্রার মান উন্নয়ন। এছাড়া, পরিবেশবান্ধব নগরায়ণের উদ্যোগের মাধ্যমে শহরের পরিবেশের সুরক্ষা ও টেকসই উন্নয়ন নিশ্চিত করা হচ্ছে।

পরিকল্পনা মোতাবেক, ময়মনসিংহ সিটি কর্পোরেশন এলাকা সম্প্রসারণ করা হবে এবং শহরের পরিবহন ব্যবস্থা উন্নত করার লক্ষ্যে নানা প্রকল্প গ্রহণ করা হবে। এছাড়া, শিক্ষা, স্বাস্থ্যসেবা, পানি সরবরাহ, এবং বর্জ্য ব্যবস্থাপনার ক্ষেত্রে আধুনিক প্রযুক্তির ব্যবহার বাড়ানোর পরিকল্পনা রয়েছে।

ময়মনসিংহ সিটি কর্পোরেশন তার ঐতিহাসিক পটভূমি এবং বর্তমান অবকাঠামোগত উন্নয়নের ভিত্তিতে একটি সুগঠিত এবং আধুনিক নগরী হিসেবে বিকশিত হচ্ছে।

**আঞ্চলিক/জাতীয় প্রেক্ষাপটে নগরের প্রাকৃতিক সম্পদ ও পরিবেশ:**

ময়মনসিংহ সিটি কর্পোরেশন ব্রহ্মপুত্র নদের তীরে অবস্থিত। নদীর চারপাশের উর্বর ভূমি কৃষিকাজের জন্য খুবই উপযোগী। সবুজে ঘেরা এ এলাকায় বিভিন্ন জীব বৈচিত্র রয়েছে।

**আঞ্চলিক/জাতীয় প্রেক্ষাপটে নগরের আর্থসামাজিক বৈশিষ্ট্য:**

ময়মনসিংহ সিটিতে বিভিন্ন সংস্কৃতি ও ধর্মের মানুষের সহাবস্থান রয়েছে। শিক্ষা, চিকিৎসায় ও নাগরিকসেবায় উন্নত ময়মনসিংহ নগরীতে পাশ্চাত্য অঞ্চল থেকে মানুষ এ শহরে তাদের আবাসস্থল তৈরি করছে এবং নানা প্রয়োজনে এ শহরে যাতায়াত করছে। এখানকার জনসংখ্যার মধ্যে মুসলিম, হিন্দু, এবং অন্যান্য ধর্মাবলম্বীরা রয়েছে।

ময়মনসিংহ সিটি কর্পোরেশন এলাকায় ২৯১ টি প্রান্তিক জনগোষ্ঠীর এলাকা রয়েছে। এ এলাকাগুলোকে নিম্নবিত্তের মানুষ বসবাস করে। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় এবং ময়মনসিংহ মেডিকেল কলেজ, আনন্দমোহন সরকারী কলেজ, সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান এ শহরের আর্থসামাজিক প্রেক্ষাপটকে সমৃদ্ধ করেছে।

**আঞ্চলিক/জাতীয় প্রেক্ষাপটে নগরের প্রধান শিল্প-বাণিজ্য:**

ময়মনসিংহ শহরে বিভিন্ন ধরনের ছোট ও মাঝারি শিল্প প্রতিষ্ঠান রয়েছে। এর মধ্যে খাদ্য প্রক্রিয়াকরণ, তাঁত বস্ত্র, এবং কাঠের আসবাবপত্র অন্যতম। তবে এ অঞ্চলের বাণিজ্যের মূল ভিত্তি কৃষি। বাণিজ্যের ক্ষেত্রে ময়মনসিংহ একটি গুরুত্বপূর্ণ হাব হিসেবে পরিচিত, বিশেষ করে কৃষিজাত পণ্য এবং মৎস্য ব্যবসার ক্ষেত্রে। ব্রহ্মপুত্র নদী দ্বারা সহজে পণ্য পরিবহন এবং রাজধানী শহর ঢাকার সাথে উন্নত যোগাযোগ ব্যবস্থা এ বাণিজ্যকে আরও সহজ করেছে।

## ২.২ ২০২২-২০২৩ অর্থবছরে উল্লেখযোগ্য অর্জনসমূহ

অবকাঠামো উন্নয়ন	<ul style="list-style-type: none"> <li>২৭.১৮ কি.মি. নগর এলাকায় সড়ক বাতি স্থাপন</li> <li>৭২.৭২৬ কি.মি. পানি সরবরাহ লাইন স্থাপন</li> <li>৩৫.০০ কি.মি. ড্রেন নির্মাণ/পুনঃনির্মাণ</li> <li>৪২.৮৬৬ কি.মি. রাস্তা নির্মাণ/পুনঃনির্মাণ</li> <li>৫.৬২ কি.মি. ফুটপাথ নির্মাণ/পুনঃনির্মাণ</li> </ul>
বর্জ্য ব্যবস্থাপনা	<p><b>২০২৩-২০২৪ অর্জন</b></p> <p>১) নৈশকালীন বর্জ্য ব্যবস্থাপনা কাজ চলমান।</p> <p>২) ক্রিন সিটি ময়মনসিংহ নামক একটি স্থানীয় সংস্থার মাধ্যমে ভ্যানগাড়ী দ্বারা বাসা-বাড়ীর বর্জ্য ব্যবস্থাপনা কাজ চলমান।</p> <p>৩) বৃহৎ পরিষরে মেডিক্যাল বর্জ্য ব্যবস্থাপনার লক্ষ্যে প্রিজম বাংলাদেশ ফাউন্ডেশন এর প্ল্যান নির্মাণ কার্য চলমান।</p> <p>৪) সিটি কর্পোরেশনের তত্ত্বাবধানে আলাদা ভ্যাকুয়াম গাড়ীর দ্বারা মানব বর্জ্য পরিশোধন কাজ চলমান।</p> <p>৫) শহরের গুরুত্বপূর্ণ স্থানে যত্রতত্র ময়লা ফেলায় সিসি ক্যামেরা দ্বারা পর্যবেক্ষণ করে মোবাইল কোর্ট পরিচালনা কাজ চলমান।</p> <p>৬) ডেঙ্গু রোগ নিয়ন্ত্রণ কার্যক্রমের লক্ষ্যে প্রতিটি ওয়ার্ডে এডিস মশার আবাসস্থলগুলো চিহ্নিত করে ঝোপ-জঙ্গল সহ আবাসস্থলগুলো নির্মূল করা কাজ চলমান।</p> <p>৭) শূক্ৰ মৌসুমে নিয়মিত শহরের রাস্তাগুলোতে ধুলো-বালি পরিস্কার করে গাড়ী দ্বারা প্রতিদিন সকালে পানি ছিটানো কাজ চলমান।</p> <p>৮) ওয়ার্ড ভিত্তিক ভাবে নিয়মিত ড্রেন, নর্দমা, খাল, পরিস্কার কাজ চলমান।</p> <p><b>২০২৩-২০২৪ পরিকল্পনা</b></p> <p>১) অবৈধ ভাবে দখলকৃত ড্রেন খাল উদ্ধার করা।</p> <p>২) হোটেল বর্জ্যগুলোকে আলাদা করে ব্যবস্থাপনা করা।</p> <p>৩) দোকান বর্জ্যগুলোকে আলাদা করে ব্যবস্থাপনা করা।</p> <p>৪) প্রিজম বাংলাদেশ ফাউন্ডেশন এর মাধ্যমে মেডিক্যাল বর্জ্য ব্যবস্থাপনা করা।</p>
জনস্বাস্থ্য (সংক্রামক রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণসহ)	<ul style="list-style-type: none"> <li>ডেঙ্গু প্রতিরোধে মশক নিধন কার্যক্রম পরিচালনা</li> <li>৪২টি নলকূপ স্থাপন</li> <li>ইপিআই, কৃমি নিয়ন্ত্রণ, ভিটামিন-এ প্লাস ক্যাম্পেইনে শতভাগ লক্ষ্যমাত্রা অর্জন</li> </ul>
সমাজকল্যাণ, শিক্ষা, ক্রীড়া ও সংস্কৃতি:	<ul style="list-style-type: none"> <li>৩,৭০০ জন সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির আওতাধীন উপকারভোগীর জীবনমান উন্নয়নে কার্যক্রম পরিচালনা করা হয়েছে।</li> </ul>
কারিগরি ও বৃত্তিমূলক প্রশিক্ষণ, দক্ষতা উন্নয়নসহ প্রাতিষ্ঠানিক শিক্ষা:	<ul style="list-style-type: none"> <li>বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা (সংখ্যা উল্লেখ নেই)</li> </ul>
শিশু পার্ক, পার্ক (উদ্যান) ও বনায়ন:	<ul style="list-style-type: none"> <li>২৫,০০০টি গাছ রোপণ</li> </ul>

প্রশাসনিক উন্নতিকরণ:	<ul style="list-style-type: none"> <li>ডি-নথি ব্যবস্থাপনায় অগ্রগতি, বিভিন্ন সেবার ডিজিটাইজেশন, প্রশাসনিক বিকেন্দ্রীকরণ ইত্যাদি উদ্যোগ নেওয়া হয়েছে।</li> </ul>
নাগরিক সম্পৃক্তকরণ:	<ul style="list-style-type: none"> <li>নাগরিক সম্পৃক্তকরণে সিটি কর্পোরেশনের বিভিন্ন ওয়ার্ডভিত্তিক কার্যক্রম পরিচালনার পাশাপাশি নাগরিকবৃন্দের সাথে বিভিন্ন সভা ও সেমিনার করা হয়েছে। এছাড়া নাগরিক যোগাযোগ বৃদ্ধিতে একটি এন্ডয়েড অ্যাপ তৈরির উদ্যোগ নেওয়া হয়েছে।</li> </ul>
অন্যান্য উদ্ভাবনীয়মূলক অর্জন	<ul style="list-style-type: none"> <li>বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রমের মনিটরিং এর জন্য নগরের গুরুত্বপূর্ণ স্থানগুলোয় সিসি টিভি ক্যামেরা স্থাপন</li> <li>নাগরিকদের অনলাইনে সেবা প্রদানের লক্ষ্যে ৩টি ডিজিটাল সেন্টার পরিচালনা করা হয়</li> <li>ইনোভেশন শোকেসিং এর আয়োজন করা হয়েছে।</li> </ul>

## অধ্যায় ৩ : রূপকল্প (Vision) ও অভিলক্ষ্য (Mission)

### ৩.১ রূপকল্প (Vision)

ভিশনঃ টেকসই ও যুগোপযোগী নাগরিক সুযোগ সুবিধা সম্বলিত পরিচ্ছন্ন-সবুজ-আধুনিক নগরী গড়ে তোলা।

### ৩.২ অভিলক্ষ্য (Mission)

মিশনঃ ১. সেবামূলক প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা।

২. প্রতিষ্ঠানকে কল্যাণধর্মী করে গড়ে তোলা।

৩. জনগণের অংশগ্রহণের মাধ্যমে ময়মনসিংহ সিটি কর্পোরেশনকে অংশগ্রহণমূলক প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা।

## অধ্যায় ৪ : সাংগঠনিক কাঠামো এবং মানব সম্পদ

## ৪.১ বিভাগসমূহ ও জনবল- ৩০ জুন ২০২৪ পর্যন্ত।

ক্রমিক	অনুমোদিত জনবল	কর্মরত	২০২৩-২০২৪ অর্থবছরে পুরনকৃত পদসংখ্যা	সৃষ্ট পদ	শূণ্য পদ	মন্তব্য
০১.	৬৩০	২১৬	-	৪১৭	৪১৪	

বিভাগ	কর্মকর্তা/কর্মীর সংখ্যা এবং চুক্তিভিত্তিক কর্মীর সংখ্যা					দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীর তথ্য
	প্রথম শ্রেণি	দ্বিতীয় শ্রেণি	তৃতীয় শ্রেণি	চতুর্থ শ্রেণি		
প্রধান নির্বাহী কর্মকর্তার অফিস	১	-	-	২		৬৫৫ প্রশাসনিক ও অন্যান্য কাজে সহযোগিতা + ৬৫৬ জন বর্জ্য ব্যবস্থাপনার পরিচ্ছন্নতা কর্মী
সচিবের অফিস	২	১	৮	১০		
রাজস্ব বিভাগ	১	২	২১	২		
হিসাব বিভাগ	৩	-	৩	১		
প্রকৌশল বিভাগ	৭	৩	৬৬	৩১		
স্বাস্থ্য বিভাগ	২	২	২০	-		
বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ	১	১	৩	-		
সমাজকল্যাণ বিভাগ	২	-	২	-		
সম্পত্তি বিভাগ	-	১	-	-		
ভান্ডার ও ক্রয় বিভাগ বিভাগ	১	-	২			
নগর পরিকল্পনা বিভাগ	১	-	-	-		
পরিবহন ও যান্ত্রিক বিভাগ	২	-	১৪	-		
আঞ্চলিক কার্যালয়	৩					
মোট	২৬	১০	১৩৯	৪৬		
সর্বমোট	২২১ জন					১৩১১ জন

## ৪.২ মাননীয় প্রশাসক, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর এবং সাধারণ ওয়ার্ড কাউন্সিলর

মাননীয় প্রশাসক, সংরক্ষিত আসনের কাউন্সিলর ও সাধারণ ওয়ার্ড কাউন্সিলরগণের নাম ও মোবাইল নম্বর :

ক্রমিক নং	নাম	ওয়ার্ড নং	মোবাইল নম্বর
০১	জনাব উম্মে সালমা তানজিয়া	প্রশাসক ময়মনসিংহ সিটি কর্পোরেশন	০১৩১৮৩২০৩৫০
০২	জনাব আসাদুজ্জামান বারু	০১	০১৭১১-৩০২৯৫২
০৩	জনাব মোঃ গোলাম রফিক দুদু	০২	০১৮১৬-৬৬২৯৮৯
০৪	জনাব মোঃ শরিফুল ইসলাম	০৩	০১৭১৬-৬০২৪২৩
০৫	জনাব মোঃ মাহবুবুর রহমান	০৪	০১৭১১-৪৫৬০৯৭
০৬	জনাব মোঃ নিয়াজ মোর্শেদ	০৫	০১৭১১-৯৩৯৮০৯
০৭	জনাব সৈয়দ শফিকুল ইসলাম মিন্টু	০৬	০১৭১১-৬৬২০১০
০৮	জনাব মোঃ আসিফ হোসেন ডন	০৭	০১৭১৪-১০৯৯০৪
০৯		০৮	
১০	জনাব মোঃ আল-মাসুদ	০৯	০১৭৯০-৮০৯২৭৭
১১	জনাব মোঃ তাজুল আলম	১০	০১৭১১-৬৬১৪৫৪
১২	জনাব মোঃ ফরহাদ আলম	১১	০১৭১১-৭৩০৯৬৭
১৩	জনাব মোঃ আনিসুর রহমান	১২	০১৭১১-৯১০১৪৬
১৪	জনাব মোঃ হানিফ সরকার স্বপন	১৩	০১৯৪৭-৬৪৮১৪৬
১৫	জনাব মোঃ ফজলুল হক	১৪	০১৮৩৮-৫৭১৫২৩
১৬	জনাব মোঃ মাহাবুবুল আলম হেলাল	১৫	০১৭১২-৮৪৬৮২৮
১৭	জনাব মোঃ আব্দুল মান্নান	১৬	০১৭১১-৭৮৬৪৬৯
১৮	জনাব মোঃ কামাল খান	১৭	০১৭২৪-৪৮৮০৩৩
১৯	জনাব হাবিবুর রহমান হবি	১৮	০১৭১৪-৫৫৫৩৩৯
২০	জনাব মোঃ আব্বাস আলী মন্ডল	১৯	০১৭১১-১৯৮৪৯১
২১	জনাব মোঃ সিরাজুল ইসলাম	২০	০১৭১১-০৭১৩৩৪
২২	জনাব মোঃ ইশতিয়াক হোসেন	২১	০১৭১৩-৫৭৮০৮৩
২৩	জনাব মোঃ মোস্তফা কামাল	২২	০১৭১৫-৭৬৪৬৭৫
২৪	জনাব সাকির ইউনুস	২৩	০১৯৭৬-৭৭৮৯৮৪
২৫	জনাব মোঃ আসলাম হোসেন	২৪	০১৭১১-৯৫৩৭০১
২৬	জনাব মোঃ উমর ফারুক	২৫	০১৭১১-৭৮১৮৯৮
২৭	জনাব মোঃ শফিকুল ইসলাম	২৬	০১৭১৫-০২৫৪৮৭
২৮	জনাব মোঃ শামছুল হক	২৭	০১৭১৬-০১৪৭৩২
২৯	জনাব কায়ছার জাহাঙ্গীর আকন্দ	২৮	০১৭১১-৪৪৬৩৪১
৩০	জনাব মোঃ রাশেদুজ্জামান	২৯	০১৭২৪-৪৮৯৬৮৯

৩১	জনাব আবুল বাশার	৩০	০১৭১৮-৮১৬৪৩৮
৩২	জনাব মোঃ সেলিম উদ্দিন	৩১	০১৭১৮-০১১৭২৫
৩৩	জনাব আবু বক্কর সিদ্দিক	৩২	০১৭১২-৭৯১৬৪৩
৩৪	জনাব মোঃ শাহজাহান	৩৩	০১৭১৩-৬০৯৭৭০
সংরক্ষিত (নারী) আসনের কাউন্সিলর			
৩৫	জনাব আকিকুন নাহার	১, ২, ৩ সংরক্ষিত আসন	০১৯৭২-৮২৬৭৮৩
৩৬	জনাব খোদেজা আক্তার	৪, ৫, ৬ সংরক্ষিত আসন	০১৭২৪-০৩১২৩৪
৩৭	জনাব হামিদা পারভীন	৭, ৮, ৯ সংরক্ষিত আসন	০১৯১৮-২৫১০৮৮
৩৮	জনাব রোকশানা শিরীন	১০, ১১, ১২ সংরক্ষিত আসন	০১৭১২-৫৫৭১৬৯
৩৯	জনাব রোকেয়া হোসেন	১৩, ১৪, ১৫ সংরক্ষিত আসন	০১৯১২-৬৩০৬৩১
৪০	জনাব মোছাঃ খালেদা বেগম	১৬, ১৭, ১৮ সংরক্ষিত আসন	০১৭৮৩-৯৪২০১৮
৪১	জনাব মোছাঃ হালিমা খাতুন হেপী	১৯, ২০, ২১ সংরক্ষিত আসন	০১৭৯০-৪০৬৪৭৩
৪২	জনাব মোছাঃ হাজেরা খাতুন	২২, ২৩, ২৪ সংরক্ষিত আসন	০১৮৯৩-২৮৮৭২৮
৪৩	জনাব মোছাঃ রিনা আক্তার	২৫, ২৬, ২৭ সংরক্ষিত আসন	০১৭২৪-৫৮০৪৭৩
৪৪	জনাব মোছাঃ হামিদা	২৮, ২৯, ৩০ সংরক্ষিত আসন	০১৯৬৫-০৭৯৬২৬
৪৫	জনাব মোছাঃ ফারজানা ববি কাকলী	৩১, ৩২, ৩৩ সংরক্ষিত আসন	০১৭১৩-৬২৪৮২৩

## অধ্যায় ৫ : বাজেট ও অর্থ

## ৫.১ সংক্ষিপ্ত আর্থিক বিবরণী

## (১) প্রাপ্তি/ আয়

(ইউনিট: লক্ষ টাকায়)

বিবরণ	অর্থবছর ২০২৩-২০২৪			
	প্রাক্কলিত বাজেট (ক)	প্রকৃত (আনুমানিক) (খ)	প্রকৃত প্রাপ্তির হার আনুমানিক (খ/ক×১০০)	প্রকৃত মোট প্রাপ্তি (আনুমানিক) অংশের শতকরা হার
রাজস্ব খাতে (আবর্তক) প্রাপ্তি <পানিসহ>	১১১১৮৯৪৫৯০	১১২২৫৩০২৩৩	১০১.০০%	১০১.০০%
উন্নয়ন খাতে প্রাপ্তি <পানিসহ>	৪৬০৯২৮৫৫৭৮	৪১৯৭২৯২৫৫২	৯১.১%	৯১.১%
মোট প্রাপ্তি	৫৭২১১৮০১৬৮	৫৩১৯৮২২৭৫২	৯৩%	৯৩%

বিবরণ	অর্থবছর ২০২২-২০২৩			
	প্রাক্কলিত বাজেট (খ)	প্রকৃত (আনুমানিক) (ক)	প্রকৃত প্রাপ্তির হার (আনুমানিক) (ক/খ×১০০)	প্রকৃত (আনুমানিক) অংশের শতকরা হার
রাজস্ব (পুনরাবৃত্ত) খাতে প্রাপ্তি <পানিসহ>	৮৫৩০৮	৭৭৭৮৮৪	৯১.১৮%	২০.৪৫%
উন্নয়ন খাতে প্রাপ্তি <পানিসহ>	৩১৩৩৮০৫	৩০২৫৬৮২	৯৬.৫৫%	৫৫%
মোট প্রাপ্তি	৩৯৮৬৮৮৭	৩৮০৩৫৬৬	৯৫.৪০%	১০০%

## (২) পরিশোধ/ ব্যয়

(ইউনিট: লক্ষ টাকায়)

খাত	অর্থবছর ২০২৩-২০২৪			
	প্রাক্কলিত বাজেট (ক)	প্রকৃত (আনুমানিক) (খ)	প্রকৃত পরিশোধ আনুমানিক এর হার (খ/ক×১০০)	প্রকৃত মোট প্রাপ্ত (আনুমানিক) অংশের শতকরা হার
রাজস্ব খাতে (আবর্তক) প্রাপ্তি <পানিসহ>	১১১১৮.৯৪	১১০৪৭.৫৫	১০১.০০%	১০১.০০%
উন্নয়ন খাতে প্রাপ্তি <পানিসহ>	৪৬০৯২.৮৫	৪১৯৭২.৯২	৯১.১%	৯১.১%
মোট প্রাপ্তি	৫৭২১১.৮০	৫৩১৯৮.২২	৯৩%	৯৩%

বিবরণ	অর্থবছর ২০২২/২৩			
	প্রাক্কলিত বাজেট (খ)	প্রকৃত (আনুমানিক) (ক)	প্রকৃত প্রাপ্তির হার (আনুমানিক) (ক/খ×১০০)	প্রকৃত (আনুমানিক) অংশের শতকরা হার
রাজস্ব (পুনরাবৃত্ত) খাতে পরিশোধ/ ব্যয় <পানিসহ>	৮৫৬৪০০	৮১৬০১৫	৯৫.২৮%	২১.১৮%
উন্নয়ন খাতে পরিশোধ/ ব্যয় <পানিসহ>	৩০২৩৩০৫	৩০৩৬১১৭	১০০.০০%	৭৮.৮২%
মোট প্রাপ্তি	৩৮৭৯৭০৫	৩৮৫২১৩২	৯৯.২৯৯%	১০০%



## ৫.২ রাজস্ব আদায় :

(একক : হাজার টাকা)

বিবরণ	অর্থবছর ২০২২/২৩	অর্থবছর ২০২৩/২৪		
	প্রকৃত	বাজেট চাহিদা	প্রকৃত(আ)	সংগ্রহের হার অ/আ x ১০০
ভূমি ও ইমারতের উপর (ট্যাক্স.....৭%)	৭,৫০,৫৬,৭৩১	১৮,২৭,৯১,১১৪	৯,৪৭,৯১,৯৩৩	৫১.৮৬%
কঞ্জারভেন্সি রেইট (.....৭%)	৭,৫০,৫৬,৭১৩	১৮,২৭,৯১,১১৪	৯,৪৭,৯১,৯৩৩	৫১.৮৬%
সড়কবাতি রেইট (.....৩%)	৩,২১,৬৭,১৭০	৭,৮৩,৩৯,০৫৮	৪,০৬,২৫,১১৪	৫১.৮৬%
পানি সরবরাহ রেইট (.....৫%)	৫,৩৬,১১,৯৫০	১৩,০৫,৬৫,০৮০	৬,৭৭,০৮,৫২৫	৫১.৮৬%
মোট হোল্ডিং ট্যাক্স (.....২২%)	২৩,৫৮,৯২,৫৮২	৫৭,৪৪,৮৬,৩৫৬	২৯,৭৯,১৭,৫০৫	৫১.৮৬%

## (২) ওয়ার্ড ভিত্তিক হোল্ডিং ট্যাক্স আদায়:

(একক : হাজার টাকা)

ওয়ার্ড নং	অর্থবছর ২০২২- ২০২৩	অর্থবছর ২০২৩-২০২৪			২০২৩-২০২৪ অর্থবছর শেষে বকেয়া
	প্রকৃত	বাজেট (চাহিদা) (আ)	প্রকৃত (আ)	দক্ষতা অ/আ x ১০০%	
০১	৭৭,৫৭,৬৩৫	১,২৪,২৪,৬২২	৪১,৮৯,৭২৮	৩৩.৭২%	৮২,৩৪,৮৯৪
০২	৯২,৪০,১৯৪	১,৬৪,৫১,০৬৩	৬০,৯৫,৩৯৫	৩৭.০৫%	১,০৩,৫৫,৬৬৮
০৩	৭৬০২০৫৫	১৪৭০৩৯৩৯	৫৯৭৩০৭৬	৪০.৬২%	৮৭৩০৮৬৩
০৪	৫৮,২৫,৪৭৭	১,২৪,৫১,০৬০	৬১,৭১,২০৪	৪৯.৫৬%	৬২,৭৯,৮৫৬
০৫	৯৮,৪৪,২৫৬	১,৮৪,৬৪,১৯৩	৯৩,০৫,১৫৮	৫০.৪০%	৯১,৫৯,০৩৫
০৬	৬৪,৫০,৫৫৫	১,৩৫,০২,৪৩২	৮৬,৮২,৩৮৩	৬৪.৩০%	৪৮,২০,০৪৯
০৭	৯২,৩৮,১৬৪	২,১৪,৯৬,৩৯০	৮৪,০৬,৪৮৪	৩৯.১১%	১,৩০,৮৯,৯০৬
০৮	১,২১,৩৬,৪৩৩	২,৮৬,৭১,৪৯৬	৮৩,৬৬,৮৬৭	২৯.১৯%	২,০৩,০৪,৬২৯
০৯	৩৯,০২,৪৩৭	১,৬৭,০৭,৯৭৪	৩৪,৩৫,৯৫৫	২০.৫৬%	১,৩২,৭২,০১৯
১০	১,২২,০৩,২১০	২,১৪,৩০,০৮০	১,০১,৪০,৬৪৭	৪২.২৯%	১,১২,৮৯,৪৩৩
১১	৩৭,৫৬,৭৩৭	৭৪,৭৯,৯৯৩	৩২,০২,৮৯১	৪২.৮২%	৪২,৭৭,১০২
১২	৪২,৪৬,৬৫৬	৮৬,৭৬,৭০২	৩৯,১৩,৫০৭	৪৫.১০%	৪৭,৬৩,১৯৫
১৩	৭২,৭৫,৭৪০	১,১৫,৩৮,৯৮৯	৩৪,৫৮,২৯৯	২৯.৯৭%	৪০,৪০,৬৯০
১৪	৯৮,২১,৮৬৩	২০,৪৭,০২৫২	১,২৩,২৭,৮৫৯	৬০.২৩%	৮১,৪২,৩৯৩
১৫	১,১৪,০২,০০২	২,২০,৩১,৬৩৬	১,৯৩,৮১,৪৪৫	৮৭.৯৭%	২৬,৫০,১৯১

১৬	৭৮,২৮,৪৬৭	২,১৪,৩০,০৮০	৬৭,৯৫,৪২৪	৩১.৭১%	১,৪৬,৩৪,৬৫৬
১৭	৭৪,৯৩,৩৭৫	২,১০,৫১,১২৯	৬৩,০৩,০৫৩	২৯.৯৪%	১,৪৭,৪৮,০৭৬
১৮	৪০,৮২,১৮৭	৯৫,৫৭,৩৭৬	৩৬,২৯,৮০৭	৩৭.৯৮%	৫৯,২৭,৫৬৯
১৯	১,১২,৬৫,৩১১	১,৯৯,৩৩,০৬২	৭৪,০৬,৬৫০	৩৭.১৬%	১,২৫,২৬,৪১২
২০	৯২,১৩,৭২৫	১,৫৭,৯৩,০৬২	৫১,৯৬,৫৮৭	৩২.৯১%	১,০৫,৯৬,৪৭৫
২১	৫,০৯,০৯৮	৭,৫৩,৮১৮	১,৫২,৬৮৮	২০.২৬%	৬,০১,১৩০
২২	১৫,০৭,৮৭০	৩২,৬১,০১৯	২৩,২৫,৩০৫	৭১.৩১%	৯,৩৫,৭১৪
২৩	১৯,৫০,৩৭৫	২৯,৪১,৯২৪	৭,১৬,৩১৯	২৪.৩৫%	২২,২৫,৬০৫
২৪	১১,১১,৮৫৭	১৭,২৩,৯৯৮	৫,৭০,৮২৭	৩৩.১১%	১১,৫৩,১৭১
২৫	৪৫,৬৬,৩২৩	৮২,২৯,৫৩৭	৪৯,৩৮,৭৮৬	৬০.০২%	৩০,৯০,৭৫১
২৬	৪৩,২৩,৬২৩	৬৩,০৭,৬৫২	১৩,৫৪,৪০৩	২১.৪৮%	৪৯,৫৩,২৪৯
২৭	৫৫,৭৪,৯৪৩	১,০৭,৪৩,৮৪৫	৪২,২৪,৮১২	৩৯.৩২%	৬৫,১৯,০৩৩
২৮	৫১,১৭,৬০৮	১,১৫,৮৪,৩৯৬	৫১,৭১,৪০৫	৪৪.৬৪%	৬৬,১২,৯৯১
২৯	৩০,০৪,৪১৭	৪৭,২৯,৮৭৮	৬,০১,১৫৫	১২.৭১%	৪১,২৪,৭২৩
৩০	৩১,৮২,৪৭৯	৫৩,১৮,৬৫৫	১২,৩৪,৮০২	২৩.২২%	৪০,৮৩,৮৫৩
৩১	৩,১১,৩১১	৫৭,৬৮,৭৪১	২,৪৫,৭৯৯	৪.২৬%	৫৫,২২,৯৪২
৩২	১৭,৮৫,৩৫০	৭৬,৬৫,৭৫৬	৭৭,৫৬,৩৩	১০.১২%	৬৮,৯০,১২৩
৩৩	৬১,১২,৩৯৬	২,৪৩,১৮,৩১৫	২৬,৪০,৪২৯	১০.৮৬%	২,১৬,৭৭,৮৮৬
মোট=	১৯,৯৬,৪৪,১২৯	৪২,৭৬,১৩,০৬৪	১৬,৭৩,৩৪,৭৮২	৩৯.১৩%	২৬,০২,৭৪,২৮২

## (৩) সময়মত হোল্ডিং ট্যাক্স আদায় বৃদ্ধির জন্য উল্লেখযোগ্য পদক্ষেপ :

০১	(উদাহরণ) প্রথম ও দ্বিতীয় ত্রৈমাসিক ভিত্তিতে ট্যাক্স ক্যাম্পেইনের আয়োজন করা, অগ্রিম ট্যাক্স প্রদানের ক্ষেত্রে ছাড়ের আবেদন করা।
০২	নিয়মিত বিল বিতরণ।
০৩	বকেয়া আদায়ের জন্য লাল নোটিশ প্রেরণ।
০৪	বকেয়া আদায়ের জন্য মাইকিং ও টিম অভিযান পরিচালনা করা হয়।

## অধ্যায় ৬ : অবকাঠামো উন্নয়ন

৬.১ প্রতিবেদনের এবং পূর্ববর্তী বছরের উন্নয়ন প্রকল্প এবং উল্লেখযোগ্য মেরামত সংক্রান্ত কাজ সমূহ:

(১) ২০২৩-২০২৪ অর্থবছরে গৃহীত

উন্নয়ন প্রকল্পসমূহ এবং উল্লেখযোগ্য মেরামত কার্যক্রম

ক্রমিক	২০২৩-২৪ অর্থবছরে গৃহীত প্রকল্প				২০২৩-২৪ অর্থবছরে সমাপ্ত প্রকল্প				মন্তব্য
০১.	ময়মনসিংহ সিটি কর্পোরেশনের সড়ক উন্নয়ন ও ডেনেজ নেটওয়ার্কসহ নাগরিক সেবা উন্নতকরণ প্রকল্প।	সড়ক	৭৩.০৫ কিঃ মিঃ	(লক্ষ টাকা) ৩৪০১.৭	ময়মনসিংহ সিটি কর্পোরেশনের সড়ক উন্নয়ন ও ডেনেজ নেটওয়ার্কসহ নাগরিক সেবা উন্নতকরণ প্রকল্প।	সড়ক	৭১.২৫ কিঃ মিঃ	(লক্ষ টাকা) ৩৩২৬.২০	
		ডেন	৪৩.২৯ কিঃ মিঃ	(লক্ষ টাকা) ৩৩৪৬.৪		ডেন	৪২.৫৭ কিঃ মিঃ	(লক্ষ টাকা) ৩২৯০.৯০	
		ফুটপাথ	৬.০০ কিঃ মিঃ	(লক্ষ টাকা) ২১১.০০		ফুটপাথ	৫.৬২ কিঃ মিঃ	(লক্ষ টাকা) ১৯৬.৭১	
		কালভার্ট	৩৫.০০ মিটার	(লক্ষ টাকা) ৩৯.৮৭		কালভার্ট	৩৫.০০ মিটার	(লক্ষ টাকা) ৩৯.৮৭	
		কবরস্থান ০৬টি	৬৯৮.০২ব র্গ মিঃ	(লক্ষ টাকা) ৬৮.৯১		কবরস্থান ০৬ টি	৬৯৮.০২ বর্গ মিঃ	(লক্ষ টাকা) ৬৮.৯১	
		পার্ক ০২টি	৪৯৫.৭০ বর্গ মিঃ	(লক্ষ টাকা) ৮.০২		পার্ক ০২ টি	৪৯৫.৭০ বর্গ মিঃ	(লক্ষ টাকা) ৮.০২	
		সৌন্দর্য্যব র্ধন ০২ টি (ফিরোজ জাহাঙ্গীর র চত্বর ও সৈয়দ নজরুল ইসলাম স্কয়ার)	৩০.০০ বর্গ মিঃ	(লক্ষ টাকা) ২৪.০০		সৌন্দর্য্যবর্ধ ন ০২ টি (ফিরোজ জাহাঙ্গীর চত্বর ও সৈয়দ নজরুল ইসলাম স্কয়ার)	৩০.০০ বর্গ মিঃ	(লক্ষ টাকা) ২৪.০০	

02	উন্নয়ন সহায়তা তহবিলের আওতায় গৃহীত প্রকল্প (ডিএ)	সড়ক	১.৪৭৫ কিঃ মিঃ	(লক্ষ টাকা) ২৪৬.৫৪	উন্নয়ন সহায়তা তহবিলের আওতায় গৃহীত প্রকল্প (ডিএ)	সড়ক	১.৪৭৫ কিঃ মিঃ	(লক্ষ টাকা) ২৪৬.৫৪২
		ড্রেন	০.২৯১ কিঃ মিঃ	(লক্ষ টাকা) ৩৪.৯৩৮		ড্রেন	০.২৯১ কিঃ মিঃ	(লক্ষ টাকা) ৩৪.৯৩৮
		মেরামত ০২ টি নগর স্বাস্থ্য সেবা কেন্দ্র	১৫৯৬.০০ বর্গ মিঃ	(লক্ষ টাকা) ১৩৩.১৯		মেরামত ০২ টি নগর স্বাস্থ্য সেবা কেন্দ্র	১৫৯৬.০ ০ বর্গ মিঃ	(লক্ষ টাকা) ১৩৩.১৯
		আঞ্চলিক কার্যালয় ০৩	৩৫০.০০ বর্গ মিঃ	(লক্ষ টাকা) ২৩.২৭		আঞ্চলিক কার্যালয় ০৩	৩৫০.০০ বর্গ মিঃ	(লক্ষ টাকা) ২৩.২৭

## ৬.২ ক্রমপুঞ্জীভূত উন্নয়ন সম্পর্কিত অর্জন সমূহ

নোট: নীচের সারণিতে সরাসরি সিটি কর্পোরেশন কর্তৃক পরিচালিত / বাস্তবায়িত অবকাঠামো এবং প্রদেয় সেবামূলক কার্যক্রম দেখানো হয়েছে

	অর্থ বছর ২০২২/২৩ শেষে মোট অর্জন	অর্থ বছর ২০২৩/২৪ শেষে মোট অর্জন	পূর্ববর্তী বছরের তুলনায় বৃদ্ধি/পরিবর্তন
মোট রাস্তা	কি:মি		
বিসি (বিটুমিনাস কার্পেটিং)	২৪.১৮ কি:মি	৭২.৭২৬ কি:মি	৪৮.৫৪৬ কি:মি
সিসি (সিমেন্ট কনক্রিট)	১.২৩ কি:মি	৪১.১১৯ কি:মি	৩৯.৮৮৯ কি:মি
আরসিসি (রিইনফোর্সড- সিমেন্ট-কনক্রিট)	৫৫.১৯৭ কি:মি	১.৪০৮ কি:মি	৫৩.৭৮৯ কি:মি
নর্দমা- মোট	৫৫.৪৩ কি:মি	৩০.১৯৯ কি:মি	৩০.১৯৯ কি:মি
ব্রিক	৫৫.৪৩ কি:মি	-	-
আরসিসি	১৫.৪৩ কি:মি	৪২.৮৬৬ কি:মি	২৭.৪৩৬ কি:মি
খাল	৭০.৮৩ কি:মি	১৪ কি:মি	-
মোট দৈর্ঘ্য	৯০.০৪ মি:	-	-
কালভার্টস	৫৫.৪৩ কি:মি	৩৫ মিটার	২০.৪৩ মিটার
মোট সংখ্যা	২৮টি		
সড়ক বাতি	১০০.৭৫ কি:মি	৫২০৬টি	৫২০৬টি

সড়কবাতির পুলের সংখ্যা	৪০৩০ টি	৬৫৫০টি	৬৫৫০টি
বাজারের সংখ্যা	২ টি	-	-
মেঝের জায়গা/আয়তন	৫৩৫ বর্গমিটার	-	-
মোট সংখ্যা	২ টি	-	-
মোট এলাকা	৩০০ বর্গমিটার	-	-
মোট সংখ্যা		-	-
মোট সংখ্যা	২ টি	২ টি	বৃদ্ধি পায় নি
জেন্ডার পৃথকিকরণ গণশৌচাগারের সংখ্যা	২ টি	২ টি	বৃদ্ধি পায় নি
পানি সরবরাহ			
সিটি কর্পোরেশন কর্তৃক পানি সরবরাহ ব্যবস্থায় সংযুক্ত পরিবার/ভবনের সংখ্যা	৮০৫ টি	৮০৫ টি	বৃদ্ধি পায় নি

### অধ্যায় ৭ : অবকাঠামো পরিচালনা এবং রক্ষণাবেক্ষণ সহ অন্যান্য সেবামূলক কার্যক্রমসমূহ

#### ৭.১ সচিবের দপ্তর

##### (১) উল্লেখযোগ্য সেবাসমূহ

উল্লেখযোগ্য সেবাসমূহ	বর্ণনা
সাধারণের বাজার ব্যবস্থাপনা	ময়মনসিংহ সিটি কর্পোরেশনাধীন বাজার সংখ্যা ১৯টি, যথা- শম্ভুগঞ্জ বাজার, মেছুয়া বাজার, নতুন বাজার, সানকিপাড়া রেল গেইট বাজার, নতুন বাজার তহশীল, সিটি কর্পোরেশন কাঁচা বাজার (কে.বি ইসমাইল রোড), মিন্টু কলেজ রেল গেইট বাজার, কেওয়াটখালী রেলওয়ে বাজার, খাগডহর বাজার, খাগডহর ঘুন্টি বাজার, জিতেন্দ্রগঞ্জ বাজার, কাচিঝুলি বাজার, পাগলার বাজার, কৃষ্ণপুর বো-বাজার, কালীবাড়ী গুদারাঘাট বাজার, বাকুবি শেষ মোড় বাজার (ব্যক্তি মালিকানা), জেলখানার ঘাট কাঁচা বাজার (নদীর ওপার), নাটক ঘরলেন কাঁচা বাজার, শম্ভুগঞ্জ বাজার। উক্ত বাজারসমূহে মোট দোকান সংখ্যা -৩৫২০টি। উক্ত বাজারসমূহ হতে রাজস্ব আদায়ের স্বার্থে প্রতি মাসে বিল প্রদান করা হয়।
যানজট নিয়ন্ত্রণ	প্রধান প্রধান রাস্তা এবং বাজারের জায়গাগুলিতে ট্রাফিক কর্মীদের নিযুক্ত করা।
নাগরিক তথ্যসেবা কেন্দ্র (সিআই এসসি)	নাগরিকদের জন্য ওয়ান স্টপ সেবা সরবরাহ করা অভিযোগ গ্রহণ।
সাংস্কৃতিক কার্যক্রম প্রচার	সাংস্কৃতিক, ক্রীড়া এবং অন্যান্য অনুষ্ঠানের আয়োজন করা। বেসরকারি সংস্থার মাধ্যমে সাংস্কৃতিক, ক্রীড়া এবং অন্যান্য অনুষ্ঠানের স্পন্সর করা।

## (২) অর্জনের সূচকসমূহ

সেবা সমূহ	সূচক এবং অর্জন		
	সূচক	অর্থবছর ২০২২/২০২৩	অর্থবছর ২০২৩/২৪
সাধারণের বাজার	সাধারণের বাজারে খালি জায়গার পরিমাণ	খালি জায়গার পরিমাণ ৩.৫১ শতাংশ	খালি জায়গার পরিমাণ ৩.৫১ শতাংশ
যানজট নিয়ন্ত্রণ	ট্রাফিক নিয়ন্ত্রণের জন্য নিযুক্ত কর্মীর সংখ্যা	৫০টি	৫০টি
সংস্কৃতি ও খেলাধুলা বিষয়ক	অনুষ্ঠিত সাংস্কৃতিক কর্মসূচির সংখ্যা	৮টি	-
অনধিকার প্রবেশ	সাধারণের জায়গা থেকে অবৈধভাবে স্থাপিত দোকান সরিয়ে নেয়ার সংখ্যা	সাধারণ জায়গা থেকে জনগণের চলাচলের সুবিধার্থে সিটি বাজারের প্রবেশদ্বারে প্রায় ৫০-৬০টি অবৈধ দোকান উচ্ছেদ করা হয়েছে।	সাধারণ জায়গা থেকে জনগণের চলাচলের সুবিধার্থে সিটি বাজারের প্রবেশদ্বারে প্রায় ৪০-৫০টি অবৈধ দোকান উচ্ছেদ করা হয়েছে।

## (৩) পূর্ববর্তী বছরের তুলনায় উল্লেখযোগ্য পরিবর্তন সম্পর্কে ব্যাখ্যা

১. যানজট নিয়ন্ত্রণে ট্রাফিক নিয়ন্ত্রণের জন্য নিযুক্ত কর্মীর সংখ্যা পূর্ববর্তী অর্থবছরের চেয়ে ২০২৩-২০২৪ অর্থবছরে বৃদ্ধি করা হয়নি।
২. ২০২২-২০২৩ অর্থবছরে ৮০-৯০টি এবং ২০২৩-২০২৪ অর্থবছরে সাধারণ জায়গা থেকে জনগণের চলাচলের সুবিধার্থে সিটি বাজারের প্রবেশদ্বারে প্রায় ২০০ টি অবৈধ দোকান উচ্ছেদ করা হয়েছে।

## ৭.২ রাজস্ব বিভাগ

## (১) উল্লেখযোগ্য সেবা সমূহ

উল্লেখযোগ্য সেবাসমূহ	বিবরণ
ট্রেড লাইসেন্স প্রদান	২০২৩-২৪ অর্থবছরে অনলাইনে ১৩৮১৭ টি লাইসেন্স নবায়ন করা হয়েছে।
অযান্ত্রিক লাইসেন্স প্রদান	২০২৩-২৪ অর্থবছরে – <ul style="list-style-type: none"> <li>• অটোবাইক নবায়ন ৫৯৭৪ টি</li> <li>• মটররিক্সা নবায়ন- ৫৬০০ টি</li> <li>• ৩০ এ্যাম্পিয়ার রিক্সা নবায়ন ৫৪০০ টি</li> <li>• সাধারণ রিক্সা নবায়ন ২০৩ টি</li> <li>• ভ্যানগাড়ি নবায়ন ৫৫১ টি</li> </ul>
বাজার ব্যবস্থাপনা	১৪৩১ বাংলা সনে <ul style="list-style-type: none"> <li>• ১৮ টি বাজার ইজারা দেওয়া হয়েছে।</li> <li>• ০৬ বাজারের খাস আদায় হচ্ছে।</li> </ul>
কসাইখানা	১৪৩১ বাংলা সনে <ul style="list-style-type: none"> <li>• ০১ টি কসাইখানা ইজারা দেওয়া হয়েছে। স্যানিটারি ইন্সপেক্টর নিয়মিত পশু জবাইয়ের পূর্বে পশুর সুস্থতাসহ সার্বিক বিষয় তদারিক করে থাকেন।</li> </ul>

## (২) অর্জনের সূচক

সেবা সমূহ	সূচক এবং অর্জন		
	সূচক	অর্থবছর ২০২২-২৩	অর্থবছর ২০২৩-২০২৪
ট্রেড লাইসেন্স	নতুনভাবে ইস্যুকৃত ট্রেড লাইসেন্সের সংখ্যা	১৪৪০টি	১৭৪০টি
	নবায়নকৃত ট্রেড লাইসেন্সের সংখ্যা	১২৯৮৭টি	১২,০৭৭টি
অযান্ত্রিক যানবাহনের লাইসেন্স	মোটর বিহীন গাড়ীর জন্য ইস্যুকৃত লাইসেন্স সংখ্যা	১৯৯৫৬টি	১৭৭২৮টি
সাধারণের বাজার	খালি জায়গার পরিমাণ	খালী জায়গার পরিমান ৩.৫১ শতাংশ	খালী জায়গার পরিমান ৩.৫১ শতাংশ
গণশৌচাগার	নতুন ইজারা চুক্তির আওতায় পরিচালিত গণশৌচাগার এর সংখ্যা	১১টি (চুক্তিপত্র করা হয়েছে)	১১টি (চুক্তিপত্র করা হয়েছে)
	নবায়নকৃত ইজারা চুক্তির মাধ্যমে পরিচালিত গণশৌচাগার এর সংখ্যা	১১টি (চুক্তিপত্র করা হয়েছে)	১১টি (চুক্তিপত্র করা হয়েছে)

## (৩) পূর্ববর্তী বছরের তুলনায় উল্লেখযোগ্য পরিবর্তন সম্পর্কে ব্যাখ্যা

১. ২০২২-২০২৩ অর্থবছরে ট্রেডলাইসেন্স সংখ্যা ছিল ১৪৪২৭টি যা ২০২৩-২০২৪ অর্থবছরে বৃদ্ধি পেয়ে দাড়িয়েছে ১৩,৮১৭টি যা গত অর্থ বছরের চেয়ে বৃদ্ধি পায়নি।

২. অযান্ত্রিক যানবাহন বৃদ্ধি পায় নি।

## ৭.৩ প্রকৌশল বিভাগ

## (১) অবকাঠামো পরিচালনা ও রক্ষণাবেক্ষণ এবং অন্যান্য সেবা

উল্লেখযোগ্য সেবাসমূহ	বিবরণ
রাস্তা সংস্কার ও রক্ষণাবেক্ষণ	৪২.৮৬৬ কি.মি. রাস্তা নির্মাণ/পুনঃনির্মাণ
নর্দমা সংস্কার ও রক্ষণাবেক্ষণ	৩৫.০০ কি.মি. ড্রেন নির্মাণ/পুনঃনির্মাণ
সেতু সংস্কার ও রক্ষণাবেক্ষণ	-
সড়কবাতি সংস্কার ও রক্ষণাবেক্ষণ	২৭.১৮ কি.মি. নগর এলাকায় সড়ক বাতি স্থাপন
গণসৌচাগার সংস্কার ও রক্ষণাবেক্ষণ	নগরীর ৮ টি গণসৌচাগার রক্ষণাবেক্ষণ করা হয়েছে।
জনসাধারণের অংশ/ বিনোদনের স্থান সংস্কার ও রক্ষণাবেক্ষণ	২৫,০০০টি গাছ রোপণ
পানি সরবরাহ ও পানি সরবরাহজনিত সুবিধাদির সংস্কার ও রক্ষণাবেক্ষণ	৭২.৭২৬ কি.মি. পানি সরবরাহ লাইন স্থাপন, ৪২টি নলকূপ স্থাপন
ভবন নিয়ন্ত্রণ	ভবনের নকশা অনুমোদনে বাংলাদেশ বিল্ডিং কোড ২০২০ এবং এ সংশ্লিষ্ট অন্যান্য বিধিবিধান পালন করা হয়। এছাড়া, কোন ভবনমালিক বিল্ডিংকোড অমান্য করলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়।
ঝুঁকিপূর্ণ ভবন নিয়ন্ত্রণ	ঝুঁকিপূর্ণ ভবন নিয়ন্ত্রণে অভিযান পরিচালনা করা হয়।

## (২) অর্জনের সূচক

সেবা সমূহ	সূচক এবং অর্জন		
	সূচক	অর্থবছর ২০২২/২৩	অর্থবছর ২০২৩-২০২৪
ভবন নিয়ন্ত্রণ	অনুমোদিত ভবনের সংখ্যা	৭০০	৯১৬
অস্বাস্থ্যকর/ঝুঁকিপূর্ণ ভবন	অস্বাস্থ্যকর এবং ঝুঁকিপূর্ণ ভবন পরিদর্শনের সংখ্যা	১৫০	-

## (৩) পূর্ববর্তী বছরের তুলনায় উল্লেখযোগ্য পরিবর্তন সম্পর্কে ব্যাখ্যা

- নাগরিক সুযোগ সুবিধা নিশ্চিতকরণ ও জনগণের দোড়গোড়ায় নাগরিক সেবা পৌঁছানোর জন্য ময়মনসিংহ সিটি কর্পোরেশনকে ৩টি অঞ্চলে বিভক্ত করা হয়।
- মোট সড়ক নির্মাণ ৭২.৭২৬ কি.মি.। আরসিসি ড্রেন/পাইপ ড্রেন নির্মাণ ৪২.৮৬৬ কি.মি.। ফুটপাথ নির্মাণ= ৫.৬২ কি.মি.। কবরস্থান উন্নয়ন ৬টি। এছাড়াও নগর এলাকায় সড়ক প্রতিরক্ষামূলক কাজ (প্যালাসাইডিং) ৬.৪৮৮ কি.মি.।
- নকশা অনুমোদিত সংখ্যা ৯১৬টি।
- মোট স্ট্রিট লাইটের সংখ্যা ১২৮৪২টি। মোট এলএইডি স্ট্রিট লাইটের সংখ্যা ১০৮৭টি। GI পুল নতুন আধুনিক LED সড়ক পাতি স্থাপন ১০৮৭টি।
- পানির পাইপ লাইন মেরামত/সংস্কার ১.৪৫০ কি.মি। নলকূপ স্থাপন ১৪টি।



## ৭.৪ বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ

## (১) উল্লেখযোগ্য সেবা সমূহ

উল্লেখযোগ্য সেবাসমূহ	বর্ণনা
বাজার এবং গৃহস্থালী বর্জ্য সংগ্রহ	ময়মনসিংহ সিটি কর্পোরেশন এলাকার মধ্যে ছোট বড় ৩৩ টি বাজার রয়েছে এবং ৭৫ হাজার হোল্ডিং রয়েছে। এসকল বাজার এবং বাসাবাড়ী থেকে দৈনিক প্রায় ৫০০ টন বর্জ্য উৎপাদন হয়। এর মধ্যে প্রায় ৪৭০ টন বর্জ্য অত্র সিটি কর্পোরেশন ব্যবস্থাপনা করতে পারে। এবং অবশিষ্ট বর্জ্য লোকবল সংকটের কারণে অপসারণ করা সম্ভব হয় না। ইতিমধ্যে বাসা বাড়ীর বর্জ্য সংগ্রহের জন্য ক্লিন সিটি ময়মনসিংহ নামক একটি স্থানীয় সংস্থা বিভিন্ন ওয়ার্ড হতে বাসা বাড়ী বর্জ্য সংগ্রহ করে ডাম্পিং স্টেশনে পৌছে দেয়ার কাজ করছে।
রাস্তা এবং নর্দমা পরিচ্ছন্ন রাখা এবং মনিটরিং	প্রতিদিন রাত্রে ১০:০০ টা হতে শহরের মেইন রোড সহ বিভিন্ন রাস্তা পরিচ্ছন্নকর্মী দ্বারা নিয়মিত ঝাড়ু দেয়া হয় এবং ওয়ার্ড পরিচ্ছন্নকর্মী দ্বারা প্রতিদিন ডেন, খাল ও নর্দমা পরিষ্কার করা হয়। নিয়মিত ওয়ার্ড সুপারভাইজারদের মাধ্যমে মনিটরিং করা হয়।
হাসপাতাল বর্জ্য ব্যবস্থাপনা	নবওয়েস্ট ম্যানেজম্যান্ট সার্ভিস লিঃ এর মাধ্যমে দৈনিক গড়ে .৫ টন বর্জ্য সংগ্রহ করে বাছাইয়ের ইনসিনারেট করা হয় এবং বৃহৎ পরিষরে মেডিক্যাল বর্জ্য ব্যবস্থাপনার লক্ষ্যে প্রিজম বাংলাদেশ ফাউন্ডেশন এর সাথে চুক্তি স্বাক্ষরিত হয়। প্রিজম বাংলাদেশ ফাউন্ডেশন লিঃ তাদের কার্যক্রম শুরু করলে “নব ওয়েস্ট” নামের প্রতিষ্ঠানটির কার্যক্রম বন্ধ করে দেয়া হবে।
গনশৌচাগার পরিচ্ছন্ন রাখা এবং মনিটরিং	১১ টি গনশৌচাগার ইজারাদারের মাধ্যমে নিয়মিত পরিষ্কার করা হয় এবং সিটি কর্পোরেশন নিয়মিত মনিটরিং করে থাকে।
ল্যান্ডফিল ব্যবস্থাপনা	৩১ নং ওয়ার্ডে চর ঈশ্বরদিয়া নামক স্থানে সিটি কর্পোরেশনের একমাত্র ল্যান্ডফিল স্টেশনে অবস্থিত। বর্তমানে এটি প্রায় ভরাট হয়ে গেছে। অধিগ্রহণের নতুন প্রস্তাব পাঠানোর ক্ষেত্রে বিধি-নিষেধ থাকায় নতুন ল্যান্ডফিল স্টেশনের প্রস্তাব পাঠানো সম্ভব হচ্ছে না। পরবর্তীতে বিধি-নিষেধ উঠে গেলে নতুন ল্যান্ডফিল স্টেশন স্থাপনা প্রস্তাব সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।

## (২) অর্জনের সূচক

সেবাসমূহ	সূচক এবং অর্জন		
	সূচক	অর্থবছর ২০২২-২৩	অর্থবছর ২০২৩-২৪
বর্জ্য ব্যবস্থাপনা	সংগৃহীত বর্জ্যের পরিমাণ (আনুমানিক)	১৭১৫৫০ টন	১৭১৫৬০ টন
হাসপাতাল বর্জ্য	সংগৃহীত হাসপাতাল বর্জ্যের পরিমাণ (আনুমানিক)	২১০ টন	২১১ টন
রাস্তা ও নর্দমা পরিচ্ছন্ন রাখা	নিয়মিত পরিচ্ছন্ন করে এমন রাস্তার পরিমাণ (আনুমানিক দূরত্ব)	৫৫ কি.মি. প্রায়	৫৬ কি.মি. প্রায়
	নিয়মিত পরিচ্ছন্ন করে এমন নর্দমার পরিমাণ (আনুমানিক দূরত্ব)	৯১.৮ কি.মি.	৯২.৫ কি.মি.
গণশৌচাগার	নিয়মিত পরিচ্ছন্ন কার্যক্রম চলে এমন গণশৌচাগার সংখ্যা	১১ টি	১১ টি
কসাইখানা	নিয়মিত পরিচালিত কসাইখানা সংখ্যা	১টি	১টি

## (৩) পূর্ববর্তী বছরের তুলনায় উল্লেখযোগ্য পরিবর্তন সম্পর্কে ব্যাখ্যা

১. শহরের গুরুত্বপূর্ণ স্থানে যত্রতত্র ময়লা ফেলা রোধে সিসি ক্যামেরা দ্বারা পর্যবেক্ষণ করে মোবাইল কোর্ট পরিচালনা করে জরিমানা করার মাধ্যমে সচেতন করা হচ্ছে।

২. হোটেল বর্জ্যগুলো আলাদা করে ডাম্পিং করা কাজ চলমান।

## ৭.৫ স্বাস্থ্য বিভাগ

## (১) উল্লেখযোগ্য সেবাসমূহ

উল্লেখযোগ্য সেবাসমূহ	বর্ণনা
ইপিআই টিকা	ময়মনসিংহ সিটি কর্পোরেশন সম্প্রসারিত টিকাদান কর্মসূচী(ইপিআই)'র মাধ্যমে নগরীর ৩৩ টি ওয়ার্ডে ১৫৭ টি টিকাদান কেন্দ্রের মাধ্যমে শিশু ও মহিলাদের জীবন রক্ষাকারী গুরুত্বপূর্ণ টিকা প্রদান করে থাকে। তাছাড়া স্বাস্থ্য সুরক্ষায় যেকোন জাতীয় কর্মসূচী ইপিআই'র মাধ্যমে বাস্তবায়ন করা হয়।
জন্ম মৃত্যু নিবন্ধন	জন্ম নিবন্ধন একটি নাগরিক অধিকার। জনজীবনে প্রায় ১৪ টিরও অধিক ক্ষেত্রে জন্ম নিবন্ধন প্রয়োজন হয়। জন্ম নিবন্ধনের প্রাপ্ত তথ্যের মাধ্যমে সরকার ঐ এলাকার বিভিন্ন পরিকল্পনা বাস্তবায়ন করে থাকে।  ময়মনসিংহ সিটি কর্পোরেশন ০৩(তিন) টি আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে সম্মানিত নগরবাসীকে জন্ম ও মৃত্যু নিবন্ধন সেবা প্রদান করা হয়।
নিরাপত্তা খাদ্য	সুস্থ্য জীবনের জন্য নিরাপদ খাদ্য অত্যাবশ্যকীয়। নগরীতে বিভিন্ন খাদ্য উৎপাদনকারী, মজুদকারী ও সরবরাহকারী প্রতিষ্ঠান ময়মনসিংহ সিটি কর্পোরেশন
শিক্ষার্থীদের মেডিক্যাল চেকআপ	বছরে দুইবার স্কুলে ডাক্তারের মাধ্যমে শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষার কার্যক্রমের মাধ্যমে নগরী প্রত্যেকটি স্কুলের শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা করা হয়।  এছাড়া সম্প্রসারিত টিকাদান কর্মসূচী(ইপিআই)'র মাধ্যমে এবং একটি নগর মাতৃসদন ও তিনটি নগর স্বাস্থ্য কেন্দ্রের মাধ্যমেও শিশুসহ শিক্ষার্থী ও অন্যান্য সেবা প্রার্থীদের স্বাস্থ্য পরীক্ষা করা হয়।
অস্বাস্থ্যকর ভবন নিয়ন্ত্রণ	খাদ্য ও স্যানিটেশন কর্মকর্তা এবং বিভিন্ন জোনে কর্মরত স্যানিটারী ইন্সপেক্টরের মাধ্যমে নগরী ভবনসমূহ পরিদর্শনের মাধ্যমে অস্বাস্থ্যকর ভবন চিহ্নিতকরণ এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের মাধ্যমে অস্বাস্থ্যকর ভবন নিয়ন্ত্রণ করা হয়।
মশক নিয়ন্ত্রণ	মশক নিয়ন্ত্রণে নগরজুড়ে নিয়মিত স্প্রে মাধ্যমে লার্ভিসাইডিং এবং ফগার মেশিনের সাহায্যে এডাল্টিসাইডিং করা হয়। তাছাড়া ডেঙ্গুর মৌসুমে মশক নিধনে ত্রাশ প্রোগ্রাম এবং বোপঝাড় পরিস্কার করা হয়।

## (২) অর্জনের সূচক

সেবা সমূহ	সূচক এবং অর্জন		
	সূচক	অর্থবছর ২০২২/২৩	অর্থবছর ২০২৩/২৪
ইপিআই টিকা	টিকা দেওয়া হয়েছে এমন শিশুদের সংখ্যা	১৫,০১১ জন	২৩,৩২৪ জন
জন্ম মৃত্যু নিবন্ধন	নিবন্ধনের সংখ্যা	৩৩,৮২২ টি	২৬,৬২০ টি
খাদ্যে ভেজাল নিয়ন্ত্রণ	পরিবীক্ষণ করা হয়েছে এমন সরবরাহকারীদের মোট সংখ্যা	০০	০০
	পরিদর্শন করা হয়েছে এমন সরবরাহকারীদের মোট সংখ্যা	৩৫৬	৩৭৭
মেডিকেল চেকআপ	মেডিক্যাল চেকআপ করা হয়েছে এমন শিক্ষার্থীর সংখ্যা	১,২৯,৮৬৩ জন	১,৩০,২২১ জন
মশক নিয়ন্ত্রণ	মোট এলাকা (বর্গ কি:মি:) যা স্প্রে করা হয়েছে	৭৪ বর্গ. কি.মি	৭৬ বর্গ. কি.মি
কসাইখানা	মোট কসাইখানা পরিদর্শনের সংখ্যা	০১ টি	০১ টি

## (৩) পূর্ববর্তী বছরের তুলনায় উল্লেখযোগ্য পরিবর্তন সম্পর্কে ব্যাখ্যা

১. ২০২২-২০২৩ অর্থবছরে ইপিআই টিকা দেয়া হয়েছে এমন শিশুর সংখ্যা ১৫,০১১ জন এবং ২০২৩-২০২৪ অর্থবছরে ইপিআই টিকা দেয়া হয়েছে এমন শিশুর সংখ্যা ২৩,৩২৪ জন।

২. ২০২২-২০২৩ অর্থবছরে মশক নিয়ন্ত্রণ স্প্রে করা হয়েছে মোট ৭৪ বর্গ কি.মি এবং ২০২৩-২০২৪ অর্থবছরে মশক নিয়ন্ত্রণ স্প্রে করা হয়েছে মোট ৭৬ বর্গ কি.মি।

## ৭.৬ সমাজকল্যাণ বিভাগ

## (১) প্রধান সেবাসমূহ

প্রধান সেবাসমূহ	বর্ণনা
সামাজিক সুরক্ষা কর্মসূচি বাস্তবায়ন	<ul style="list-style-type: none"> <li>২০২৩-২০২৪ অর্থবছরে সমাজকল্যাণ বিভাগ হতে অস্বচ্ছল প্রতিবন্ধী মোট ১,১৮৩ জনকে ভাতা প্রদান করা হয়েছে।</li> <li>২০২২-২০২৩ অর্থবছরে বয়স্ক ভাতা মোট ১৯৩ জন এবং মা ও শিশু মোট ১৯৮০ জনকে সহায়তা প্রদান করা হয়েছে।</li> </ul>
প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন	প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্পের (LIUPC) সময়-সীমা শেষ হওয়ায় কোন কার্যক্রম বাস্তবায়ন হয়নি।
কর্পোরেশনের নিজ খরচে নগরীতে দুঃস্থ এবং পরিচয়হীন মৃত ব্যক্তিদের মৃতদেহ দাফন ও দাহের ব্যবস্থা করা	৬১জন
ভিক্ষাবৃত্তি, পতিতাবৃত্তি, জুয়া, মাদকদ্রব্য সেবন, মদ্যপান, কিশোর অপরাধ এবং অন্যান্য সামাজিক অনাচার প্রতিরোধের ব্যবস্থা করা	কোন কার্যক্রম গ্রহণ করা হয়নি।
টিসিবি বিক্রয় কার্যক্রম	ময়মনসিংহ সিটি কর্পোরেশন এলাকায় প্রতি মাস ভিত্তিক মোট ৭০,৪০৫টি পরিবারের মাঝে ভর্তুকিমূল্যে টিসিবি পণ্য বিক্রয় করা হয়ে থাকে।

## (২) অর্জনের সূচকসমূহ

সেবা সমূহ	সূচক এবং অর্জন		
	সূচক	অর্থবছর ২০২২/২৩	অর্থবছর ২০২৩/২৪
দরিদ্র ও পরিচয়হীন মৃত ব্যক্তিদের মৃতদেহ দাফন ও দাহের ব্যবস্থা করা	নিঃস্ব ব্যক্তিদের মৃতদেহ দাফন ও দাহ করার সংখ্যা	৮৯	৬১
পাঠাগার পরিচালনা	ব্যবহারকারীর সংখ্যা	১টি (সর্বসাধারণের জন্য উন্মোক্ত)	১টি (সর্বসাধারণের জন্য উন্মোক্ত)
প্রাথমিক বিদ্যালয় পরিচালনা	দরিদ্র এলাকায়	২টি	২টি

## (৩) পূর্ববর্তী বছরের তুলনায় উল্লেখযোগ্য পরিবর্তন সম্পর্কে ব্যাখ্যা

- ২০২৩-২০২৪ অর্থবছরে সমাজকল্যাণ বিভাগ অস্বচ্ছল প্রতিবন্ধী মোট ১,১৮৩ জনকে ভাতা প্রদান করা হয়েছে।
- ২০২২-২০২৩ অর্থবছরে বয়স্ক ভাতা মোট ১৯৩ জন এবং মা ও শিশু মোট ১৯৮০ জনকে সহায়তা প্রদান করা হয়েছে।
- ওয়ার্ড পর্যায়ে সামাজিক সচেতনতা বৃদ্ধি, বিভিন্ন অবহিতকরণ সভা পরিচালনা হওয়ায় পূর্ববর্তী বছরের তুলনায় উল্লেখযোগ্য পরিবর্তন লক্ষ্য করা যায়।
- ২০২৩-২০২৪ অর্থবছরে মোট ৬১ জন নিঃস্ব ব্যক্তি এবং বেওয়ারিশ ব্যক্তির মৃতদেহ ও দাহ করা হয়েছে। ২০২২-২০২৩ অর্থবছরে এর সংখ্যা ছিল মাত্র ৮৯ জন।

## অধ্যায় ৮: প্রশাসনিক উন্নতিকরণ

## ৮.১ জনসচেতনতা মূলক কার্যক্রম :

১. তথ্য অধিকার আইন বিষয়ে লিফলেট ও সবার মাধ্যমে প্রচারণা চালানো হয়েছে।
২. সংক্রামক ব্যাধিসমূহ প্রতিরোধে সভা ও সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা হয়েছে।
৩. বর্জ্য ব্যবস্থাপনায় সচেতনতাবৃদ্ধিতে জনগণকে উদ্বুদ্ধ করতে মাইকিং, সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার, ব্যানার ইত্যাদি করা হয়েছে।
৪. বাজার মনিটরিং করা হয়েছে এবং খাদ্য উৎপাদন ও পরিবেশনকারী প্রতিষ্ঠান সমূহে জনসচেতনতা বৃদ্ধিতে অভিযান পরিচালনা করা হয়েছে।

## ৮.২ সক্ষমতা উন্নয়ন (প্রশিক্ষণ)

ক্রমিক	কার্যক্রম	প্রশিক্ষণার্থীর সংখ্যা	তারিখ	মন্তব্য
০১	কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতা উন্নয়ন প্রশিক্ষণ	৪৭	২৪/০৫/২০২৪	
০২	কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতা উন্নয়ন প্রশিক্ষণ	৪২	১৯/০৫/২০২৪	
০৩	কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতা উন্নয়ন প্রশিক্ষণ	৪৫	১৮/১০/২০২৩	
০৪	শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ	৪৯	২৬/০৭/২০২৩	
০৫	শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ	৩৬	০৭/০৫/২০২৪	
০৬	অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ	২৮	২৮/০৫/২০২৪	
০৭	অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ	২৯	০৯/০৮/২০২৩	
০৮	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ	২৭	১০/০৬/২০২৪	
০৯	তথ্য অধিকার আইন ২০০৯ ও এর বিধিমালা, প্রবিধানমালা, স্বতঃপ্রণোদিত তথ্য নির্দেশনাসহ সংশ্লিষ্ট বিষয়ক প্রশিক্ষণ	২৪	০৩/০৬/২০২৪	
১০	তথ্য অধিকার আইন ২০০৯ ও এর বিধিমালা, প্রবিধানমালা, স্বতঃপ্রণোদিত তথ্য নির্দেশনাসহ সংশ্লিষ্ট বিষয়ক প্রশিক্ষণ	২৮	১৭/১০/২০২৩	

## অধ্যায় ৯ : কর্পোরেশন সভা এবং স্থায়ী কমিটির সভা

## ৯.১ সিটি কর্পোরেশনের সাধারণ সভা

## ময়মনসিংহ সিটি কর্পোরেশন পরিষদের ২২তম কর্পোরেশন সভার কার্যবিবরণী

সভাপতি	: জনাব মোঃ ইকরামুল হক টিটু, মেয়র, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ
সভার স্থান	: শহীদ শাহাবুদ্দিন মিলনায়তন, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ
তারিখ	: ১৬ নভেম্বর ২০২৩ খ্রি.
সময়	: বেলা ১১.০০ ঘটিকা
সভায় উপস্থিতির তালিকা	: পরিশিষ্ট - 'ক' দ্রষ্টব্য

সভার শুরুতেই পবিত্র কোরআন হতে তেলাওয়াত করা হয়। অতঃপর সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

ক্রঃ	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১.	গত ২১ তম কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ	সভাপতির অনুমতিক্রমে প্রধান নির্বাহী কর্মকর্তা ময়মনসিংহ সিটি কর্পোরেশন পরিষদের গত ০১ জুন ২০২৩খ্রি. তারিখে অনুষ্ঠিত ২১তম কর্পোরেশন সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনান্তে কোন সংশোধনী/ সংযোজনী না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃষ্টিকরণ করা হয়।	১। গত ০১ জুন ২০২৩ তারিখে অনুষ্ঠিত ২১তম কর্পোরেশন সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃষ্টিকরণ।	প্রিনিক/সচিব মসিক
০২.	জলাবদ্ধতা নিরসনে খাল খনন এবং অবৈধ স্থাপনা অপসারণ সম্পর্কে আলোচনা।	সভাপতি বলেন, সর্বজন শ্রদ্ধেয় নেতা আলহাজ্জ অধ্যক্ষ মতিউর রহমান মহোদয় তিন বার ময়মনসিংহ পৌরসভার চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্য এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেছেন। তাঁর মৃত্যুতে ময়মনসিংহ সিটি কর্পোরেশন গভীর ভাবে শোকাহত। তিনি দীর্ঘদিন মানুষের সেবা করে গেছেন। তাঁর বিদেহী আত্মার শান্তি ও মাগফেরাত কামনা এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করে শোক প্রস্তাব গ্রহণের জন্য উপস্থিত সকলের প্রতি আহবান জানান। প্রধান নির্বাহী কর্মকর্তা, মসিক সভায় জানান, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে ডিজিটাল বাংলাদেশের অঙ্গিকার নিয়ে সরকার কাজ করে যাচ্ছে। সুখি সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে তথ্য প্রযুক্তির ব্যবহারের মাধ্যমে নাগরিক সেবার মান উন্নয়নে কার্যক্ষেত্রে আমরা তথ্য প্রযুক্তি ব্যবহার করছি। তিনি আরও বলেন, প্রতি বছর স্থানীয় সরকার মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের উপস্থিতিতে সচিব মহোদয়ের সাথে একটি বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদন করা হয়। ২০২২-২০২৩ অর্থ বছরে কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী স্থানীয় সরকারের অধীন ২০টি প্রতিষ্ঠানের মধ্যে ময়মনসিংহ সিটি কর্পোরেশন পঞ্চম স্থান এবং গুদাচার পুরস্কারে ১২টি সিটি কর্পোরেশনের মধ্যে ময়মনসিংহ সিটি কর্পোরেশন দ্বিতীয় স্থান অর্জন করে। তিনি বলেন, মাননীয় মেয়র মহোদয়সহ প্যানেল মেয়র, কাউন্সিলর এবং কর্মকর্তা-কর্মচারীদের কর্মপ্রয়াসের ফলে আমরা এ অর্জন করতে সক্ষম হয়েছি।	২। আলহাজ্জ অধ্যক্ষ মতিউর রহমান ঐর মৃত্যুতে ময়মনসিংহ সিটি কর্পোরেশন গভীর ভাবে শোকাহত। তাঁর বিদেহী আত্মার শান্তি ও মাগফেরাত কামনা এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করে শোক প্রস্তাব সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়।  ৩। ময়মনসিংহ নগরীর জলাবদ্ধতা নিরসনে প্রতিটি ওয়ার্ডের ড্রেন এবং খালগুলো খনন, পরিষ্কার পরিচ্ছন্ন এবং খালের দুই পার্শ্বে	প্রিনিক/সচিব মসিক

		<p>তিনি আরও বলেন, সড়ক বাতি স্থাপন প্রকল্পের আওতায় সড়ক আলোকিতকরণের জন্য বৈদ্যুতিক পোল স্থাপনসহ এলইডি বাতি স্থাপন কার্যক্রম চলমান রয়েছে। ময়মনসিংহ সিটি কর্পোরেশনের যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন ও জলাবদ্ধতা নিরসনে ড্রেনেজ নেটওয়ার্ক তৈরীর লক্ষ্যে অবকাঠামো উন্নয়ন এবং সড়ক উন্নয়ন ও ড্রেনেজ নেটওয়ার্কসহ নাগরিক সেবা উন্নতকরণ প্রকল্পের কার্যক্রম বর্তমানে ৩৩টি ওয়ার্ডে চলমান রয়েছে। সেগুলো দ্রুত বাস্তবায়িত হলে ময়মনসিংহকে একটি আধুনিক নগর হিসেবে গড়ে তোলা সম্ভব হবে।</p> <p>প্রধান নির্বাহী কর্মকর্তা সভায় জানান, জলাবদ্ধতার অন্যতম কেন্দ্র ছিল বলাশপুর। কারণ বলাশপুর এলাকাটি ভৌগোলিক কারণেই নিচু। সামান্য বৃষ্টি হলেই বলাশপুর এলাকায় জলাবদ্ধতা সৃষ্টি হতো। উক্ত জলাবদ্ধতা নিরসনের লক্ষ্যে দীর্ঘ মেয়াদী পরিকল্পনার অংশ হিসেবে মেয়র, প্যানেল মেয়র, কাউন্সিলর কর্মকর্তা-কর্মচারীসহ সংশ্লিষ্ট সকলের ঐকান্তিক প্রচেষ্টায় আকুয়াখাল, মাকরজানি খালসহ অন্যান্য খালসমূহ খনন এবং অবৈধ উচ্ছেদ অভিযান পরিচালনা করা হয়। উল্লিখিত কার্যক্রম গ্রহণের ফলে নগরে জলাবদ্ধতা অনেকাংশে কম পরিলক্ষিত হচ্ছে। নগরবাসী এর সুফল ভোগ করছে। তিনি আরো বলেন, জলাবদ্ধতা নিরসনে ড্রেন নির্মাণ কাজ অব্যাহত আছে। মশক নিধনে নিয়মিত কার্যক্রমের সাথে ক্রাশ প্রোগ্রাম পরিচালনা করা হচ্ছে। এডিস মশা নিধনে নির্মাণাধীন বাড়ি, ছাদ, বাগান, পুরনো টায়ারের দোকান ও অন্যান্য বাড়ি পরিদর্শন করে ব্যবস্থা গ্রহণ কার্যক্রম চলমান আছে। ড্রেন নর্দমায় মশার উৎপত্তিস্থল সনাক্ত করে মশা নিধনে লার্ভিসাইড ছিটানোর কার্যক্রম চলমান আছে।</p> <p>অতঃপর জলাবদ্ধতা নিরসনে খাল খনন এবং অবৈধস্থাপনা অপসারণ সম্পর্কে আলোচনায় অংশ গ্রহণ করে জলাবদ্ধতা নিরসনে খাল খনন বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ প্রদানের জন্য পরিষদের প্রতি আহবান জানান।</p> <p>জলাবদ্ধতা নিরসনে খাল খনন এবং অবৈধ স্থাপনা অপসারণ সম্পর্কে আলোচনায় অংশ গ্রহণ করে ৮নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ ফারুক হাসান বলেন, ড্রেন এবং খালগুলি খনন করার কারণেই জলাবদ্ধতা কমছে। এ জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।</p> <p>৬নং ওয়ার্ড কাউন্সিলর জনাব সৈয়দ শফিকুল</p>	<p>সৌন্দর্যবর্ধনের ব্যবস্থা গ্রহণ। খালগুলোর সীমানা নির্ধারণ করে খালগুলোতে অবৈধভাবে গড়ে উঠা দখলকৃত স্থাপনাসমূহ উচ্ছেদ এর জন্য নিয়মিত অভিযান পরিচালনা করা।</p>	<p>প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা,মসিক</p>
--	--	---	--	---

		<p>ইসলাম মিন্টু আলোচনায় অংশ গ্রহণ করে প্রথমেই মাননীয় মেয়র মহোদয়কে শুভেচ্ছা এবং অভিনন্দন জানান। তিনি বলেন, মেয়র মহোদয়ের নেতৃত্বে সকলের সমন্বিত প্রচেষ্টায় খাল খনন এবং উচ্ছেদ অভিযান পরিচালিত হয়েছে এবং এর ফলে ময়মনসিংহবাসী অনেক উপকৃত হচ্ছে। তিনি খাল খনন এবং উচ্ছেদ অভিযান অব্যাহত রাখার অনুরোধ জানান।</p> <p>আলোচনায় অংশগ্রহণ করে জনাব মো: মাহবুবুর রহমান দুলাল প্যানেল মেয়র-২ খাল খনন এবং উচ্ছেদ অভিযান পরিচালনায় কাগজপত্র যাচাই বাছাই করে পরিমাপের কথা বলেন। খালের উভয় পার্শ্বের ভূমি পরিমাপে কারো প্রতি অবিচার না হয় সে এ বিষয়ে প্রধান নির্বাহী কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন।</p>		
		<p>১৯নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মো: আব্বাস আলী মন্ডল সভায় জানান, খাল এবং ড্রেনগুলি ভরাট হয়ে যাওয়ায় বৃষ্টির পানি দ্রুত নিষ্কাশন করতে সমস্যা হতো। জলাবদ্ধতা রোধে কার্যকর ব্যবস্থা গ্রহণের ফলে এখন জলাবদ্ধতা অনেকাংশে হ্রাস পেয়েছে। সকলের ঐকান্তিক প্রচেষ্টার এবং মাননীয় মেয়র মহোদয়ের সঠিক এবং সমন্বিত সিদ্ধান্তের কারণেই সম্ভব হয়েছে। এজন্য মাননীয় মেয়র মহোদয়কে ধন্যবাদ জানান।</p> <p>সভাপতি বলেন, সিটি কর্পোরেশন ঘোষনার অল্প সময়ের মধ্যে মাননীয় প্রধানমন্ত্রী ময়মনসিংহ সিটি কর্পোরেশনকে প্রায় উনিশশত কোটি টাকার প্রকল্প দিয়েছেন। নগরজুড়ে ৩৩টি ওয়ার্ডে এ কার্যক্রম চলমান রয়েছে। জনগণ ইতোমধ্যে এর সুফল ভোগ করতে শুরু করেছে। তিনি বলেন, খাল খনন, অবৈধ দখল উচ্ছেদ ও সংস্কারের উদ্যোগ গ্রহণের ফলে সাম্প্রতিক প্রবল বৃষ্টিতেও ময়মনসিংহ সিটি কর্পোরেশন এলাকায় জলাবদ্ধতা সৃষ্টি হয়নি। তিনি এ কার্যক্রম অব্যাহত রাখার আহবান জানান। বিস্তারিত আলোচনান্তে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।</p>		
০৩	ডেঙ্গু প্রতিরোধে মশক নিধন কার্যক্রমে করণীয় সম্পর্কে আলোচনা।	<p>ডেঙ্গু প্রতিরোধে মশক নিধন কার্যক্রমে করণীয় সম্পর্কে আলোচনায় অংশগ্রহণ করে প্রধান স্বাস্থ্য কর্মকর্তা সভায় জানান, ময়মনসিংহ সিটি কর্পোরেশন এলাকায় ডেঙ্গু প্রতিরোধে মশক নিধন কার্যক্রমসহ নাগরিকদের সচেতন করতে নানা কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ২২০টি হটস্পটকে প্রাধান্য দিয়ে নিয়মিত কার্যক্রমের পাশাপাশি চলমান রয়েছে ক্রাশ প্রোগ্রাম। ক্রাশ প্রোগ্রাম এর আওতায় প্রতিটি ওয়ার্ডে</p>	<p>৪। ডেঙ্গু প্রতিরোধে সিটি কর্পোরেশনের প্রতিটি ওয়ার্ডে সর্বত্র মশক নিধন কার্যক্রম গ্রহণ। এডিস মশার লার্ভা অনুসন্ধানের জন্য নির্মাণাধীন ভবন, বাসগাছ, বাসাবাড়ীতে ফুলের টব ও ছাদ বাগানে লার্ভা শনাক্তের জন্য</p>	প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, মসিক



		<p>এডাল্টিসাইড এবং লার্ভিসাইড প্রয়োগ করা হচ্ছে। সচেতনতার জন্য মাইকিং, লিফলেট বিতরণ এবং স্কুল ভিত্তিক সচেতনতা ক্যাম্পেইন পরিচালনাসহ এডিস মশার লার্ভা অনুসন্ধানে টিম গঠন করা হয়েছে। নির্মাণাধীন ভবন, বাসস্ট্যান্ড, পরিত্যক্ত ভূমি, বাসাবাড়ীতে ফুলের টব ও ছাদ বাগানে লার্ভা শনাক্তের কাজ চলমান আছে এবং যেসকল স্থানে লার্ভা পাওয়া যাচ্ছে সে সকল স্থানে ভ্রাম্যমান আদালতের মাধ্যমে আইনগত ব্যবস্থা নেয়া হচ্ছে।</p> <p>জনাব মো: তাজুল আলম, কাউন্সিলর ১০নং ওয়ার্ড বলেন, জলাবদ্ধতা নিরসন এবং মশক নিধন কার্যক্রম আরো জোরদার করতে হবে। ব্যাপক প্রচার প্রচারনা করে জনসাধারণের মাধ্যমে সচেতনতা সৃষ্টি করতে হবে এবং মশক নিধন কর্মীদের প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। সভাপতি বলেন, ডেঙ্গু প্রতিরোধে সচেতনতার কোন বিকল্প নেই। আমাদের বাসা বাড়ী আগুনা বা যে কোন স্থানে ৩ দিনের বেশী জমে থাকা পানিতে এডিশ মশার বংশ বৃদ্ধি হতে পারে। সচেতনতার মাধ্যমে ডেঙ্গুকে প্রতিরোধ করতে হবে। বিস্তারিত আলোচনান্তে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং সমাজের বিভিন্ন প্রতিষ্ঠান/ ব্যক্তিদের সমন্বয়ে সচেতনতামূলক বর্ণাঢ্য র্যালির আয়োজন করা একং মশক নিধন কর্মীদের প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ।</p>	
০৪.	বিবিধ	<p>বিবিধ আলোচনায় অংশ গ্রহণ করে ৬ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব সৈয়দ শফিকুল ইসলাম মিন্টু বলেন, সরকারের সামাজিক নিরাপত্তা কর্মসূচী দারিদ্র বিমোচনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। নিত্য-প্রয়োজনীয় পণ্যের মূল্য বৃদ্ধির প্রেক্ষাপটে দেশব্যাপী দরিদ্র জনগোষ্ঠীর মধ্যে স্বল্পমূল্যে নিত্য-প্রয়োজনীয় পণ্য বিতরণ এর লক্ষ্যে টিসিবি কর্মসূচীর সুফল জনগণ ভোগ করছে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে কিছুদিন যাবৎ ৬নং ওয়ার্ডে টিসিবি পণ্য বিতরণ করা হচ্ছে না। ফলে জনগণ টিসিবি পণ্য ক্রয় এ সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে। এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। ২৫নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মো: মনোয়ার হোসেন এ ব্যাপারে একমত পোষণ করেন। সভাপতি সরকারের টিসিবি কর্মসূচী সফল বাস্তবায়নে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে আলোচনা করে প্রতিটি ওয়ার্ডে টিসিবি পণ্য বিতরণ নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তার প্রতি আহবান জানান।</p>	<p>৫। নিত্য-প্রয়োজনীয় পণ্যের মূল্য বৃদ্ধির প্রেক্ষাপটে দেশব্যাপী দরিদ্র জনগোষ্ঠীর মধ্যে স্বল্পমূল্যে নিত্য-প্রয়োজনীয় পণ্য বিতরণ এর লক্ষ্যে টিসিবি কর্মসূচী প্রত্যেক ওয়ার্ডে বিতরণ এর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।</p>	প্রিন্সিপাল/সচিব মসিক

## ময়মনসিংহ সিটি কর্পোরেশনের সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	: জনাব মোঃ ইউসুফ আলী যুগ্মসচিব, প্রধান নির্বাহী কর্মকর্তা ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।
সভার স্থান	: শহীদ শাহাবুদ্দিন মিলনায়তন, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ
তারিখ	: ১২ মার্চ ২০২৪ খ্রি.
সময়	: বেলা ১১.০০ ঘটিকা
সভায় উপস্থিতির তালিকা	: পরিশিষ্ট - 'ক' দ্রষ্টব্য

সভার শুরুতেই পবিত্র কোরআন হতে তেলাওয়াত করা হয়। অতঃপর সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

ক্রঃ	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১.	রমজানে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ ও ঈদ-উল-ফিতরের প্রস্তুতি সম্পর্কে আলোচনা।	<p>সভাপতি রমজানে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ ও ঈদ-উল-ফিতরের প্রস্তুতি সম্পর্কে আলোচনা করার জন্য সকলের মতামত ও সহযোগিতা কামনা করেন।</p> <p>তিনি সকলকে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের শুভেচ্ছা এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ মহান মুক্তিযুদ্ধে যারা শহিদ হয়েছেন এবং যে সকল মা-বোনেরা সন্ত্রাস হারিয়েছেন তাদের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করেন।</p> <p>তিনি পবিত্র রমজানে নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি যেমন চাল, ডাল, চিনি, পেঁয়াজ, ভোজ্যতেল, মুড়ি, ছোলা, বেগুনসহ সকল নিত্য প্রয়োজনীয় দ্রব্যের পর্যাপ্ত সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে একযোগে কাজ করার অনুরোধ জানান।</p> <p>কোন সিডিকেট বা মজুদদার যেন দ্রব্যমূল্যের চাহিদা অনুযায়ী সরবরাহে বিঘ্ন এবং কৃত্রিম সংকট সৃষ্টি করতে না পারে সেজন্য বিভিন্ন ব্যবসায়ী সংগঠনের প্রতি আহবান জানান। ব্যবসায়ীগণের উদ্দেশ্যে তিনি আরও বলেন, মূল্য তালিকা হালনাগাদ করে ব্যবসা প্রতিষ্ঠানের সামনে টানিয়ে রাখতে হবে। মাংসের দাম নির্ধারণের জন্য মাংস ব্যবসায়ী সমিতির প্রতিনিধিদের সাথে আলোচনা করে মাংসের ন্যায্য দাম নির্ধারণ করা হবে। নির্ধারিত ন্যায্য দাম প্রতিটি মাংসের দোকানে দৃশ্যমান স্থানে টানিয়ে রাখতে হবে। বিভিন্ন বাজারে নিত্য প্রয়োজনীয় পণ্য সামগ্রী ও দ্রব্যমূল্যের উর্ধ্বগতি রোধ, কালোবাজারী, অবৈধ মজুদ বা কৃত্রিম সংকট সৃষ্টি রোধে সিটি কর্পোরেশন কর্তৃক বিক্রয় কার্যক্রম তদারকি, বাজার মনিটরিং এবং টাস্কফোর্স কমিটির মাধ্যমে প্রতিনিয়ত অভিযান</p>	<p>১। ময়মনসিংহ সিটি কর্পোরেশন এলাকায় বাজারসমূহে নিত্য প্রয়োজনীয় পণ্য সামগ্রী ও দ্রব্যমূল্যের উর্ধ্বগতি, কালোবাজারী, অবৈধ মজুদ বা কৃত্রিম সংকট সৃষ্টি রোধে অত্র সিটি কর্পোরেশন কর্তৃক বাজার মনিটরিং এবং মোবাইল কোর্ট অভিযান পরিচালনা অব্যাহত রাখা।</p> <p>২। মাংস ব্যবসায়ী নেতৃবৃন্দের সাথে আলোচনা করে গরু, ছাগল এবং ভেড়ার মাংসের ন্যায্য দাম নির্ধারণ করা এবং নির্ধারিত মূল্য তালিকা দোকানে ঝুলিয়ে রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।</p> <p>৩। দৈনিক হাজিরা ভিত্তিতে স্বেচ্ছাসেবক নিয়োগের মাধ্যমে যানজটমুক্ত ও যাত্রীদের যাতায়াত নির্বিঘ্ন করার ব্যবস্থা গ্রহণ।</p>	<p>সচিব, মসিক/ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল), সচিব, মসিক</p> <p>প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, মসিক</p>

	<p>পরিচালনা করতে হবে। এ ব্যাপারে তিনি ব্যবসায়ী প্রতিনিধিসহ সকলের সার্বিক সহায়তা কামনা করেন।</p> <p>পবিত্র ঈদ-উল-ফিতরে মানুষের ঈদযাত্রা যানজটমুক্ত ও স্বাচ্ছন্দময় করার লক্ষ্যে পরিবহন মালিক সমিতির সাথে আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ময়মনসিংহ সিটি কর্পোরেশন এলাকায় যানজট নিরসনে আইনশৃংখলা রক্ষাকারী বাহিনী, ট্রফিক পুলিশ এবং সিটি কর্পোরেশন কর্তৃক স্বেচ্ছাসেবক নিয়োগের মাধ্যমে যানজটমুক্ত ও যাত্রীদের যাতায়াত নির্বিঘ্ন করা এবং আইন-শৃংখলা বাহিনীর জন্য প্রয়োজনীয় সংখ্যক ওয়াচ টাওয়ার এবং কন্ট্রোলরুম তৈরী করতে হবে। পবিত্র ঈদ-উল-ফিতর এর নামাজ আদায়ের জন্য আঞ্জুমান ঈদগাহসহ বিভিন্ন ওয়ার্ডে ঈদগাহসমূহ পরিষ্কার পরিচ্ছন্ন বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>৪। আইন-শৃংখলা বাহিনীর জন্য প্রয়োজনীয় সংখ্যক ওয়াচ টাওয়ার এবং কন্ট্রোলরুম তৈরীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।</p> <p>৫। পবিত্র ঈদ-উল-ফিতর এর নামাজ আদায়ের জন্য আঞ্জুমান ঈদগাহ মাঠ সহ বিভিন্ন ওয়ার্ডে ঈদগাহ সমূহ পরিষ্কার পরিচ্ছন্ন রাখা।</p>	
--	---	---	--

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

## ময়মনসিংহ সিটি কর্পোরেশন পরিষদের সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	: জনাব মোঃ ইকরামুল হক টিটু, মেয়র, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ
সভার স্থান	: শহীদ শাহাবুদ্দিন মিলনায়তন, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ
তারিখ	: ৩০ জুন ২০২৪ খ্রি.
সময়	: বেলা ১১.০০ ঘটিকা
সভায় উপস্থিতির তালিকা	: পরিশিষ্ট - 'ক' দ্রষ্টব্য

সভার শুরুতেই পবিত্র কোরআন হতে তেলাওয়াত করা হয়। অতঃপর সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

ক্র: নং:	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১.	পরিচিতি ও বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা	<p>সভার শুরুতেই সভাপতির অনুমতিক্রমে প্রধান নির্বাহী কর্মকর্তা, মসিক সভায় উপস্থিত সকলের পরিচয় প্রদানের জন্য আহবান জানালে সকলেরই তাদের নিজ নিজ পরিচয় প্রদান করেন।</p> <p>অতঃপর সভাপতি সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম না হলে এই দেশ স্বাধীন হতো না। তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সহ মহান</p>	<p>১। ড্রেনসহ রাস্তাঘাট পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে জনসাধারণের মাঝে সচেতনতা তৈরী এবং ওয়ার্ড ভিত্তিক সচেতনতামূলক ক্যাম্পেইন এর ব্যবস্থা গ্রহণ।</p>	<p>প্রধান</p> <p>বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা মসিক</p>

	<p>মুক্তিযুদ্ধে যারা শহীদ হয়েছেন এবং যে সকল মা-বোন সন্তান হারিয়েছেন তাদের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করেন।</p> <p>তিনি বলেন, ময়মনসিংহ সিটি কর্পোরেশনের ২য় পরিষদে নির্বাচিত প্রতিনিধি হিসাবে আমরা দায়িত্ব নিয়েছি। আমরা জনগনকে প্রতিশ্রুতি দিয়েছি এবং আমাদের কাছে জনগনের প্রত্যাশা রয়েছে। সেসব প্রতিশ্রুতি এবং প্রত্যাশা বাস্তবায়নে সকলকে সচেষ্ট হতে হবে। সকল সময় খেয়াল রাখতে হবে আমাদের আচরণ যেন জনকল্যাণমুখী হয়।</p> <p>তিনি বলেন, এই শহরে সামান্য বৃষ্টি হলেই জলাবদ্ধতা সৃষ্টি হতো। বর্তমানে জলাবদ্ধতা নিরসনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ড্রেনসহ রাস্তাঘাট পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে সচেতনতা তৈরী, প্রতি ওয়ার্ডে প্রতি মাসে সচেতনতামূলক ক্যাম্পেইন করার জন্য প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তার প্রতি আহবান জানান। তিনি আরও বলেন, ময়মনসিংহ একটি পুরাতন এবং ঘনবসতিপূর্ণ এলাকা। ভবন নির্মাণের ক্ষেত্রে বিল্ডিং কোড মেনে জায়গা ছেড়ে ভবন নির্মাণ নিশ্চিত করতে হবে। ডেঙ্গু প্রতিরোধে মশক নিধন কার্যক্রম, জলাবদ্ধতা নিরসনে ড্রেন এবং খাল খনন, খালের উপর অবৈধ দখলদার উচ্ছেদ করে খাল দখলমুক্ত রাখতে জনগণের সহযোগিতা কামনা করেন। ময়মনসিংহ সিটি কর্পোরেশন এলাকায় এডিস মশা প্রতিরোধ কার্যক্রম জোরদার করতে হবে। তিনি নির্মাণাধীন ভবন, প্রতিষ্ঠান, নিজ নিজ বাসাবাড়ির আশে পাশে পরিষ্কার রাখার জন্য সচেতনতা সৃষ্টির লক্ষ্যে উপস্থিত সকলের প্রতি আহবান জানান।</p> <p>কর্মকর্তা কর্মচারীদের উদ্দেশ্যে তিনি বলেন সকলকে সমন্বিত ভাবে কাজ করতে হবে। প্রত্যেকটি ওয়ার্ড অফিসে তথ্যপ্রযুক্তি ব্যবহার নিশ্চিত করতে হবে। নাগরিক অভিযোগ সংক্রান্ত বিষয়ে একটি অভিযোগ বক্স তৈরী করে নগর ভবন এবং আঞ্চলিক অফিসে স্থাপনের ব্যপারে ময়মনসিংহ সিটি কর্পোরেশনের সচিবকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পরামর্শ দেন।</p> <p>প্রধান নির্বাহী কর্মকর্তা,মসিক সভায় বলেন,</p>	<p>২। ডেঙ্গু প্রতিরোধে মশক নিধন কার্যক্রম জোরদার করণ।</p> <p>৩। জলাবদ্ধতা নিরসনে খাল খনন, অবৈধ দখলদার উচ্ছেদ করে খালকে দখলমুক্তকরণ।</p> <p>৪। ময়মনসিংহ একটি পুরাতন এবং ঘনবসতিপূর্ণ এলাকা ভবন নির্মাণের ক্ষেত্রে বিল্ডিং কোড মেনে জায়গা ছেড়ে ভবন নির্মাণ নিশ্চিত করা।</p> <p>৫। ৩৩টি ওয়ার্ড অফিসে তথ্যপ্রযুক্তি ব্যবহার নিশ্চিত করা এবং প্রয়োজনীয় উপকরণ সরবরাহ।</p> <p>৬। নাগরিক অভিযোগ সংক্রান্ত বিষয়ে অভিযোগ বক্স তৈরী করে একটি নগর ভবন এবং একটি করে আঞ্চলিক অফিসে স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।</p>	<p>প্রধান স্বাস্থ্য কর্মকর্তা,মসিক</p> <p>প্রণিক,মসিক</p> <p>প্রধান প্রকৌশলী, মসিক</p> <p>সচিব,মসিক</p> <p>সচিব,মসিক</p>
--	--	---	--

		<p>ময়মনসিংহ সিটি কর্পোরেশন একটি সেবামূলক প্রতিষ্ঠান। নাগরিকদের সেবার মান উন্নয়নে আমরা প্রতিনিয়ত কাজ করে থাকি। তিনি প্রশাসন বিভাগ, প্রকৌশলী বিভাগ, স্বাস্থ্য বিভাগ এবং বর্জ্য ব্যবস্থাপনা বিভাগসহ বিভিন্ন বিভাগের কার্যক্রম সভায় উপস্থাপন করেন। তিনি আরও বলেন, ২০২২-২৩ অর্থ বছরের স্থানীয় সরকারের অধীন ২০টি প্রতিষ্ঠানের মধ্যে ময়মনসিংহ সিটি কর্পোরেশন পঞ্চম স্থান এবং শুদ্ধাচার পুরস্কারে ১২টি সিটি কর্পোরেশনের মধ্যে ময়মনসিংহ সিটি কর্পোরেশন দ্বিতীয় স্থান অর্জন করেছে। মাননীয় মেয়র মহোদয়ের নেতৃত্বে সকলের সম্মিলিত প্রচেষ্টার ফলেই এসব সম্ভব হয়েছে। ভবিষ্যতেও এ ধারা অব্যাহত থাকবে বলে আশাবাদ ব্যক্ত করেন। সভায় বক্তব্য রাখেন কাউন্সিলর, সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলরসহ প্রমুখ। বিস্তারিত আলোচনান্তে বর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।</p> <p>অতঃপর সভায় ময়মনসিংহ সিটি কর্পোরেশনের বর্তমান ৮নং ওয়ার্ডের কাউন্সিলর মো: ফারুক হাসান এবং বিলুপ্ত ময়মনসিংহ পৌরসভার ১৯নং ওয়ার্ড কাউন্সিলর মো: লিয়াকত আলী এবং ২১নং ওয়ার্ড কাউন্সিলর লাল মিয়া লাল্টুর মৃত্যুতে দোয়া অনুষ্ঠিত হয়।</p>		
--	--	--	--	--

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

## ময়মনসিংহ সিটি কর্পোরেশন ২য় পরিষদের প্রথম কর্পোরেশন সভার কার্যবিবরণী

সভাপতি	: জনাব মোঃ ইকরামুল হক টিটু, মেয়র, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ
সভার স্থান	: শহীদ শাহাবুদ্দিন মিলনায়তন, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ
তারিখ	: ১৮ জুলাই ২০২৪ খ্রি.
সময়	: বিকাল ৩.০০ ঘটিকা
সভায় উপস্থিতির তালিকা	: পরিশিষ্ট - 'ক' দ্রষ্টব্য

সভার শুরুতেই পবিত্র কোরআন হতে তেলাওয়াত করা হয়। অতঃপর সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

ক্র.নং	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১.	বিভিন্ন ওয়ার্ডে উন্নয়ন প্রকল্পে অন্তর্ভুক্তির স্কীম দাখিল প্রসঙ্গে।	<p>আলোচনায় অংশগ্রহণ করে ১৩নং ওয়ার্ড কাউন্সিলর জনাব হানিফ সরকার স্বপন বলেন, ওয়ার্ডের রাস্তা উন্নয়ন হয়েছে এবং কিছু রাস্তার কাজ চলমান রয়েছে। ড্রেনেজ ব্যবস্থা এবং ড্রেন পরিষ্কার কাজ চলমান আছে। তিনি ড্রেনের ভাঙ্গা পকেটগুলি মেরামত এর জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।</p> <p>জনাব মোঃ শফিকুল ইসলাম, কাউন্সিলর ২৬নং ওয়ার্ড বলেন, নতুন সিটি কর্পোরেশন হিসেবে ময়মনসিংহ সিটি কর্পোরেশন এর রাস্তাঘাট উন্নয়ন, ড্রেনেজ ব্যবস্থা এবং সড়ক বাতি স্থাপনসহ বিভিন্ন প্রকল্প চলমান আছে। তিনি ২৬ নং ওয়ার্ডে রাস্তা উন্নয়ন কাজগুলি দ্রুত বাস্তবায়নের আহবান জানান। তিনি আরও বলেন উক্ত ওয়ার্ডের অধিকাংশ লোক কৃষি কাজের উপর নির্ভরশীল থাকায় অনেকেই গরু, ছাগল, হাঁস, মুরগী পালন করে থাকে। রাস্তার বাতি না থাকায় প্রায়সঃই গরু চুরি হয়। এমতাবস্থায় রাস্তাগুলি সড়কবাতির আলোয় আলোকিত করার জন্য সভাপতি মহোদয়ের প্রতি আহবান জানান।</p> <p>জনাব মোঃ মোস্তফা কামাল, কাউন্সিলর ২২নং ওয়ার্ড বলেন, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় শেষ মোড় রাস্তার পাশে ফুটপাথ দখল করে অবৈধ স্থাপনা নির্মাণ করা হয়েছে। উক্ত অবৈধ স্থাপনা উচ্ছেদ করতে হবে। তাছাড়াও রাস্তার দুপাশে যে সকল অবৈধ স্থাপনা রয়েছে সেগুলো উচ্ছেদের জন্য দ্রুত পদক্ষেপ গ্রহণের কথা বলেন। তিনি আরও বলেন, ময়মনসিংহ সিটি কর্পোরেশন কর্তৃক ভবন নির্মাণের নকশা অনুমোদন দেয়া হয়ে থাকে। ভবন নির্মাণের যে শর্তগুলো দেওয়া হয়েছে সেই শর্তযুক্তপত্র সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলরদের যেন নিয়মিত দেওয়া হয় সে ব্যাপারে নির্দেশনা প্রদানের জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি ওয়ারিশান সনদপত্র প্রদান বিষয়ে সভায় আলোচনা করেন। সভাপতি বলেন, প্রয়োজনীয় কাগজপত্র অধিক যাচাই বাছাই পূর্বক বিবেচিত হলে স্মারক নাম্বার সহ রেজিস্টার খাতায় লিপিবদ্ধ করে</p>	<p>১। ময়মনসিংহ সিটি কর্পোরেশনের ৮নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ ফারুক হাসান, বিলুপ্ত ময়মনসিংহ পৌরসভার ২০নং ওয়ার্ড কাউন্সিলর মোঃ লিয়াকত আলী এবং ২১নং ওয়ার্ড কমিশনার জনাব লাল মিয়া লাল্টু মৃত্যুবরণ করায় তাঁদের বিদেহী আত্মার শান্তি ও মাগফেরাত কামনা এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করে শোক প্রস্তাব গ্রহণ।</p> <p>প্রত্যেক কাউন্সিলরগণ নিজ নিজ ওয়ার্ডে রাস্তা, ড্রেন উন্নয়ন প্রকল্পে অন্তর্ভুক্তির স্কীম দাখিল করবেন এবং ওয়ার্ডের সমস্যাগুলি চিহ্নিত করে পরবর্তী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>৩। ময়মনসিংহ সিটি কর্পোরেশন এলাকায় চলমান উন্নয়ন কাজের অগ্রগতি ও গুণগত মান নিশ্চিত করণ এবং দ্রুত সময়ের মধ্যে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>৪। রাস্তা, ড্রেন পরিষ্কার পরিচ্ছন্ন রাখা। বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে জনসাধারণের মাঝে সচেতনতা তৈরী এবং ওয়ার্ডভিত্তিক সচেতনতামূলক ক্যাম্পেইন এর ব্যবস্থা গ্রহণ।</p>	<p>প্রিন্সিপাল/সচিব, মসিক</p>

	<p>সদনের এককপি কার্যালয়ে সংরক্ষণ রেখে সনদ প্রদানের কথা বলেন।</p> <p>৯নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মো: আল মাসুদ বললেন, ময়মনসিংহ সিটি কর্পোরেশনের ৩টি ওয়ার্ড সমন্বয়ে একটি বর্জ্য স্টেশন তৈরী করা হলে বর্জ্য অপসারণ করতে সহজ হবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।</p> <p>৫নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মো: নিয়াজ মোর্শেদ বলেন, পুলিশ লাইন থেকে কাশর হয়ে ক্যান্টনমেন্ট পর্যন্ত রাস্তাটির উন্নয়ন কাজ দীর্ঘ দিন যাবত স্থবির হয়ে আছে। ফলে জনগণের চলাচলে সমস্যা হচ্ছে। রাস্তাটির উন্নয়ন কাজ দ্রুত শেষ করার কথা বলেন। উন্নয়ন কার্যক্রম, বর্জ্য ব্যবস্থাপনা কাজে যত্নপাতিবৃদ্ধি করা প্রয়োজন। তিনি প্রত্যেকটি ওয়ার্ডে একজন করে বৈদ্যুতিক মিস্ত্রী এবং হেলপার এবং মশক নিধন কাজে একটি করে ফগার মেশিন বরাদ্দ প্রদানের প্রস্তাব করেন।</p> <p>১৪নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মো: ফজলুল হক ওয়ার্ডের চলমান উন্নয়নকাজের গতিবৃদ্ধি করে দ্রুত শেষ করার জন্য প্রকৌশল বিভাগের প্রতি আহবান জানান। তিনি রাস্তায় সড়ক বাতি স্থাপনের কথা বলেন। যে সকল খাল খনন করা হয়েছে এবং খালের দুইপাশে অবৈধ স্থাপনা উচ্ছেদ করা হয়েছে সেই গুলি পুনরায় যেন দখল না হয় সে ব্যাপারে নিয়মিত তদারকি করতে হবে।</p> <p>জনাব মো: শাহজাহান, কাউন্সিলর ৩৩নং ওয়ার্ড বলেন, উক্ত ওয়ার্ডে ১৮টি রাস্তা উন্নয়নের কাজ শেষ পর্যায়ে রাস্তা নির্মাণের ফলে যানবাহন এবং জনসাধারণের চলাচলে সুবিধা হচ্ছে তিনি ৩৩নং ওয়ার্ডবাসীর পক্ষ থেকে মাননীয় মেয়র মহোদয়কে ধন্যবাদ জানান। তিনি শঙ্কুগঞ্জ মোড়ে একটি ফুটওভারব্রিজ নির্মাণের প্রস্তাব করেন।</p> <p>জনাব খোদেজা আক্তার সংরক্ষিত আসনের কাউন্সিলর ৪,৫,৬নং ওয়ার্ড জানান যে, বিগত ৫ বছরে ময়মনসিংহ নগরের রাস্তা, ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন ও সড়ক বাতি স্থাপনের জন্য মাননীয় মেয়র মহোদয়কে ধন্যবাদ জানান এবং চলমান প্রকল্পের কাজগুলি দ্রুত বাস্তবায়নের কথা বলেন।</p> <p>জনাব মোছা: খালেদা বেগম, সংরক্ষিত আসনের কাউন্সিলর ১৬,১৭,১৮নং ওয়ার্ড বলেন, ব্রাহ্মপল্লী ডা. নজরুল সাহেবের বাসার সাথে গলি রাস্তার পাশে প্রায় ২০০ পরিবার বসবাস করে এমতাবস্থায় রাস্তাটি মেরামত করা প্রয়োজন। তাছাড়া ১৮ নং ওয়ার্ডে কৃষ্ণপুর এলাকায় লাশ ধোয়ার জন্য একটি শেড নির্মাণের প্রস্তাব করেন।</p>	<p>৫। ডেঙ্গু প্রতিরোধে প্রত্যেক ওয়ার্ডে মশক নিধন কার্যক্রম জোরদার করণ।</p> <p>৬। রাস্তার বৈদ্যুতিক কাজে প্রত্যেক ওয়ার্ডে কার্যক্রম জোরদার করণ।</p>	<p>প্রধান প্রকৌশলী, মসিক</p>
--	--	--	----------------------------------

		<p>২৪নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মো: আসলাম হোসেন জানান যে, উক্ত ওয়ার্ডে রাস্তা উন্নয়ন, সড়ক বাতি স্থাপন করা হয়েছে সে জন্য মেয়র মহোদয়কে ধন্যবাদ জানান। তিনি বলেন, এলাকার পানি প্রবাহের জন্য ২টি খাল রয়েছে। খালগুলি দিন দিন ভরাট হয়ে যাচ্ছে অতি দ্রুত খালগুলি খনন করা প্রয়োজন।</p> <p>সভাপতি বলেন, অনেক সম্মানিত কাউন্সিলর রয়েছেন যারা ৩বার ৪বার এবং ৫বার কাউন্সিলর নির্বাচিত হয়েছেন। আপনারা বিগত সময়ে দেখেছেন ময়মনসিংহ নগরে সামান্য বৃষ্টি হলে রাস্তাঘাট পানির নীচে নিমজ্জিত থাকতো। বর্তমান ড্রেনেজ ব্যবস্থা উন্নয়নের ফলে ভারী বৃষ্টিপাতে অল্প সময়ে পানি নিষ্কাশিত হয়। জলাবদ্ধতা নিরসনে আমরা অনেকটা সহনীয় পর্যায়ে এসেছি। যানজট নিরসন এবং অবকাঠামো যেমন রাস্তা, ড্রেন, কালাভার্ট নির্মাণ এছাড়াও ড্রেনগুলো পরিষ্কার পরিচ্ছন্ন রাখা, খালগুলো দখলমুক্ত করণ, নগর স্বাস্থ্য উন্নয়ন, দারিদ্র বিমোচনে আমাদের কার্যক্রম অব্যাহত থাকবে। পরিচ্ছন্ন কর্মীরা যেন সঠিকভাবে বর্জ্য অপসারণ করে সে জন্য প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন এবং সম্মানিত ওয়ার্ড কাউন্সিলরদের সহযোগিতা কামনা করেন। তিনি আরও বলেন, কোন ফুটপাথ ছিল না। জনগণের চলাচলের কথা চিন্তা করে ফুটপাথ নির্মাণ করা হয়েছে এবং জনগণ এর সুফল ভোগ করছে। তিনি আরও বলেন, আমাদের সকলকে ইতিবাচক মনমানসিকতা নিয়ে কাজ করতে হবে। জনপ্রতিনিধি আমরা সকলে জনগণের কাজে কমিটমেন্ট দিয়ে নির্বাচিত হয়েছি। আমরা জনগণের সেবায় নিয়োজিত রাখবো এবং এ নগরকে একটি আধুনিক নগর হিসেবে গড়ে তুলবো উপস্থিত সকলের প্রতি এ আহবান ব্যক্ত করেন।</p> <p>বিস্তারিত আলোচনান্তে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>প্রধান প্রকৌশলী, মসিক</p> <p>প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, মসিক</p> <p>প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, মসিক</p> <p>নির্বাহী প্রকৌশলী বিদ্যুৎ, মসিক</p>														
০২	বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা	<p>প্রধান নির্বাহী কর্মকর্তা, মসিক সভায় বলেন, ময়মনসিংহ সিটি কর্পোরেশন একটি সেবামূলক প্রতিষ্ঠান। নাগরিকদের সেবার মান উন্নয়নে আমরা প্রতিনিয়ত কাজ করে থাকি। তিনি প্রশাসন বিভাগ, প্রকৌশল বিভাগ, স্বাস্থ্য বিভাগ এবং বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ, সমাজ কল্যাণ বিভাগসহ বিভিন্ন বিভাগের কার্যক্রমের তথ্য চিত্র পরিষদের সভায় উপস্থাপন করেন।</p> <p>তিনি আরও বলেন, ২০২২-২৩ অর্থ বছরের স্থানীয় সরকারের অধীন ২০টি প্রতিষ্ঠানের মধ্যে ময়মনসিংহ সিটি কর্পোরেশন পঞ্চম স্থান এবং শুদ্ধাচার পুরস্কারে ১২টি সিটি কর্পোরেশনের মধ্যে ময়মনসিংহ সিটি কর্পোরেশন দ্বিতীয় স্থান অর্জন করেছে। মাননীয় মেয়র মহোদয়ের নেতৃত্বে সকলের সম্মিলিত প্রচেষ্টার ফলেই সম্ভব হয়েছে।</p>	<p>৭। ২০১৯-২০২৪ সনের সাধারণ এসেসমেন্ট হতে ২২-৩৩ নং ওয়ার্ড পর্যন্ত সেমিপাকা ও কাঁচা আবাসিক বাড়ি সমূহের হোল্ডিং ট্যাক্স রেইট নিম্ন বর্ণিত সংশোধিত রেইট চার্ট বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <table border="1"> <thead> <tr> <th>ধরন</th><th>অঞ্চল</th><th>বিদ্যমান রেইট</th><th>সংশোধিত রেইট</th></tr> </thead> <tbody> <tr> <td rowspan="3">সেমি পাকা অবকাঠামো</td><td>ক</td><td>১.৩৫ টাকা</td><td>.৯০ টাকা</td></tr> <tr> <td>খ</td><td>১.১৪ টাকা</td><td>.৬০ টাকা</td></tr> <tr> <td>গ</td><td>.৭২ টাকা</td><td>.৩৫ টাকা</td></tr> </tbody> </table>	ধরন	অঞ্চল	বিদ্যমান রেইট	সংশোধিত রেইট	সেমি পাকা অবকাঠামো	ক	১.৩৫ টাকা	.৯০ টাকা	খ	১.১৪ টাকা	.৬০ টাকা	গ	.৭২ টাকা	.৩৫ টাকা
ধরন	অঞ্চল	বিদ্যমান রেইট	সংশোধিত রেইট														
সেমি পাকা অবকাঠামো	ক	১.৩৫ টাকা	.৯০ টাকা														
	খ	১.১৪ টাকা	.৬০ টাকা														
	গ	.৭২ টাকা	.৩৫ টাকা														



	<p>রাজস্ব বিভাগের উপর আলোচনায় অংশ গ্রহণ করে জনাব সৈজুতি ধর প্রধান রাজস্ব কর্মকর্তা বলেন, ২০১৯-২০২৪ সনের এসেসমেন্ট ও ময়মনসিংহ সিটি কর্পোরেশনের বর্ণিত ২২-৩৩ নং ওয়ার্ড সমূহে পুরাতন ওয়ার্ডসমূহের ন্যায় একই রেটে ট্যাক্স ধার্য করা হয়েছিল। উক্ত ওয়ার্ড সমূহ পূর্বে ইউনিয়ন পরিষদের অন্তর্গত ছিল বিধায় শুরুতে কাঁচা এবং সেমিপাকা বাড়ির হোল্ডিং ট্যাক্স সহনীয় মাত্রায় ধার্য করা প্রয়োজন। তিনি ১৯৮৬ সনের কর বিধিমালায় ২৬ ধারার ১ উপ ধারা অনুসরণে ২০১৯-২০২৪ সনের সাধারণ এসেসমেন্ট হতে ২২-৩৩ নং ওয়ার্ড সমূহের কাঁচা এবং সেমি পাড়া বাড়ি সমূহের হোল্ডিং ট্যাক্স রেট সংশোধন প্রয়োজন। তিনি আরো বলেন ১ জুলাই ২০১৯ থেকে ৩০ জুন ২০২৪ সন পর্যন্ত পূর্ববর্তী সাধারণ এসেসমেন্ট এর মেয়াদ। ১৯৮৬ সনের কর আরোপ আইনের ২১ ধারা অনুসরণে ৫ (পাঁচ) বৎসর অন্তর সাধারণ এসেসমেন্ট করার বিধান আছে। বিধান অনুসারে পরবর্তী সাধারণ এসেসমেন্ট এর কার্যকাল হবে জুলাই ২০২৪ হইতে জুন ২০২৯ পর্যন্ত।</p> <p>সমাজ কল্যাণ বিভাগের উপর আলোচনায় অংশ গ্রহণ করে দায়িত্বপ্রাপ্ত প্রধান সমাজ কর্মকর্তা জনাব বুলবুল আহমেদ বলেন, সারা দেশের ন্যায় ময়মনসিংহ সিটি কর্পোরেশন এলাকায় ১ লক্ষ ফ্যামিলি কার্ডধারী নিম্ন আয়ের পরিবারের নিকট নিত্য প্রয়োজনীয় পণ্য ভর্তুকি মূল্যে টিসিবি কর্তৃক ডিলারের মাধ্যমে বিক্রয় করা হচ্ছে। এ বিক্রয় কার্যক্রমকে আরো গতিশীল করতে প্রতিটি কার্ডধারী পরিবারের জন্য একটি করে স্মার্ট কার্ড বিতরণের উদ্যোগে গ্রহণ করা হয়েছে। তিনি ময়মনসিংহ সিটি কর্পোরেশনের জন্য বরাদ্দ ১ লক্ষ ফ্যামিলি কার্ড এর জন্য ওয়ার্ডভিত্তিক চূড়ান্ত তালিকা প্রদানের জন্য পরিষদের প্রতি আহবান জানান।</p> <p>সভাপতি বলেন, সিটি কর্পোরেশন ঘোষণার অল্প সময়ের মধ্যে মাননীয় প্রধানমন্ত্রী ময়মনসিংহ সিটি কর্পোরেশনকে প্রায় উনিশশত কোটি টাকার প্রকল্প দিয়েছেন। নগরজুড়ে ৩৩টি ওয়ার্ডে এ কার্যক্রম চলমান রয়েছে। জনগণ ইতোমধ্যে এর সুফল ভোগ করতে শুরু করেছে। তিনি আরও বলেন, উন্নয়ন কার্যক্রম এর পাশাপাশি আমাদের রাজস্ব আদায়ের দিকে দৃষ্টি দিতে হবে। রাজস্ব আদায় হলে আমরা আর্থিকভাবে উন্নত হবো এবং আমাদের যে স্বপ্ন নগরকে টেলে সাজানো যেমন- রাস্তা প্রশস্তকরণ, জলাবদ্ধতা নিরসন, দারিদ্র বিমোচন, নগর স্বাস্থ্য উন্নয়ন, যানজট নিয়ন্ত্রণ, মশক নিধনসহ কাজে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে শক্তিশালী অর্থনৈতিক কাঠামো।</p> <p>বিস্তারিত আলোচনান্তে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<table border="1" data-bbox="894 184 1253 426"> <thead> <tr> <th>ধরন</th><th>অঞ্চল</th><th>বিদ্যমান রেইট</th><th>সংশোধিত রেইট</th></tr> </thead> <tbody> <tr> <td rowspan="3">কাঁচা অবকাঠামো</td><td>ক</td><td>১.১৪ টাকা</td><td>.৭০ টাকা</td></tr> <tr> <td>খ</td><td>.৯০ টাকা</td><td>.৫০ টাকা</td></tr> <tr> <td>গ</td><td>.৬০ টাকা</td><td>.২৫ টাকা</td></tr> </tbody> </table> <p>৮। জনস্বার্থে অর্থনৈতিক মন্দা এবং দ্রব্যমূল্যের উর্ধ্বগতি বিবেচনায় সর্বসম্মতিক্রমে ২০২৪-২০২৫ অর্থ বছরের সাধারণ এসেসমেন্ট স্থগিত রেখে জুলাই ২০২৫- হইতে ২০৩০ জুন ২০৩০ পর্যন্ত সাধারণ এসেসমেন্ট বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>৯। ময়মনসিংহ সিটি কর্পোরেশন এলাকার জন্য ১ (এক) লক্ষ টিসিবি ফ্যামিলি কার্ড প্রতিটি কার্ডধারী পরিবারের জন্য একটি করে স্মার্ট কার্ড তৈরীর লক্ষ্যে সঠিক যাচাই বাছাই, সংযোজন বিয়োজনপূর্বক ওয়ার্ড কাউন্সিলরগণ চূড়ান্ত তালিকা দ্রুত জমা দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>১০। ৩৩টি ওয়ার্ড অফিসে তথ্যপ্রযুক্তি ব্যবহার নিশ্চিত করা এবং প্রয়োজনীয় উপকরণ সরবরাহ।</p> <p>১১। শম্ভুগঞ্জ চরনিলক্ষিয়া ইউনিয়ন পরিষদ ভবনটি সিটি কর্পোরেশনের আওতায় আনার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।</p>	ধরন	অঞ্চল	বিদ্যমান রেইট	সংশোধিত রেইট	কাঁচা অবকাঠামো	ক	১.১৪ টাকা	.৭০ টাকা	খ	.৯০ টাকা	.৫০ টাকা	গ	.৬০ টাকা	.২৫ টাকা	<p>প্রধান সমাজ কল্যাণ কর্মকর্তা, মসিক</p>
ধরন	অঞ্চল	বিদ্যমান রেইট	সংশোধিত রেইট														
কাঁচা অবকাঠামো	ক	১.১৪ টাকা	.৭০ টাকা														
	খ	.৯০ টাকা	.৫০ টাকা														
	গ	.৬০ টাকা	.২৫ টাকা														

০৪.	বিবিধ	<p>জনাব মোঃ আসিফ হোসেন (ডন), কাউন্সিলর ৭নং ওয়ার্ড সভায় বলেন, ওয়ার্ডের চলমান কাজগুলি দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানের সাথে আলোচনা করতে হবে এবং সমস্যা চিহ্নিত করে সমাধানের কথা বলেন। তিনি ওয়ার্ডে জনগণের দ্রুত সেবা প্রদানের জন্য ডিজিটাল প্রযুক্তি ব্যবহার উপর গুরুত্বারোপ করেন।</p> <p>৭,৮,৯ নং সংরক্ষিত আসনের কাউন্সিলর জনাব হামিদা পারভিন বলেন ডি এন চক্রবর্তী রোডে প্রায়ই ছিনতাই হয়। এমতাবস্থায় রাস্তায় সিসি ক্যামেরা স্থাপনের জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন</p> <p>জনাব মোছাঃ ফারজানা ববি কাকলী ৩১,৩২৩৩ নং সংরক্ষিত আসনের কাউন্সিলর উক্ত প্রস্তাব সমর্থন করে বলেন বর্ষার সময় পানি যে খাল দিয়ে নদীতে প্রবাহিত হয় সেই খাল দ্রুত সময়ে খনন করার কথা বলেন। তিনি চর নিলক্ষিয়া ইউনিয়ন পরিষদ ভবনটি সিটি কর্পোরেশনের আওতায় আনার কার্যক্রম গ্রহণের জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।</p> <p>জনাব আকিকুন নাহার, সংরক্ষিত আসনের কাউন্সিলর ১,২,৩ নং ওয়ার্ড সভায় এক মত পোষন করে জনগণের জীবন মান উন্নয়নে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন।</p>	<p>সচিব,মসিক</p> <p>প্রিন্সিপাল/সচিব</p>
-----	-------	---	--

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

## ৯.২ স্থায়ী কমিটির সভা

### (১) ময়মনসিংহ সিটি কর্পোরেশন এলাকার বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	: জনাব মোঃ মোস্তফা ফারুক কাউন্সিলর ২১ নং ওয়ার্ড, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ
সভার স্থান	: শহীদ শাহাবুদ্দিন মিলনায়তন, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ
তারিখ	: ০৮ মে ২০২৪ খ্রিঃ
সময়	: সকাল ১১.০০ ঘটিকা
সভায় উপস্থিতির তালিকা	: পরিশিষ্ট-‘ক’ দ্রষ্টব্য

সভার শুরুতেই পবিত্র কোরআন হতে তেলাওয়াত করা হয়। অতঃপর সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

বিস্তারিত আলোচনাতে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রমিক নং	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ	সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সচিব ও সদস্য সচিব, বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ সংক্রান্ত স্থায়ী কমিটি, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন। তিনি সভার কার্যবিবরণী দৃষ্টিকরণের প্রস্তাব রাখেন।	পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ	বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ সংক্রান্ত স্থায়ী কমিটি

০২	বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ সম্পর্কে আলোচনা	জনাব কামাল খান, কাউন্সিলর ১৭ নং ওয়ার্ড ও সদস্য বলেন যে, সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকার বাজারসমূহে মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণের জন্য গঠিত টিমকে প্রতিনিয়ত পর্যবেক্ষণ, মনিটরিং করার কথা বলেন তিনি আরও বলেন, প্রতিটি	প্রতিটি দোকানে মূল্য তালিকা টানানোসহ প্রতিনিয়ত হালনাগাদ করার ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রশাসন বিভাগ, মসিক
----	--	---	---	---------------------

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

### (০২) শিশু কল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব হামিদা পারভীন, সংরক্ষিত আসনের কাউন্সিলর ৭,৮,৯ নং ওয়ার্ড, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।

স্থান : শহীদ শাহাবুদ্দিন মিলনায়তন, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।

তারিখ : ০৬ জুলাই ২০২৩ খ্রিঃ

সময় : সকাল ১১.৩০ ঘটিকা

সভায় উপস্থিতির তালিকা : পরিশিষ্ট-‘ক’ দ্রষ্টব্য

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

ক্রঃ	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১.	পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ	সভাপতির অনুমতিক্রমে জনাব উম্মে হালিমা, সমাজকল্যাণ কর্মকর্তা ও সদস্য সচিব, শিশু কল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি, মসিক পূর্ববর্তী সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন।	পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদন	শিশু কল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি
০২.	শিশু কল্যাণ বিষয়ক	জনাব উম্মে হালিমা সমাজকল্যাণ কর্মকর্তা ও সদস্য সচিব, শিশু কল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি, মসিক জানান গত অর্থ-বছরের ন্যায় এ অর্থ বছর (২০২৩-২০২৪)-এ মহিলা বিষয়ক অধিদপ্তর হতে মা ও শিশু সহায়তা কর্মসূচীর আওতায় ময়মনসিংহ সিটি কর্পোরেশনের অনুকূলে প্রতিমাসে প্রতি ওয়ার্ডে ৫টি করে বরাদ্দ প্রদান করা হয়েছে। তিনি আরও জানান বরাদ্দ অনুযায়ী উপযুক্ত সুবিধাভোগী নির্বাচন করে সকল ওয়ার্ড হতে আবেদন সংগ্রহ করে MIS পদ্ধতিতে আবেদন এন্ট্রি করা প্রয়োজন।	সকল ওয়ার্ড হতে আবেদন সংগ্রহ ও MIS এ ডাটা এন্ট্রির সিদ্ধান্ত গৃহীত হয়।	সমাজকল্যাণ বিভাগ, মসিক
০৩.	শিশুদের জন্য শিশু পার্ক নির্মাণ	জনাব সেলিনা আক্তার সংরক্ষিত আসনের কাউন্সিলর সদস্য, শিশু কল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি, মসিক জানান ৩৩টি ওয়ার্ড নিয়ে ময়মনসিংহ সিটি কর্পোরেশন গঠিত। অথচ শিশুদের মাত্র ২টি পার্ক/বিনোদনকেন্দ্র রয়েছে যা ১টি ওয়ার্ডের মধ্যে সীমাবদ্ধ। শিশুদের জন্য আরও কয়েকটি বিনোদনকেন্দ্র/পার্ক নির্মাণ করা প্রয়োজন।	শিশু পার্ক/বিনোদনকেন্দ্র নির্মাণের প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রকৌশল বিভাগ, মসিক

বিবিধ আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

## (০৩) নারী কল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব সামীমা আক্তার, প্যানেল মেয়র-৩ ও সংরক্ষিত আসনের কাউন্সিলর ১৯, ২০, ২১ নং ওয়ার্ড, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।

স্থান : শহীদ শাহাবুদ্দিন মিলনায়তন, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।

তারিখ : ০২ আগস্ট ২০২৩ খ্রিঃ

সময় : সকাল ১১.৩০ ঘটিকা

সভায় উপস্থিতির তালিকা : পরিশিষ্ট-‘ক’ দ্রষ্টব্য

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

ক্রঃ	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১.	পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ	সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সমাজকল্যাণ কর্মকর্তা ও সদস্য সচিব, নারী কল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন। তিনি সভার কার্যবিবরণী দৃষ্টিকরণের প্রস্তাব রাখেন।	পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ	নারী কল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি।
০২.	নারী সহিংসতা বিষয়ে	জনাব মোঃ আব্দুল মান্নান, কাউন্সিলর ১৬ নং ওয়ার্ড, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ জানান নারী নির্যাতন, বাল্য বিবাহ, বহু বিবাহ, ইভটিজিং, যৌতুক প্রতিরোধ, এসিড নিক্ষেপ, শিশু নির্যাতন প্রতিরোধে মাইকিং এর মাধ্যমে প্রচারণা করা প্রয়োজন। তিনি আরও জানান, প্রতিটি ওয়ার্ড কার্যালয়ে অভিযোগ বক্স স্থাপন করা হলে নারী সহিংসতা দূরীকরণে পদক্ষেপ নিতে সহজ হবে।	প্রতিটি ওয়ার্ড কার্যালয়ে অভিযোগ বক্স স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিষদ সভায় আলোচ্য বিষয়টি উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	নারী কল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি।
০৩.	বিবিধ	জনাব শাহনাজ বেগম, সংরক্ষিত আসনের কাউন্সিলর, ২২,২৩,২৪ নং ওয়ার্ড, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ জানান ময়মনসিংহ সিটি কর্পোরেশন এ বিধবা ভাতা বন্ধ থাকায় বিধবাদের আর্থিক স্বচ্ছলতা বাড়াতে তাদের আয়বর্ধক প্রশিক্ষণ প্রদান ও কর্মসংস্থানের ব্যবস্থা করা প্রয়োজন।	বিধবাদের বিভিন্ন আয়বর্ধনমূলক প্রশিক্ষণ প্রদান ও কর্মসংস্থানের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত হয়।	নারী কল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি/ সমাজকল্যাণ বিভাগ।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

## (০৪) পরিবেশ উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটির কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ শফিকুল ইসলাম, কাউন্সিলর ২৬নং ওয়ার্ড, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।

স্থান : শহীদ শাহাবুদ্দিন মিলনায়তন, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।

তারিখ : ০৮ আগস্ট ২০২৩ খ্রিঃ

সময় : সকাল ১১.৩০ ঘটিকা

সভায় উপস্থিতির তালিকা : পরিশিষ্ট-‘ক’ দ্রষ্টব্য

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

ক্রঃ	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ	সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সমাজকল্যাণ কর্মকর্তা ও সদস্য সচিব, পরিবেশ উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটি ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন। তিনি সভার কার্যবিবরণী দৃষ্টিকরণের প্রস্তাব রাখেন।	পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃষ্টিকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিবেশ উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটি
০২.	পরিবেশ উন্নয়ন বিষয়ক	ময়মনসিংহ সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র মহোদয়ের প্রধান লক্ষ্যই হচ্ছে ময়মনসিংহকে একটি উন্নত, আধুনিক, পরিচ্ছন্ন ও পরিবেশবান্ধব নগরী হিসেবে গড়ে তোলা। এ লক্ষ্য অর্জনে পরিবেশ উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটির ভূমিকা অনেক গুরুত্বপূর্ণ। তিনি সম্মানিত সদস্যগণদের ময়মনসিংহ সিটি কর্পোরেশনের পরিবেশের উন্নয়ন বিষয়ক পরামর্শ ও মতামত প্রদানের অনুরোধ জানান। জনাব সৈয়দ শফিকুল ইসলাম মিন্টু, কাউন্সিলর ৬নং ওয়ার্ড, মসিক জানান পরিবেশ উন্নয়নে জনগনের সচেতনতা বৃদ্ধি করা প্রয়োজন। তিনি সিটি কর্পোরেশনের সকল ওয়ার্ড ভিত্তিক কার্যাবলী অনুষ্ঠানের আয়োজন করার প্রস্তাব দেন।	ওয়ার্ডভিত্তিক কার্যাবলী অনুষ্ঠানের আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিবেশ উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটি
০৩.	খাল দখলমুক্ত ও পুনঃখনন বিষয়ে	জনাব মোঃ শফিকুল ইসলাম, পরিবেশ উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটির সভাপতি ও কাউন্সিলর ২৬নং ওয়ার্ড, মসিক সভায় অবহিত করেন সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত বেশ কিছু খাল অবৈধ দখলে চলে গিয়েছে। বিশেষকরে তার ওয়ার্ডে উজানবাড়েরায় একটি খাল অবৈধ দখলে রয়েছে। এইসকল খালগুলো দূত দখলমুক্ত করে তা পুনঃখনন করা গেলে শহরের পরিবেশের ভারসাম্য বজায় থাকবে।	সকল ওয়ার্ড এর কাউন্সিলরগনের সহযোগিতায় দূত খালগুলো দখলমুক্ত করে পুনঃখননের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিবেশ উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটি, মসিক/সকল কাউন্সিলরগণ
০৪.	বৃক্ষ রোপন ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত	জনাব মোঃ মোস্তফা ফারুক, কাউন্সিলর ২১নং ওয়ার্ড, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ জানান বর্তমানে ময়মনসিংহ সিটি কর্পোরেশনের উদ্যোগে বেশ কিছু নতুন সড়ক নির্মাণ করা হচ্ছে সড়কগুলোর দু'পাশে খালি জায়গাগুলোতে যদি বৃক্ষরোপন করা যায় তাহলে নগরের পরিবেশের উন্নতির পাশাপাশি সৌন্দর্যও বৃদ্ধি পাবে।	সিটি কর্পোরেশন এলাকায় বিভিন্ন সড়কের দু'পাশে বৃক্ষরোপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিবেশ উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটি/প্রকৌশল বিভাগ, মসিক।

বিবিধ আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**(০৫) নগর পরিকল্পনা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী**

সভাপতি	: জনাব মোঃ মাহবুব আলম হেলাল, কাউন্সিলর ১৫ নং ওয়ার্ড, ময়মনসিংহ সিটি কর্পোরেশন।
সভার স্থান	: শহীদ শাহাবুদ্দিন মিলনায়তন, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ
তারিখ	: ১৪ আগস্ট ২০২৩ খ্রিঃ
সময়	: বেলা ১১.০০ ঘটিকা
সভায় উপস্থিতির তালিকা	: পরিশিষ্ট - 'ক' দ্রষ্টব্য

সভার শুরুতেই পবিত্র কোরআন হতে তেলাওয়াত করা হয়। অতঃপর সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

ক্রঃ	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১.	পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদন	সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে নগর পরিকল্পনাবিদ জানান, ময়মনসিংহ সিটি কর্পোরেশনের ও সদস্য সচিব অত্র কমিটি জানান যে, ময়মনসিংহ সিটি কর্পোরেশনকে একটি আধুনিক ও স্মার্ট নগরী গড়ে তোলার লক্ষ্যে মাননীয় মেয়র মহোদয় নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। তিনি বলেন যে, এই নগরীকে সুন্দর ও পরিকল্পিত নগরী হিসেবে গড়ে তোলার জন্য একটি মাস্টার প্ল্যান প্রণয়ন করা হয়েছে। সে আলোকে সকলকে একযোগে কাজ করতে হবে। তিনি আরও জানান যে, অত্র সিটি কর্পোরেশন গঠনের পর হতে বেশকিছু ভবনের অনুমোদন দেয়া হয়েছে। অনুমোদিত ভবনসমূহ নিয়মিত নির্মাণ করা হচ্ছে কিনা তা নিয়মিত তদারকি করা হচ্ছে।	নগরীকে সুন্দর ও পরিকল্পিত নগরী হিসেবে গড়ে তোলার জন্য সকলকে একযোগে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট সকল
০২.	নগর পরিকল্পনা ও উন্নয়ন বিষয়ক আলোচনা	জনাব মোঃ ফারুক হাসান, কাউন্সিলর ০৮ নং, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ ও জনাব মোঃ শাহজাহান, কাউন্সিলর ৩৩ নং ওয়ার্ড, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ এবং জনাব মোঃ আনিসুর রহমান, কাউন্সিলর ১২ নং, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ বলেন যে, প্ল্যাণ অনুমোদন হওয়ার পর অনুমোদিত কপি যেন সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলরগণকে প্রেরণ করা হয় সে বিষয়ে লক্ষ্য রাখতে হবে।	ভবন নির্মাণের প্ল্যাণ অনুমোদন হওয়ার পর অনুমোদিত কপি সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলরগণকে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	নগর পরিকল্পনাবিদ মসিক

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**(০৬) প্রতিবন্ধী ও দুঃস্থ কল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরণী**

সভাপতি : জনাব জনাব হামিদা পারভীন, সংরক্ষিত আসনের কাউন্সিলর ৭,৮,৯ নং ওয়ার্ড, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।

স্থান : শহীদ শাহাবুদ্দিন মিলনায়তন, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।

তারিখ : ১২ সেপ্টেম্বর ২০২৩ খ্রিঃ

সময় : সকাল ১১.৩০ ঘটিকা

সভায় উপস্থিতির তালিকা : পরিশিষ্ট-‘ক’ দ্রষ্টব্য

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

ক্রঃ	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১.	পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ	সভাপতির অনুমতিক্রমে জনাব উম্মে হালিমা, সমাজকল্যাণ কর্মকর্তা ও সদস্য সচিব, প্রতিবন্ধী ও দুঃস্থ কল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি, মসিক পূর্ববর্তী সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন।	পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদন	প্রতিবন্ধী ও দুঃস্থ কল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি
০২.	প্রতিবন্ধী ও দুঃস্থ কল্যাণ বিষয়ক	জনাব উম্মে হালিমা, সমাজকল্যাণ কর্মকর্তা, প্রতিবন্ধী ও দুঃস্থ কল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির সদস্য সচিব জানান, সমাজসেবা অধিদপ্তর হতে সামাজিক সুরক্ষা কর্মসূচীর আওতায় বাস্তবায়িত ২০২৩-২৪ অর্থবছরে ময়মনসিংহ সিটি কর্পোরেশনের অনুকূলে প্রতিবন্ধী ভাতা প্রদানের জন্য সকল ওয়ার্ড হতে অনলাইনে প্রতিবন্ধী ভাতার জন্য আবেদন করতে নির্দেশনা প্রদান করা হয়েছে। অনলাইনে আবেদনের প্রেক্ষিতে ভাতা বরাদ্দ প্রদান করা হবে মর্মে সমাজসেবা অধিদপ্তর হতে জানানো হয়েছে।	সকল ওয়ার্ড কার্যালয় ও আঞ্চলিক কার্যালয় হতে প্রতিবন্ধী ভাতার আবেদন অনলাইনে করার সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রতিবন্ধী ও দুঃস্থ কল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি
০৩.	প্রতিবন্ধীদের সুবর্ণ কার্ড প্রদানের ব্যবস্থা	জনাব সামীমা আক্তার প্যানেল মেয়র-৩ ও সংরক্ষিত আসনের কাউন্সিলর ১৯,২০,২১ নং ওয়ার্ড সদস্য, প্রতিবন্ধী ও দুঃস্থ কল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি জানান যে সকল প্রতিবন্ধী এখনো সুবর্ণ কার্ড পাইনি তাদেরকে দ্রুততম সময়ের মধ্যে জরিপের আওতায় এনে সুবর্ণ কার্ড প্রদানের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।	প্রতিবন্ধীদের সুবর্ণ কার্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	শহর সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ

বিবিধ আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

## (০৭) ইপিআই কার্যক্রম সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব শাম্মী আক্তার মিতু, সংরক্ষিত আসনের কাউন্সিলর ৪,৫,৬ নং ওয়ার্ড, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।  
স্থান : শহীদ শাহাবুদ্দিন মিলনায়তন, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।  
তারিখ : ১২ সেপ্টেম্বর ২০২৩ খ্রিঃ  
সময় : সকাল ১১.৩০ ঘটিকা  
সভায় উপস্থিতির তালিকা : পরিশিষ্ট-‘ক’ দৃষ্টব্য

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

ক্রঃ	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১.	পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ	সভাপতি মহোদয়ের অনুরোধক্রমে প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ও সদস্য সচিব, ইপিআই কার্যক্রম সংক্রান্ত স্থায়ী কমিটি, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন। তিনি সভার কার্যবিবরণী দৃষ্টিকরণের প্রস্তাব রাখেন।	পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ	ইপিআই কার্যক্রম সংক্রান্ত স্থায়ী কমিটি
০২.	ইপিআই কার্যক্রম	জনাব আসাদুজ্জামান বাবু, সাধারণ আসনের কাউন্সিলর -১ নং ওয়ার্ড, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ বলেন, ময়মনসিংহ সিটি কর্পোরেশন বাংলাদেশের সর্ব কনিষ্ঠ ও নবীনতম সিটি কর্পোরেশন। হঠাৎ করে করোনা মহামারী বাংলাদেশে বিপর্যয় সৃষ্টি করে, তখন বাংলাদেশ সরকার মানুষের নিরাপত্তা ও স্বাস্থ্য সুরক্ষায় টিকা দান কর্মসূচি গ্রহণ করেন, পরবর্তীতে ময়মনসিংহ সিটি কর্পোরেশন স্থায়ী অস্থায়ী টিকাদান কেন্দ্র স্থাপন করে সাধারণ নাগরিককে টিকাদান কার্যক্রম সম্পর্কে জানাতে সক্ষম হয়। এটির লক্ষ্য মাত্র শতভাগ পূরণ করার জন্য তিনি নগর বাসীর সহযোগিতা কামনা করেন। জনাব কাউছার ই জাম্মাত, সংরক্ষিত আসনের কাউন্সিলর ২৮,২৯,৩০ নং ওয়ার্ড, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ বলেন, অন্যান্য টিকা ছাড়াও মাতৃ কালীন টিকা এবং শিশুর বিভিন্ন টিকা কার্যক্রম ময়মনসিংহ সিটি কর্পোরেশন সম্পন্ন করে থাকে এছাড়াও নিয়মিত স্বাস্থ্য সেবা দিয়ে থাকে।	নিয়মিত ক্যাম্পেইন আয়োজন করা	স্বাস্থ্য বিভাগ, মসিক
০৩.	বিবিধ	জনাব সেলিনা আক্তার, সংরক্ষিত আসনের কাউন্সিলর ১,২,৩ নং ওয়ার্ড, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ জানান, ইপিআই কার্যক্রম আরো গতিশীল করতে প্রতিটি ওয়ার্ড পর্যায়ে ক্যাম্পেইন, প্রচার-প্রচারণা,	ওয়ার্ড পর্যায়ে ক্যাম্পেইন, প্রচার-প্রচারণা, মাইকিং ও লিফলেট বিতরণ, ওঠান বেঠক আয়োজন করা	ইপিআই কার্যক্রম সংক্রান্ত স্থায়ী কমিটি



		মাইকিং ও লিফলেট বিতরণ, ওঠান বৈঠক আয়োজন করতে হবে। ফল শ্রুতিতে সাধারণ মানুষ টিকা নিতে আরো আগ্রহী হবে এবং আমরা এটির লক্ষ্য মাত্র শতভাগ পূরণ করতে পারবো এ জন্য তিনি নগর বাসীর সহযোগিতা কামনা করেন।		
--	--	---	--	--

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

### (০৮) ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ নিয়াজ মোর্শেদ, কাউন্সিলর ৫ নং ওয়ার্ড, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।  
স্থান : শহীদ শাহাবুদ্দিন মিলনায়তন, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।  
তারিখ : ০৮ নভেম্বর ২০২৩ খ্রিঃ  
সময় : সকাল ১১.৩০ ঘটিকা  
সভায় উপস্থিতির তালিকা : পরিশিষ্ট-‘ক’ দ্রষ্টব্য

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

ক্রঃ	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১.	পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ	সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সচিব ও সদস্য সচিব, ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা সংক্রান্ত স্থায়ী কমিটি ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন। তিনি সভার কার্যবিবরণী দৃষ্টিকরণের প্রস্তাব রাখেন।	পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ করা হয়	ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা সংক্রান্ত স্থায়ী কমিটি
০২.	ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা সংক্রান্ত আলোচনা	জনাব মোঃ সাক্কির ইউনুস, কাউন্সিলর ২৩ নং ওয়ার্ড, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ জানান ভৌগোলিক অবস্থানের কারণে বাংলাদেশ প্রাকৃতিক দুর্যোগ কবলিত দেশ। মহামারী ও নানা প্রাকৃতিক দুর্যোগ যেমন বন্যা, জলোচ্ছ্বাস, খরা, সাইক্লোন, ঘূর্ণিঝড় বাংলাদেশে অহরহ দেখা দেয় যার ফলে অনেক ক্ষতির সম্মুখীন হতে হয়। তাই আবহাওয়ার পূর্বাভাস অনুযায়ী আমাদেরকে দুর্যোগ পূর্ববর্তী ও পরবর্তী অনেক কার্যক্রম ও নানা পদক্ষেপ গ্রহণ করতে হয়। জনাব মোঃ আমিনুল ইসলাম, কাউন্সিলর ২৪ নং ওয়ার্ড, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ বলেন মহামারী ও দুর্যোগে ক্ষতিগ্রস্ত এলাকা চিহ্নিত করণ, উদ্ধার অভিযান পরিচালনা করণ, সুপেয় পানি সংগ্রহ, খাদ্য সামগ্রী সংরক্ষণ ও	দুর্যোগ পূর্ববর্তী ও পরবর্তী মোকাবেলা প্রস্তুতি ও নানা পদক্ষেপ গ্রহণ করা। ত্রাণ সামগ্রী সংগ্রহ ও বন্টন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং আর্থিক সহযোগিতার ব্যবস্থা করা।	ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা সংক্রান্ত স্থায়ী কমিটি

		বন্টন, ত্রাণ ও আর্থিক সহায়তা প্রদান ইত্যাদি নানা কার্যক্রম গ্রহণ ও পরিচালনা করতে হবে। তিনি জানান আবহাওয়ার পূর্বাভাস অনুযায়ী সতর্কতা সংকেত জানানো, মাইকিং করা, নিরাপদ আশ্রয়ে স্থানান্তর ও প্রয়োজনে অস্থায়ী আশ্রয় কেন্দ্র স্থাপন করে দুর্যোগ মোকাবেলা করতে হবে।		
০৩.	বিবিধ	জনাব মোঃ রফিকুল ইসলাম, কাউন্সিলর ২৯ নং ওয়ার্ড, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ বলেন মহামারী ও দুর্যোগ সম্পর্কে মানুষকে সচেতন করা, কিভাবে ক্ষয়ক্ষতির হার কমানো যায় সে বিষয়ে ধারণা ও প্রশিক্ষণ দেওয়া, স্বেচ্ছাসেবক দল গঠন করা এবং প্রশিক্ষণ দেওয়া, দুর্যোগ পরবর্তী উদ্ধার অভিযান পরিচালনা করা, সুচিকিৎসার জন্য অস্থায়ী চিকিৎসা কেন্দ্র স্থাপন করা ত্রাণ সামগ्री বিতরণের পাশাপাশি ক্ষয়ক্ষতির পরিমাণ নিরূপণের মাধ্যমে ক্ষতিগ্রস্তদের মাঝে আর্থিক সহায়তা প্রদান করা ইত্যাদি নানামুখী পদক্ষেপ গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে।	স্বেচ্ছাসেবক দল গঠন করা এবং প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়	ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা সংক্রান্ত স্থায়ী কমিটি ও প্রশাসন বিভাগ, মসিক

**(০৯) বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব মোঃ কামাল খান, কাউন্সিলর ১৭ নং ওয়ার্ড, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।

স্থান : শহীদ শাহাবুদ্দিন মিলনায়তন, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।

তারিখ : ০৬-১১-২০২৩ খ্রিঃ

সময় : সকাল ১১.৩০ ঘটিকা

সভায় উপস্থিতির তালিকা : পরিশিষ্ট-‘ক’ দ্রষ্টব্য

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

ক্রঃ	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১.	বাসাবাড়ীর বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রম	বাসাবাড়ীর বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রম মূল্যায়ন করে দেখা যায় ক্রিন সিটির কিছু কিছু কর্মী নিয়োগিতভাবে ময়লা সংগ্রহ করে না। এদেরকে চিহ্নিত করে আইনের আওতায় আনার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	অভিযুক্ত পরিচ্ছন্নতাকর্মীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ	নির্বাহী ম্যাজিস্ট্রেটবৃন্দ
০২.	হোটেল বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রম	গত সভায় হোটেল বর্জ্য ব্যবস্থাপনার বিষয়ে কাজ করতে ইচ্ছুক ব্যক্তিদেরকে সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রনাধীনে কার্যক্রম পরিচালনার সুযোগ সৃষ্টি করার বিষয়ে সকলে একমত পোষন করা হয়েছিলো।	তিনটি প্রতিষ্ঠান যাচাই করে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করা হবে।	বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ ও স্থায়ী কমিটি বর্জ্য ব্যবস্থাপনা

		উক্ত সভায় পর ০৩ টি প্রতিষ্ঠান এ বিষয়ে কাজ করতে আগ্রহ প্রকাশ করেন। এরা হলো গ্রীন বাংলাদেশ, সবুজ নগর এবং গ্রীন টাচ। পরবর্তীতে তাদের প্রতিষ্ঠান যাচাই-বাছাই করে যে প্রতিষ্ঠান উপযুক্ত বলে প্রতীয়মান হবে সেই প্রতিষ্ঠানকে অনুমোদন দেয়ার সিদ্ধান্ত গ্রহীত হয়।		
০৩	ক্লিনিক্যাল বর্জ্য ব্যবস্থাপনা	ময়মনসিংহ সিটি কর্পোরেশন এলাকায় প্রায় ২৭৬ টি ক্লিনিক, হাসপাতাল ও ডায়াগনোস্টিক সেন্টার রয়েছে। এসব প্রতিষ্ঠানকে সিটি কর্পোরেশন বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ক ছাড়পত্র প্রদান করে থাকে। কিন্তু ছাড়পত্র 'ফি' পরিকল্পনা মাসিক ধার্য না থাকায় সিটি কর্পোরেশন যেমন রাজস্ব হারাচ্ছে তেমনি এসকল প্রতিষ্ঠানও ছাড়পত্র নিতে নানা প্রকার অনিয়মের আশ্রয় নিচ্ছে। এছাড়া কিছু কিছু প্রতিষ্ঠান সিটি কর্পোরেশনকে পাশ কাটিয়ে "নব ওয়েস্ট" নামক প্রতিষ্ঠানের নিকট থেকে ছাড়পত্র নিয়ে তাদের কার্যক্রম চালাচ্ছে যা সম্পূর্ণ অন্যায়। এমতাস্থায় বার্ষিক ফি বাবদ যথাক্রমে ছোট - ৬৫০০/-, মাঝারী -৮৫০০/-, বড় - ১৫০০০/- টাকা হিসেবে ছাড়পত্র ফি ধার্য করার বিষয়ে উপস্থিত সবাই একমত পোষণ করেন এবং ছাড়পত্র নেয়ার সময় হাল সনের সিটি কর পরিশোধ, ট্রেডলাইসেন্স ও সংশ্লিষ্ট কাউন্সিলরের প্রত্যয়ন সংযুক্ত করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহন করা হয়। "নব ওয়েস্ট" নামক প্রতিষ্ঠানটি ময়মনসিংহ সিটি কর্পোরেশনের সাথে নির্দিষ্ট মেয়াদের চুক্তি শেষ হওয়ায় বর্তমানে প্রিজম ফাউন্ডেশন বাংলাদেশ লিঃ এর সাথে চুক্তি হওয়ায় তাদের প্লান নির্মান কাজ প্রায় শেষের দিকে। অতিশীঘ্রই তাদের কাজ শুরু করবে বলে আশা করা যাচ্ছে।	১। ছাড়পত্র প্রদান এবং নবায়ন ফি বাবদ যথাক্রমে ছোট - ৬৫০০/-, মাঝারী -৮৫০০/-, বড় - ১৫০০০/- টাকা নির্ধারণ করার সিদ্ধান্ত হয়।  ২। ছাড়পত্র প্রদানের সময় সংশ্লিষ্ট কাউন্সিলরের প্রত্যয়ন লাগবে।	বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**(১০) সড়ক নামকরণ সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী**

সভাপতি	: জনাব মোঃ মোস্তফা কামাল, কাউন্সিলর ২২ নং ওয়ার্ড, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ
সভার স্থান	: শহীদ শাহাবুদ্দিন মিলনায়তন, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ
তারিখ	: ১৩ ডিসেম্বর ২০২৩ খ্রি.
সময়	: বেলা ১১.০০ ঘটিকা
সভায় উপস্থিতির তালিকা	: পরিশিষ্ট - 'ক' দ্রষ্টব্য

সভার শুরুতেই পবিত্র কোরআন হতে তেলাওয়াত করা হয়। অতঃপর সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

ক্রঃ	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদন	সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব মোঃ জহুরুল হক, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ময়মনসিংহ সিটি কর্পোরেশনের ও সদস্য সচিব অত্র কমিটি জানান যে, ময়মনসিংহ সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকার সড়ক সমূহের নামকরণের জন্য নাগরিকগণের নিকট হতে মোট ৬৫টি আবেদন পাওয়া গিয়াছে। আবেদনসমূহ যাচাই বাছাইঅন্তে সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকার সড়ক সমূহের নামকরণের জন্য সভায় উপস্থাপন করেন। জনাব মোঃ মাহবুব আলম হেলাল, কাউন্সিলর ১৫ নং ওয়ার্ড, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ এবং জনাব সৈয়দ শফিকুল ইসলাম মিন্টু, কাউন্সিলর ০৬ নং ওয়ার্ড ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ বলেন যে, সড়ক নামকরণ জন্য নাগরিকগণের নিকট হতে প্রাপ্ত ৬৫টি আবেদন সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলরকে নিয়ে সরেজমিনে পরিদর্শন করে সিদ্ধান্ত নেয়া যেতে পারে বলে সভায় অবহিত করেন।	নামকরণ জন্য নাগরিকগণের নিকট হতে প্রাপ্ত ৬৫টি আবেদন সরেজমিনে পরিদর্শন এর সিদ্ধান্ত গৃহীত হয়।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মসিক ও সংশ্লিষ্ট সকল।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**(১১) নিজস্ব যানবাহন মনিটরিং সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী**

সভাপতি	: জনাব মোঃ আসাদুজ্জামান, কাউন্সিলর ৩১ নং ওয়ার্ড, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ
সভার স্থান	: শহীদ শাহাবুদ্দিন মিলনায়তন, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ
তারিখ	: ২০ ডিসেম্বর ২০২৩ খ্রি.
সময়	: বেলা ১১.০০ ঘটিকা
সভায় উপস্থিতির তালিকা	: পরিশিষ্ট - 'ক' দ্রষ্টব্য

সভার শুরুতেই পবিত্র কোরআন হতে তেলাওয়াত করা হয়। অতঃপর সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

ক্রঃ	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	নিজস্ব যানবাহন নিয়ন্ত্রণ মনিটরিং বিষয়ক আলোচনা	সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব মোঃ শফি কামাল, নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক), ময়মনসিংহ সিটি কর্পোরেশনের ও সদস্য সচিব অত্র কমিটি জানান যে, ময়মনসিংহ সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রম পরিচালনা জন্য মোট ৯৭ টি গাড়ী রয়েছে। জনাব মোঃ আসিফ হোসেন (ডন), প্যানেল মেয়র-১ ও কাউন্সিলর ০৭ নং ওয়ার্ড, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ এবং জনাব মোঃ মাহবুবুর রহমান, প্যানেল মেয়র-২ ও কাউন্সিলর ০৪ নং ওয়ার্ড, মোঃ তাজুল আলম, কাউন্সিলর ১০ নং ওয়ার্ড, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ বলেন যে, বর্জ্য ব্যবস্থাপনার জন্য বর্তমানে সিটি কর্পোরেশনে যে যানবাহনগুলো রয়েছে তা চাহিদার তুলনায় অপ্রতুল্য তাই তা বৃদ্ধির জন্য মাননীয় মেয়র মহোদয়ের নিকট অনুরোধ জানান।	শহরের অটো, ব্যাটারী চালিত মোটা চাকার রিক্সা ও চিকন চাকার রিক্সাসমূহকে দুইভাবে ভাগ করে সপ্তাহে একদিন জোর সংখ্যা এবং একদিন বেজোর সংখ্যার রিক্সা/গাড়ী চলাচলের ব্যবস্থা করার সিদ্ধান্ত গৃহীত হয়। নিয়মিত মনিটরিং এর ব্যবস্থা রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট সকল প্রধান রাজস্ব কর্মকর্তা, মসিক

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

## অধ্যায় ১০ : নাগরিক সম্পৃক্তকরণ

### ১০.১ ওয়ার্ড পর্যায়ে সমন্বয় কমিটির (ডব্লিউএলসিসি) সভা

ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (ডব্লিউএলসিসি) কমিটি সভার কার্যবিবরণী।

ওয়ার্ড নং/তারিখ	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত
ওয়ার্ড-০১ ০৫/১১/২০২৩খ্রি:	১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।	সভাপতি মহোদয়ের অনুরোধক্রমে জনাব আহসানুল হক, ওয়ার্ড সচিব ও সদস্য সচিব, ডব্লিউএলসিসি ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী উপস্থাপন করেন এবং দৃষ্টিকরণের জন্য প্রস্তাব রাখেন।	পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃষ্টিকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।
	২। সড়ক বাতি নিয়ে আলোচনা।	সভাপতি আলোচনা করেন যে, ১নং ওয়ার্ড অনেক বড়। রাস্তার সংখ্যাও বেশি তাই নতুন করে সার্ভে করে সড়ক বাতি ব্যবস্থার জন্য আলোচনা হয়। সদস্য জনাব, আঃ খালেক বলেন তার বাড়ীর সামনের রাস্তার বাতি ব্যবস্থা করার জন্য অনুরোধ করেন।	সভাপতি জানান সিটি কর্পোরেশনের মাসিক সভায় ১নং ওয়ার্ডের সড়ক বাতি নিয়ে আলোচনা করেন।

ওয়ার্ড-০২ ০৬/১১/২০২৩খ্রি:	১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।	সভাপতি মহোদয়ের অনুরোধক্রমে জনাব মোঃ রাশেদুল হক রাশেদ, ওয়ার্ড সচিব ও সদস্য সচিব, ডব্লিউএলসিসি ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী উপস্থাপন করেন এবং দৃষ্টিকরণের জন্য প্রস্তাব রাখেন।	পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃষ্টিকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।
	২। ডেনেজ ব্যবস্থা নিয়ে আলোচনা।	সভাপতি ডেনেজ ব্যবস্থা নিয়ে মুক্ত আলোচনা করার অনুমতি দেন। জনাব আনিছুর রহমান নামে একজন সদস্য বলেন বর্ষা মৌসুম শুরু হবার আগেই সকল ডেন পরিষ্কার করতে হবে। তা না হলে একটু বৃষ্টি হলেই ডেনের পানিতে রাস্তা তলিয়ে যায়। জনাব শারমিন আক্তার আঁখি বলেন, আমাদের এলাকায় নিয়মিত ডেন পরিষ্কার করতে হবে। তা তদারকির ব্যবস্থা করতে হবে।	সভায় সিদ্ধান্ত হয় যে সভাপতি এই আলোচনা দ্রুত বাস্তবায়নের জন্য মাসিক সভায় উপস্থাপন করবেন।
ওয়ার্ড-০৯ ০৯/১১/২০২৩খ্রি:	১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।	সভাপতি মহোদয়ের অনুরোধক্রমে বাসুদেব দেবনাথ, ওয়ার্ড সচিব ও সদস্য সচিব, ডব্লিউএলসিসি ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী উপস্থাপন করেন এবং দৃষ্টিকরণের জন্য প্রস্তাব রাখেন।	পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃষ্টিকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।
	২। পরিষ্কার পরিচ্ছন্নতা নিয়ে আলোচনা।	সভাপতি জানান ৯নং ওয়ার্ড এখন আগের তুলনায় অনেক পরিষ্কার। প্রতিদিন নির্ধারিত সময়ে ময়লা আবর্জনা নির্দিষ্ট স্থানে ফেলা হয়। রাতের বেলা ময়লা আবর্জনা নির্দিষ্ট স্থানে না ফেলার কারনে অনেকে জরিমানার আওতায় এসেছে। আমাদের ময়মনসিংহ সিটি কর্পোরেশনের সুযোগ্য সচিব মহোদয় সিসি ক্যামেরার ভিডিও ফুটেজ দেখে চিহ্নিত করেন। যার দরুন ময়লা আবর্জনা নির্দিষ্ট স্থানে ফেলা হয়। সচিব মহোদয়কে আমার ব্যক্তিগত পক্ষ থেকে ধন্যবাদ জানাই। জনাব মিঠু সাহা বলেন, আমাদের ওয়ার্ড আগের তুলনায় অনেক পরিষ্কার, আর ২ (দুই)টি ট্রলি হলে ভালো হয়।	সভাপতি জানান সিটি কর্পোরেশনের মাসিক সভায় ২টি রিক্সা ভেনের জন্য প্রস্তাব রাখব।
ওয়ার্ড-০৮ ১৪/১১/২০২৩খ্রি:	১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।	সভাপতি মহোদয়ের অনুরোধক্রমে জনাব মোঃ দীপ্ত রায় অর্ণব, ওয়ার্ড সচিব ও সদস্য সচিব, ডব্লিউএলসিসি ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী উপস্থাপন করেন এবং দৃষ্টিকরণের জন্য প্রস্তাব রাখেন।	পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃষ্টিকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।
	২। বর্জ্য ব্যবস্থাপনা নিয়ে আলোচনা।	সভায় সভাপতি জানান এখন রাতের বেলা ময়লা পরিষ্কার করা হয়ে থাকে। দিনে কোন অবস্থাতেই ময়লা নেওয়া যাবে না। কারন দিনের বেলায় ময়লা দুর্গন্ধ ছড়ায়, মশা-মাছির উপদ্রব বেড়ে যায়। ফলে রোগ জীবানু ছড়ায়, রাতে ময়লা নির্ধারিত স্থানে ফেলতে হবে। অন্য স্থানে ফেলে তাহলে ময়মনসিংহ সিটি কর্পোরেশনের সুযোগ্য সচিব জনাব আরিফুর রহমান স্যার সিসি ক্যামেরার ভিডিও ফুটেজ দেখে জরিমানার আওতায় নিয়ে আসেন। সভাপতি সিটি কর্পোরেশন সচিব মহোদয়কে ওয়ার্ড কমিটির সভায় ধন্যবাদ জানায়। এতে অনেকাংশে বর্জ্য ব্যবস্থাপনা সফলতা এসেছে।	ভিডিও ফুটেজ ফলোআপে রাখতে হবে।

ওয়ার্ড-০৩ ১৫/১১/২০২৩খ্রি:	১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।	সভাপতি মহোদয়ের অনুরোধক্রমে জনাব সানজানা আক্তার, ওয়ার্ড সচিব ও সদস্য সচিব, ডব্লিউএলসিসি ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী উপস্থাপন করেন এবং দৃষ্টিকরণের জন্য প্রস্তাব রাখেন।	পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃষ্টিকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।
	২। মাদক সমস্যা নিয়ে আলোচনা।	সভাপতি মাদক সমস্যা নিয়ে মুক্ত আলোচনা করার অনুমতি দেন। জনাব শামীম আহমেদ নামে একজন সদস্য বলেন বর্তমানে যুব সমাজ ধ্বংসের অন্যতম কারণ হলো মাদক। মাদকের কারনে অনেক পরিবার আজ বিপদ গ্রস্ত। জনাব উৎপল সরকার, সদস্য বলেন, মাদক থেকে সবাইকে দূরে রাখতে এবং ধর্মীয় অনুশাসন মেনে চলতে হবে। সভাপতি বলেন, প্রতিটি অভিভাবকের একান্ত দায়িত্ব ও কর্তব্য তাদের ছেলে-মেয়েদের প্রতি নজর দেওয়া।	সভার সিদ্ধান্ত হয় যে সভাপতি এই সভাপতি এই আলোচনা দ্রুত বাস্তবায়নে কর্তৃপক্ষকে জানাবেন।
ওয়ার্ড-০৪ ১৬/১১/২০২৩খ্রি:	১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।	সভাপতি মহোদয়ের অনুরোধক্রমে জনাব হাসানুজ্জামান, ওয়ার্ড সচিব ও সদস্য সচিব, ডব্লিউএলসিসি ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী উপস্থাপন করেন এবং দৃষ্টিকরণের জন্য প্রস্তাব রাখেন।	পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃষ্টিকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।
	২। বর্জ্য অপসারণ নিয়ে আলোচনা।	সভাপতি বর্জ্য অপসারণ নিয়ে আলোচনা করার জন্য অনুমতি দেন, জনাব মিজানুর রহমান বলেন, লোকজন যেখানে সেখানে বর্জ্য ফেলে পরিবেশের অনেক দূষণ করে ফেলেছে। জনাব তাহমিনা আক্তার বলেন, রাতের বেলায় একটি নির্দিষ্ট স্থানে ময়লা ফেলে এই সমস্যা সমাধান সম্ভব।	সভায় সিদ্ধান্ত হয় যে সভাপতি এই আলোচনা দ্রুত বাস্তবায়নে জন্য মাসিক সভায় উপস্থাপন করা হবে।
ওয়ার্ড-১১ ২০/১১/২০২৩খ্রি:	১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।	সভাপতি মহোদয়ের অনুরোধক্রমে জনাব মহিউদ্দিন, ওয়ার্ড সচিব ও সদস্য সচিব, ডব্লিউএলসিসি ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী উপস্থাপন করেন এবং দৃষ্টিকরণের জন্য প্রস্তাব রাখেন।	পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃষ্টিকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।
	২। মাদক ও বাল্য বিবাহ নিয়ে আলোচনা।	সভাপতি সকল সদস্যদের উন্মোক্ত আলোচনা করতে বলেন, জনাব মোঃ দুলাল মিয়া বলেন, সমাজে মাদক একটি মারাত্মক সমস্যা। এটা সমাধান করতে হলে কাউন্সিলরের একার পক্ষে সম্ভব না। আমাদের প্রত্যেক অভিভাবককে সচেতন হতে হবে, আমার ছেলে-মেয়েরা কার সাথে চলাফেরা করে, কখন কোথায় যায়, তাদের আচরণ কেমন সবকিছু লক্ষ রাখতে হবে। সচেতন পিতা-মাতারাই তাদের সন্তানকে ভালো রাখতে পারে। আরেকটা কথা বলি, বাল্য বিবাহ আমাদের সমাজ থেকে পুরোপুরি বিলিন হয়নি এখনো। আমরা নতুন সিটি কর্পোরেশনে অন্তর্ভুক্ত হয়েছি তাই অনেক আইন কানুন আমরা এখন জানবো, আমরা চাই বাল্য বিবাহ যাতে নির্মূল হয় তার জন্য সচেতনতা তৈরি করা।	সভাপতি সাহেব সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত ইনচার্জ সাহেবকে নিয়ে সচেতনতামূলক সভা করা হবে।

ওয়ার্ড-২৯ ২৬/১১/২০২৩খ্রি:	১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।	সভাপতি মহোদয়ের অনুরোধক্রমে জনাব মোঃ ইয়াসিন বিদ্যুৎ, ওয়ার্ড সচিব ও সদস্য সচিব, ডব্লিউএলসিসি ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী উপস্থাপন করেন এবং দৃষ্টিকরণের জন্য প্রস্তাব রাখেন।	পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃষ্টিকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।
	২। বর্জ্য ব্যবস্থাপনা নিয়ে আলোচনা।	সভায় সভাপতি জানান এখন রাতের বেলা ময়লা পরিষ্কার করা হয়ে থাকে। দিনে কোন অবস্থাতেই ময়লা নেওয়া যাবে না। কারন দিনের বেলায় ময়লা দুর্গন্ধ ছড়ায়, মশা-মাছির উপদ্রব বেড়ে যায়। ফলে রোগ জীবানু ছড়ায়, রাতে ময়লা নির্ধারিত স্থানে ফেলতে হবে। অন্য স্থানে ফেলে তাহলে ময়মনসিংহ সিটি কর্পোরেশনের সুযোগ্য সচিব জনাব আরিফুর রহমান স্যার সিসি ক্যামেরার ভিডিও ফুটেজ দেখে জরিমানার আওতায় নিয়ে আনেন। সভাপতি সিটি কর্পোরেশন সচিব মহোদয়কে ওয়ার্ড কমিটির সভায় ধন্যবাদ জানায়। এতে অনেকাংশে বর্জ্য ব্যবস্থাপনা সফলতা এসেছে।	ভিডিও ফুটেজ ফলোআপে রাখতে হবে।
ওয়ার্ড-০৫ ২৮/১১/২০২৩খ্রি:	১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।	সভাপতি মহোদয়ের অনুরোধক্রমে জনাব মোঃ রাব্বানী, ওয়ার্ড সচিব ও সদস্য সচিব, ডব্লিউএলসিসি ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী উপস্থাপন করেন এবং দৃষ্টিকরণের জন্য প্রস্তাব রাখেন।	পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃষ্টিকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।
	২। রাস্তা ও ড্রেন নিয়ে আলোচনা।	সভাপতি জানান ০৫ নং ওয়ার্ড মেইন রাস্তা ও ড্রেন আছে তবে এলাকার ছোট ছোট গলিতে রাস্তা ও ড্রেনের প্রয়োজন। রাস্তা ও ড্রেন হলে আমার ওয়ার্ডে জলাবদ্ধতা হবে না প্রকল্প হতে রাস্তা ও ড্রেন নির্মাণের জন্য প্রস্তাব দেওয়া যেতে পারে।	সিটি কর্পোরেশন মাসিক সভায় রাস্তা ও ড্রেন নির্মাণের জন্য জোর দাবি জানান।
ওয়ার্ড-০৬ ০৫/১২/২০২৩খ্রি:	১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।	সভাপতি মহোদয়ের অনুরোধক্রমে জনাব রেহেনা আক্তার রিতু, ওয়ার্ড সচিব ও সদস্য সচিব, ডব্লিউএলসিসি ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী উপস্থাপন করেন এবং দৃষ্টিকরণের জন্য প্রস্তাব রাখেন।	পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃষ্টিকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।
	২। সড়ক বাতি নিয়ে আলোচনা।	সভাপতি আলোচনা করেন যে, ৬নং ওয়ার্ড অনেক বড়। রাস্তার সংখ্যাও বেশি তাই নতুন করে সার্ভে করে সড়ক বাতি ব্যবস্থার জন্য আলোচনা হয়। সদস্য জনাব, সৈয়দ সুমন আহমেদ বলেন তার বাড়ীর সামনের রাস্তার বাতি ব্যবস্থা করার জন্য অনুরোধ করেন।	সভাপতি জানান সিটি কর্পোরেশনের মাসিক সভায় ৬নং ওয়ার্ডের সড়ক বাতি নিয়ে আলোচনা করেন।
ওয়ার্ড-৩০ ০৫/১২/২০২৩খ্রি:	১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।	সভাপতি মহোদয়ের অনুরোধক্রমে জনাব মোঃ কাউসার আলম, ওয়ার্ড সচিব ও সদস্য সচিব, ডব্লিউএলসিসি ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী উপস্থাপন করেন এবং দৃষ্টিকরণের জন্য প্রস্তাব রাখেন।	পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃষ্টিকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।



	২। খাল খনন নিয়ে আলোচনা।	সভায় সভাপতি জনাব আবুল বাশার বলেন, আমাদের আকুয়া ইউনিয়নে শহর থেকে আলাদা করেছে একটি খালের মাধ্যমে কিন্তু বর্ষা মৌসুমে অতিবৃষ্টির ফলে শহর আর আমাদের আকুয়া বর্তমানে সিটি কর্পোরেশনের অন্তর্ভুক্ত পানিতে একাকার হয়ে যেত। শহরের জলাবদ্ধতা দূরীকরণের জন্য আমাদের আকুয়া খাল খনন একান্ত জরুরী হয়ে পরেছে। এই খাল কবে পূঃখনন করা হয়েছে আমরা বলতে পারব না। আমার একটাই দাবি তথা শহরবাসীর দাবি খাল পূঃখনন করে জলাবদ্ধতা দূরীকরণে ব্যাপক ভূমিকা রাখবে। মোঃ গোলাম কিবরিয়া জানান এই খাল আমাদের কৃষি জমির উপর ব্যাপক খারাপ প্রভাব ফেলেছে। শহরের যত ময়লা-আবর্জনা সব আমার ধান ক্ষেতে এসে পরে, ব্যাপক ফসল নষ্ট হয় এলাকাবাসীর। আমরা চাই যত দ্রুত সম্ভব এই খাল খনন করে শহরবাসী এবং আমার আকুয়াবাসীকে এর কুফল থেকে পরিত্রাণ দিতে।	সভাপতি সাহেব মাসিক সভায় অতি জরুরি ভিত্তিতে খাল খনন করার জন্য দাবি উপস্থাপন করবেন
ওয়ার্ড-১৮ ০৬/১২/২০২৩খ্রি:	১। হোল্ডিং টেক্স নিয়ে আলোচনা	সদস্য আলাল উদ্দিন সাহেব বলেন, আমাদের বাসাবাড়ির টেক্স যদি নিয়মিত পরিশোধ করি তাহলে সিটি কর্পোরেশনের উন্নয়নের গতি ত্বরান্বিত হয়। সদস্য আরো জানান টেক্সের বিষয়ে আরো সচেতনতা বৃদ্ধির জন্য রেলী ও সভা করা প্রয়োজন।	সভাপতি সাহেব সকলকে নিয়মিত টেক্স পরিশোধ করার জন্য অনুরোধ জানান।
	২। মাদক নিয়ে আলোচনা	সদস্য জিল্লুর রহমান সাহেব বলেন, আমাদের ওয়ার্ড পুরাতন ওয়ার্ড হিসেবে সবদিক থেকে ভালো অবস্থানে আছে। রাস্তা ডেন সড়কবাতি সব কিছুতেই পরিপূর্ণ। কিন্তু একটা এলকায় মাদকের উৎপাত বেশী। কাউন্সিলর সাহেব নিজেও জানে। আমি চাই দ্রুত সিসি ক্যামেরা আনার প্রস্তাব করছি।	সভাপতি সাহেব মাসিক সভায় সিসি ক্যামেরা স্থাপনের জন্য জোর দাবি জানাবেন।
ওয়ার্ড-২২ ১২/১২/২০২৩খ্রি:	১। বর্জ্যব্যবস্থাপনা নিয়ে আলোচনা।	সভায় সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য মোঃ এনামুল হক বলেন, আমাদের ওয়ার্ড নতুন হওয়ায় বর্জ্যব্যবস্থাপনা একটা অব্যবস্থাপনায় আছে। মানুষও চায় একটু ভালোভাবে থাকতে। এ অবস্থায় ময়লা আবর্জনা একটা বাধা হয়ে দাড়িয়েছে। সুষ্ঠু বর্জ্যব্যবস্থাপনার জন্য ডাস্টবিনের প্রয়োজন। নির্দিষ্ট সময়ে ময়লা আবর্জনা পরিষ্কার করা জরুরী। মারজিয়া আক্তার বলেন আমাদের এলাকার ময়লা সময়মত নেওয়ার জন্য দাবি জানান।	সভাপতি সাহেব মাসিক সভায় অতি জরুরি ভিত্তিতে প্রতিদিনের ময়লা প্রতিদিন নেওয়ার উপর জোর দাবি জানাবেন।
	২। হোল্ডিং টেক্স নিয়ে আলোচনা	সদস্য খাইরুল ইসলাম সাহেব বলেন, আমাদের বাসাবাড়ির টেক্স যদি নিয়মিত পরিশোধ করি তাহলে সিটি কর্পোরেশনের উন্নয়নের গতি ত্বরান্বিত হয়। সভাপতি জানান নিয়মিত টেক্স পরিশোধ করা হলে, মেয়র মহোদয়ের নিকট থেকে উন্নয়নমূলক কাজ আদায় করতে পারবো।	সভাপতি সাহেব সকলকে নিয়মিত টেক্স পরিশোধ করার জন্য অনুরোধ জানান।
ওয়ার্ড-৩৩ ১৪/১২/২০২৩খ্রি:	১। সড়ক বাতি নিয়ে আলোচনা।	সভাপতি আলোচনা করেন যে, ৩৩নং ওয়ার্ড অনেক বড়। রাস্তার সংখ্যাও বেশি তাই নতুন করে সার্ভে করে সড়ক বাতি ব্যবস্থার জন্য আলোচনা হয়। সদস্য জনাব, নয়ন মিয়া বলেন তার বাড়ীর সামনের রাস্তার বাতি ব্যবস্থা করার জন্য অনুরোধ করেন। সদস্য সচিব জানান ওয়ার্ডের অনেক জায়গায় সড়ক বাতি নাই।	সভাপতি জানান সিটি কর্পোরেশনের মাসিক সভায় ৩৩নং ওয়ার্ডের সড়ক বাতি নিয়ে উপস্থাপন করেন।

	২। হোল্ডিং টেক্স নিয়ে আলোচনা	সদস্য দিদার হাসান খোকন সাহেব বলেন, আমাদের বাসাবাড়ির টেক্স যদি নিয়মিত পরিশোধ করি তাহলে সিটি কর্পোরেশনের উন্নয়নের গতি ত্বরান্বিত হয়। সদস্য সচিব প্রস্তাব করেন যে টেক্সের বিষয়ে প্রতি মাসে আলোচনা ও রেলী আয়োজন করা।	সভাপতি সাহেব সকলকে নিয়মিত টেক্স পরিশোধ করার জন্য অনুরোধ জানান।
ওয়ার্ড-২৮ ১৭/১২/২০২৩খ্রি:	১। ডেনেজ ব্যবস্থা নিয়ে আলোচনা।	সভাপতি ডেনেজ ব্যবস্থা নিয়ে মুক্ত আলোচনা করার অনুমতি দেন। জনাব মোঃ শফিকুল ইসলাম নামে একজন সদস্য বলেন বর্ষা মৌসুম শুরু হবার আগেই সকল ডেন পরিষ্কার করতে হবে। তা না হলে একটু বৃষ্টি হলেই ডেনের পানিতে রাস্তা তলিয়ে যায়। জনাব মোঃ আবুল হোসেন বলেন, আমাদের এলাকায় নিয়মিত ডেন পরিষ্কার করতে হবে। তা তদারকির ব্যবস্থা করতে হবে।	সভায় সিদ্ধান্ত হয় যে সভাপতি এই আলোচনা দ্রুত বাস্তবায়নের জন্য মাসিক সভায় উপস্থাপন করবেন।
	২। বর্জ্যব্যবস্থাপনা নিয়ে আলোচনা।	সভায় সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য মোঃ লৎফর রহমান মুকুল বলেন, আমাদের ওয়ার্ড নতুন হওয়ায় বর্জ্যব্যবস্থাপনা একটা অব্যবস্থাপনায় আছে। মানুষও চায় একটু ভালোভাবে থাকতে। এ অবস্থায় ময়লা আবর্জনা একটা বাধা হয়ে দাড়িয়েছে। সুষ্ঠু বর্জ্যব্যবস্থাপনার জন্য ডাস্টবিনের প্রয়োজন। নির্দিষ্ট সময়ে ময়লা আবর্জনা পরিষ্কার করা জরুরী। মারজিয়া আক্তার বলেন আমাদের এলাকার ময়লা সময়মত নেওয়ার জন্য দাবি জানান।	সভাপতি সাহেব মাসিক সভায় অতি জরুরি ভিত্তিতে প্রতিদিনের ময়লা প্রতিদিন নেওয়ার উপর জোর দাবি জানাবেন।
ওয়ার্ড-২৭ ২৭/১২/২০২৩খ্রি:	১। ডেনেজ ব্যবস্থা নিয়ে আলোচনা।	সভাপতি ডেনেজ ব্যবস্থা নিয়ে মুক্ত আলোচনা করার অনুমতি দেন। জনাব মো আব্দুল মজিদ নামে একজন সদস্য বলেন বর্ষা মৌসুম শুরু হবার আগেই সকল ডেন পরিষ্কার করতে হবে। তা না হলে একটু বৃষ্টি হলেই ডেনের পানিতে রাস্তা তলিয়ে যায়। জনাব পুনম আক্তার আঁখি বলেন, আমাদের এলাকায় নিয়মিত ডেন পরিষ্কার করতে হবে। তা তদারকির ব্যবস্থা করতে হবে।	সভায় সিদ্ধান্ত হয় যে সভাপতি এই আলোচনা দ্রুত বাস্তবায়নের জন্য মাসিক সভায় উপস্থাপন করবেন।
	২। হোল্ডিং টেক্স নিয়ে আলোচনা	সদস্য মোঃ আব্দুল মজিদ সাহেব বলেন, আমাদের বাসাবাড়ির টেক্স যদি নিয়মিত পরিশোধ করি তাহলে সিটি কর্পোরেশনের উন্নয়নের গতি ত্বরান্বিত হয়।	সভাপতি সাহেব সকলকে নিয়মিত টেক্স পরিশোধ করার জন্য অনুরোধ জানান।
ওয়ার্ড-০৬ ১৫/০১/২০২৪খ্রি:	১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।	সভাপতি মহোদয়ের অনুরোধক্রমে জনাব রেহনা আক্তার রিতু ওয়ার্ড সচিব ও সদস্য সচিব, ডব্লিউএলসিসি ময়মনসিংহ সিটি কর্পোরেশন, সবাইকে শুভেচ্ছা ও সালাম জানিয়ে সভা শুরু করেন।	সর্বসম্মতিক্রমে পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদন।
	২। বর্জ্যব্যবস্থাপনা নিয়ে আলোচনা।	সভায় সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সুমন আহমেদ বলেন, আমাদের ওয়ার্ডে সবচেয়ে বেশী জনসংখ্যা থাকায় বর্জ্যব্যবস্থাপনা একটা অব্যবস্থাপনায় আছে। এ অবস্থায় ময়লা আবর্জনা একটা বাধা হয়ে দাড়িয়েছে। সুষ্ঠু বর্জ্যব্যবস্থাপনার জন্য ডাস্টবিনের প্রয়োজন। নির্দিষ্ট সময়ে ময়লা আবর্জনা পরিষ্কার করা জরুরী। নিগার সুলতানা লাকি বলেন আমাদের এলাকার ময়লা সময়মত নেওয়ার জন্য দাবি জানান।	সভাপতি সাহেব মাসিক সভায় অতি জরুরি ভিত্তিতে প্রতিদিনের ময়লা প্রতিদিন নেওয়ার উপর জোর দাবি জানাবেন।

ওয়ার্ড-২২ ১৬/০১/২০২৪খ্রি:	১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।	সভাপতি মহোদয়ের অনুরোধক্রমে জনাব দর্শন নাথ ষোষ, ওয়ার্ড সচিব ও সদস্য সচিব, ডব্লিউএলসিসি ময়মনসিংহ সিটি কর্পোরেশন, সবাইকে শুভেচ্ছা ও সালাম জানিয়ে সভা শুরু করেন।	সর্বসম্মতিক্রমে পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদন।
	২। পরিষ্কার পরিচ্ছন্নতা নিয়ে আলোচনা।	সভায় সভাপতি জনাব মোঃ মোস্তফা কামাল বলেন, পরিষ্কার নিয়ে আমার কোন কথা নেই, পরিষ্কার নিয়ে কথা বলতে আর ভালো লাগে না। সবাইকে উন্মুক্ত করে দিলাম। যার যার অবস্থান থেকে ২২ নং ওয়ার্ড কিভাবে পরিষ্কার রাখবেন মতামত জানান। মোঃ ফরহাদ হোসেন বলেন, আমাদের ওয়ার্ডের প্রধান সড়কগুলো পরিষ্কার থাকলেও অলি-গলিতে যত্রতত্র ময়লা আবর্জনা লক্ষ্য করা যায়। যে এই ওয়ার্ড ইউনিয়নে ছিলো, সিটি কর্পোরেশনে নতুন অন্তর্ভুক্ত হয়েছে। আশা রাখি আমরা নিজেরা সচেতন থাকলে সবগুলো সড়কসহ আশপাশ এলাকা পরিষ্কার রাখা সম্ভব।	সভাপতি সাহেব মাসিক সভায় অতি জরুরি ভিত্তিতে পরিচ্ছন্নতা কর্মির সংখ্যা বৃদ্ধির করার জন্য আবেদন জানাবেন।
ওয়ার্ড-১৮ ১৭/০১/২০২৪খ্রি:	১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।	সভাপতি মহোদয়ের অনুরোধক্রমে জনাব শূভ চন্দ্র গৌড়, ওয়ার্ড সচিব ও সদস্য সচিব, ডব্লিউএলসিসি ময়মনসিংহ সিটি কর্পোরেশন, সবাইকে শুভেচ্ছা ও সালাম জানিয়ে সভা শুরু করেন।	সর্বসম্মতিক্রমে পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদন।
	২। বর্জ্যব্যবস্থাপনা নিয়ে আলোচনা।	সভায় সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য বজলুর রশিদ বলেন, আমাদের ওয়ার্ডে সবচেয়ে বেশী কলোনী থাকায় বর্জ্যব্যবস্থাপনা একটা অব্যবস্থাপনায় আছে। কলোনী বা বস্তির মানুষও চায় একটু ভালোভাবে থাকতে। এ অবস্থায় ময়লা আবর্জনা একটা বাধা হয়ে দাড়িয়েছে। সুষ্ঠু বর্জ্যব্যবস্থাপনার জন্য ডাস্টবিনের প্রয়োজন। নির্দিষ্ট সময়ে ময়লা আবর্জনা পরিষ্কার করা জরুরী। সুলতানা পারভীন বলেন আমাদের এলাকার ময়লা সময়মত নেওয়ার জন্য দাবি জানান।	সভাপতি সাহেব মাসিক সভায় অতি জরুরি ভিত্তিতে প্রতিদিনের ময়লা প্রতিদিন নেওয়ার উপর জোর দাবি জানাবেন।
ওয়ার্ড-১০ ১৮/০১/২০২৪খ্রি:	১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।	সভাপতি মহোদয়ের অনুরোধক্রমে জনাব মোঃ আব্দুল্লাহ আল মাসুদ , ওয়ার্ড সচিব ও সদস্য সচিব, ডব্লিউএলসিসি ময়মনসিংহ সিটি কর্পোরেশন, সবাইকে শুভেচ্ছা ও সালাম জানিয়ে সভা শুরু করেন।	সর্বসম্মতিক্রমে পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদন।
	২। পরিষ্কার পরিচ্ছন্নতা নিয়ে আলোচনা।	সভায় সভাপতি জনাব মোঃ মোঃ তাজুল আলম বলেন, পরিষ্কার পরিচ্ছন্নতা একটি গুরুত্বপূর্ণ বিষয়। যার যার অবস্থান থেকে ১০ নং ওয়ার্ড কিভাবে পরিষ্কার রাখবেন মতামত জানান। মোঃ দেলোয়ার হোসেন খান বলেন, আমাদের ওয়ার্ডের প্রধান সড়কগুলো পরিষ্কার থাকলেও অলি-গলিতে যত্রতত্র ময়লা আবর্জনা লক্ষ্য করা যায়। আশা রাখি আমরা নিজেরা সচেতন থাকলে সবগুলো সড়কসহ আশপাশ এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন রাখা সম্ভব।	সভাপতি সাহেব মাসিক সভায় অতি জরুরি ভিত্তিতে পরিচ্ছন্নতা কর্মির সংখ্যা বৃদ্ধির করার জন্য আবেদন জানাবেন।

ওয়ার্ড-৩৩ ২৪/০১/২০২৪খ্রি:	১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।	সভাপতি মহোদয়ের অনুরোধক্রমে জনাব মোঃ আব্দুল্লাহ আল মাসুদ , ওয়ার্ড সচিব ও সদস্য সচিব, ডব্লিউএলসিসি ময়মনসিংহ সিটি কর্পোরেশন, সবাইকে শুভেচ্ছা ও সালাম জানিয়ে সভা শুরু করেন।	সর্বসম্মতিক্রমে পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদন।
	২। ডেনেজ ব্যবস্থা নিয়ে আলোচনা।	সভাপতি ডেনেজ ব্যবস্থা নিয়ে মুক্ত আলোচনা করার অনুমতি দেন। জনাব আজিম উদ্দিন নামে একজন সদস্য বলেন বর্ষা মৌসুম শুরু হবার আগেই সকল ডেন পরিষ্কার করতে হবে। তা না হলে একটু বৃষ্টি হলেই ডেনের পানিতে রাস্তা তলিয়ে যায়। জনাব জিয়াউল হক বলেন, আমাদের এলাকায় নিয়মিত ডেন পরিষ্কার করতে হবে। তা তদারকির ব্যবস্থা করতে হবে।	সভায় সিদ্ধান্ত হয় যে সভাপতি এই আলোচনা দ্রুত বাস্তবায়নের জন্য মাসিক সভায় উপস্থাপন করবেন।

বিবিধ এ আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

#### ১০.২ সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটির (সিএলসিসি) সভা

২০২৩-২০২৪ অর্থবছরে সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটির কোন সভা অনুষ্ঠিত হয়নি।

#### ১০.৩ জনসভা / জনতার মুখোমুখি

তারিখ	আলোচ্য বিষয়	প্রধান প্রধান সিদ্ধান্ত / সুপারিশসমূহ
২০/০৯/২০২৩	১. বিগত সভার কার্যবিবরণী দৃষ্টীকরণ	সিদ্ধান্ত-১: কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃষ্টীকরণ করা হয়।
	২. ময়মনসিংহ সিটি কর্পোরেশনের ই-গভর্ন্যান্স কার্যক্রম চিহ্নিত ও বাস্তবায়ন সম্পর্কে আলোচনা।	সিদ্ধান্ত-২: ময়মনসিংহ সিটি কর্পোরেশনের সকল বিভাগ ও শাখাকে ই-গভর্ন্যান্স কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে।
	৩. সিআইএসসি সংক্রান্ত আলোচনা	সিদ্ধান্ত-৩: সিটি কর্পোরেশনের নাগরিকদের উন্নত সেবা প্রদানের লক্ষ্যে সিআইএসসি এর রিভিউ ও অপারেশন প্ল্যান আগামী সভায় উপস্থাপন পূর্বক দ্রুত পাশ করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।
	৪. এমসিসি/সিটি কর্পোরেশনের মিটিং এ মোবাইল ফ্রুদে বার্তা (এসএমএস) নিয়ে আলোচনা।	সিদ্ধান্ত-৪ : স্থানীয় গুরুত্বপূর্ণ ক্ষুদে বার্তা নাগরিক ও কর্মকর্তা কর্মচারীদের নিকট পাঠানোর সিদ্ধান্ত গৃহীত হয়।
	৫. এমসিসির দীর্ঘমেয়াদী (বার্ষিক) পরিকল্পনা প্রস্তুতকরণ বিষয়ে আলোচনা।	সিদ্ধান্ত-৫: এমসিসির জন্য ২০২৩-২০২৪ অর্থবছরে সিটি কর্পোরেশনে দীর্ঘমেয়াদী (বার্ষিক) পরিকল্পনা আগামী সভায় পেশ করতে হবে।
	৬. সাধারণ মানুষের সাথে সিটি কর্পোরেশনের সভা সংক্রান্ত আলোচনা।	সিদ্ধান্ত-৬: সভায় সাধারণ মানুষের সাথে সিটি কর্পোরেশনের সভা আয়োজনের জন্য একটি আনুমানিক বাজেট, সভার বিষয় ও তারিখ নির্ধারণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

#### ১০.৪ জনসচেতনতা বৃদ্ধি এবং প্রচারণামূলক কার্যক্রমঃ

এখানে ডেঙ্গু প্রতিরোধে প্রচারণা কার্যক্রম যেমন-মাইকিং, লিফলেট বিতরণের তথ্য দেয়া যেতে পারে। বর্জ্য ব্যবস্থাপনার জন্য জনসচেতনামূলক ক্যাম্পেইন এর তথ্য, ট্যাক্স আদায়, লাইসেন্স প্রদানের জন্য বিভিন্ন ক্যাম্পেইন পরিচালনা করা হয়।

## ১০.৫. নাগরিক মতামত এবং অভিযোগ প্রতিকারঃ

২০২৩-২০২৪ অর্থবছরের অভিযোগ প্রতিকার / আপিল নিষ্পত্তি সারসংক্ষেপ

## (১) অভিযোগ প্রতিকারের সারসংক্ষেপ

বিবেচ্য মাসের প্রাপ্ত অভিযোগের সংখ্যা			পূর্ববর্তী মাসের জের	মোট অভিযোগ	অন্য দপ্তরে থেরিত	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগ	চলমান অভিযোগ		অভিযোগ নিষ্পত্তির হার (নিষ্পত্তিকৃতX১০০/(মোট নিষ্পত্তিযোগ্য অভিযোগ)
ওয়েবসাইটের মাধ্যমে	প্রচলিত পদ্ধতিতে	স্বপ্রণোদিত ভাবে গৃহিত					নির্ধারিত সময় অতিক্রান্ত হয়নি	নির্ধারিত সময় অতিক্রান্ত হয়েছে	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
২০	৯১	-	-	১২২	-	১০৮	১২০	৩	৯৫%

## (২) আপিল নিষ্পত্তির সারসংক্ষেপ

বিবেচ্য মাসে প্রাপ্ত আপিলের সংখ্যা		পূর্ববর্তী মাসের জের	মোট আপিল	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগ	চলমান আপিলের সংখ্যা		অভিযোগ নিষ্পত্তির হার (নিষ্পত্তিকৃতX১০০/(মোট নিষ্পত্তিযোগ্য অভিযোগ)
ওয়েবসাইটের মাধ্যমে	প্রচলিত পদ্ধতিতে				নির্ধারিত সময় অতিক্রান্ত হয়নি	নির্ধারিত সময় অতিক্রান্ত হয়েছে	
১	২	৩	৪	৫	৬	৭	৮
-	২	-	২	২	১	-	১০০%

অধ্যায় ১১ : ফটোগ্যালারী .....



জাতীয় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন উদ্বোধন করেন প্রধান নির্বাহী কর্মকর্তা মোঃ ইউসুফ আলী।



ডেঙ্গু সচেতনতায় শিক্ষার্থীদের মাঝে লিফলেট বিতরণ



মশক নিধনে বিভিন্ন হটস্পটে লার্ভিসাইড প্রয়োগ।



মশক নিধন কার্যক্রমের অংশ হিসেবে এডাল্টিসাইড প্রয়োগ।





ডেঙ্গু প্রতিরোধে ময়মনসিংহ সিটি কর্পোরেশনের ক্রাশ প্রোগ্রাম।



জয়নুল আবেদিন পার্কে জনভোগান্তি লাঘবে অভিযান পরিচালনা করা হয়।



জনভোগান্তি লাঘবে অবৈধ দখল উচ্ছেদে অভিযান পরিচালনা করে ময়মনসিংহ সিটি কর্পোরেশন



ময়মনসিংহ সিটি কর্পোরেশনের উদ্যোগে ল্যাবরেটরী স্কুল প্রাঙ্গণে অভিভাবক ছাউনী।



ময়মনসিংহ সিটি কর্পোরেশনের বিভিন্ন ওয়ার্ডে চলমান  
উন্নয়ন কার্যক্রম



ডেজু প্রতিরোধে লার্ভা অনুসন্ধান এবং ড্রাম্যামান আদালত  
পরিচালনা কার্যক্রম।

(মোঃ ইউসুফ আলী)

(যুগ্মসচিব)

প্রধান নির্বাহী কর্মকর্তা

ময়মনসিংহ সিটি কর্পোরেশন

ময়মনসিংহ।

ফোনঃ ০২৯৯৬৬৬৭৪৪৬

E-mail: ceo@mcc.gov.bd